1950

926

937
P.926

প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

সম্পাদক

দিলীপকুমার বর্ম

প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

একত্রিংশ বর্ষ

—এই সংখ্যার সম্পাদনী সভা—

অধ্যাপক শ্রীসুবোধচন্দ্র সেনগুপ্ত (সভাপতি)
অধ্যাপক শ্রীজনার্দন চক্রবর্তী
অধ্যাপক শ্রীসুনীতকুমার ইন্দ্র
শ্রীদিলীপকুমার কর (সম্পাদক)
শ্রীজয়ন্তপ্রসাদ মৈত্র
শ্রীবংগেন্দু গংগোপাধ্যায়

ছবিব ব্লক ও মুদ্রণ—রিপ্রডাকসন সিন্‌ডিকেট
অন্যান্য মুদ্রণ—দি মডার্ণ আর্ট প্রেস
কাগজ সরবরাহ—ভোলানাথ পেপার হাউস লিঃ

Vol. 31

প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

মাঘ, ১৩৫৬ :: একত্রিংশ বর্ষ :: ফেব্রুয়ারি, ১৯৫০

শ্রীদিলীপকুমার কর কর্তৃক সম্পাদিত

সূচী

	পৃষ্ঠা
শুভকামনা	১
কলেজ প্রসংগ	২
ভারতের মুক্তি-সাধনায় প্রেসিডেন্সি কলেজের অবদান	৯
বাঙলা কবিতা সম্বন্ধে কয়েকটি কথা	১৫
আধুনিক বাঙলা কবিতার সম্ভাবনা	২০
রবীন্দ্রনাথের "বলাকা"	২৪
সাম্প্রতিক ইংরেজি কবিতা	২৯
দু'দিন [গল্প]	৩১
প্রকৃতির নির্বাসন	৩৬
সামান্য একটু মরিচ্ [গল্প]	৪১
আধুনিক ভারতীয় দর্শন ও কৃষ্ণচন্দ্র	৪৪
আড্ডাধারী সুকুমার	৫০
ইন্‌ট্রোভার্ট [কবিতা]	৫৭
যুগজয়ী [কবিতা]	৫৯
গ্রন্থ সমালোচনা	৬১
আমাদের কথা	৬৪
সম্পাদকীয়	৭৪

THE EDITOR'S GREETINGS	1
THE LIBERAL IDEAL	2
COSMIC RAYS	7
SIR JEHANGIR COYAJEE	11
BENOY SARKAR AS AN EXPONENT OF YOUNG INDIA	14
OIL AND THE MIDDLE EAST	24
"THE WASTE LAND"	28
CULTURAL FELLOWSHIP-BRAJABULI	29
ECONOMICS—OLD AND NEW	32
ASOKA AND THE DOWNFALL OF MAURYYA EMPIRE	39
IN SUPPORT OF THE UNITED NATIONS	45
THE METAPHYSICAL SCHOOL OF ENGLISH POETRY	49
A WEEK OF HISTORICAL CONFERENCES AT DELHI	52
ADDRESS	57
ENGLISH SEMINAR	58
BOOK REVIEWS	59

চিত্র-সূচী

"ওরা কাজ করে·····", "····· প্রতিদিন মোর দেহলিতে·····", অধ্যাপক নৃপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ছাত্রাবস্থায় শ্রীযুক্ত রাজেন্দ্রপ্রসাদ, "···উত্তর-জোড়া তুষার চূড়ায়·····", "সমাধি-মন্দির এক ঠাঁই রহে চিরস্থির·····"।

College Union Council (1948-49)
Social Service League (1948-49)
They met the British Debating Team
Presidency College Athletic Committee (1948-49)
Presidency College Hockey Team—1949
Sir Jehangir Coyajee
Professor Benoy Kumar Sarkar
Farewell Gathering

বিজ্ঞাপন

প্রতি সংখ্যার জন্য চাঁদার হার :—

ভারতের মধ্যে (ডাকমাশুল নিয়ে)	২৷৷০ টাকা
প্রেসিডেন্সি কলেজের ছাত্রছাত্রীদের জন্য—	১৷৷০ ,,
ভারতের বাইরে	৪ শিলিং

প্রেসিডেন্সি কলেজের বর্তমান ও প্রাক্তন ছাত্র, অধ্যাপক বা কলেজ-সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের কাছ থেকে রচনা আহ্বান করা হচ্ছে সাদরে। সাধারণের কৌতূহলোদ্দীপক হৃদয়গ্রাহী রচনাবলী এবং এই কলেজ ও বিদ্যালয় সম্পর্কিত পত্রাদি এই পত্রিকায় প্রকাশিত হবে। উপযুক্ত ডাক-টিকিট-যুক্ত শিরোনামা-লিখিত লেপাফা সংগে না পাঠালে অমনোনীত রচনা ফেরৎ দেওয়া হয় না।

রচনা কাগজের একপিঠে লিখে "সম্পাদক, প্রে. ক প"এর নামে পাঠাতে হবে। রচনা সংগে লেখকের পুরো নাম ও ঠিকানা পাঠাতে হবে।

পত্রিকা-সংক্রান্ত অন্যান্য বিষয়ে প্রকাশনা বিভাগের সম্পাদকের সংগে পত্রালাপ চলবে।

ওরা কাজ করে
দেশে দেশান্তরে
অঙ্গ বঙ্গ কলিঙ্গের সমুদ্র-নদীর ঘাটে ঘাটে
(রবীন্দ্রনাথ)

অংকনকাল :—দেড় মিনিট
স্থান :—সমুদ্রতীর গোপালপুর

শিল্পী —শ্রীনন্দলাল বসু

(শ্রীত্রিদিবকুমার কবির সৌজন্যে)

"·····প্রতিদিন মোর দেহলিতে
আঁকিয়াছে আলিপনা। প্রতিসন্ধ্যা বরণডালিতে
গন্ধ-তৈলে জ্বালায়েছি দীপ।·····"

(রবীন্দ্রনাথ)

শিল্পী—শ্রীঅশোক কৃষ্ণ দত্ত
ষষ্ঠ বর্ষ, আর্টস।

প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

মাঘ, ১৩৫৬ ঃঃ একত্রিংশ বর্ষ ঃঃ ফেব্রুয়ারি, ১৯৫০

শুভকামনা

অধ্যক্ষ শ্রীজ্যোতির্ময় ঘোষ

এই পত্রিকার একত্রিংশ বর্ষ পূর্ণ হইল। যে ঐতিহ্য, যে সাধনা ও যে আদর্শবাদ এই পত্রিকাখানিকে এতদিন সমুজ্জ্বল করিয়া রাখিয়াছে, তাহা চিরদিন অক্ষুন্ন রহুক।

এই প্রাচীন প্রতিষ্ঠানের অধ্যাপক ও ছাত্রবৃন্দ যুগযুগ ধরিয়া যে জ্ঞান ও মনীষার বর্তিকা জ্বালিয়া বাংলাদেশ, ভারতবর্ষ ও সমগ্র বিশ্ব আলোকিত করিয়াছেন, তাহার মহিমা ও মর্যাদা আমরা যেন কখনো বিস্মৃত না হই।

সমাজে, রাষ্ট্রে ও জগতে বিভিন্ন চিন্তার ধারা, বিভিন্ন আদর্শবাদের সংঘাত, বিভিন্ন কর্ম্মপ্রবাহ যতই আলোড়ন বহিয়া আনুক, বহুবৈচিত্রময়, বহু কল্পনাময় তারুণ্যের চাঞ্চল্য যতই প্রবল হউক, জ্ঞান ও বিজ্ঞানের সাধনায় রত অধ্যাপক ও ছাত্রবৃন্দের সমগ্র শক্তি সর্ব্বদা ও সর্বতোভাবে একাগ্র ও একনিষ্ঠ রহিবে, ইহাই আমাদের একান্ত কামনা।

স্বল্প অপেক্ষা ভূমাকে, কল্পনা অপেক্ষা বাস্তবকে, ক্ষনিক অপেক্ষা চিরন্তনকে, মোহ অপেক্ষা সত্যকে, কৌতুক অপেক্ষা জীবনকে যেন আমরা চিরদিন গ্রহণীয় ও বরণীয় মনে করি।

কলেজ প্রসংগ

(রচনা ও নির্বাচন : সম্পাদক, প্রে. ক. প.)

কলেজ পত্রিকা

সরকারী দপ্তরে প্রেসিডেন্সি কলেজ পত্রিকার নাম আছে ত্রৈমাসিক হিসাবে কিন্তু গত কয়েক বৎসর ধরেই পত্রিকার পর পর দুটি সংখ্যার প্রকাশের মধ্যে কালগত ব্যবধান এক বৎসরে এসে দাঁড়িয়েছে। যুদ্ধকালীন সরকারী ব্যয়-সংকোচ নীতির বাধা-নিষেধ অতিক্রম করে সুদীর্ঘ পাঁচ বৎসর পর ১৯৪৮ সালের জানুয়ারী মাসে কলেজ পত্রিকা যখন নব কলেবর নিয়ে আবার আত্মপ্রকাশ করল, তখন সকলেই আশা করেছিলেন যে পত্রিকা-প্রকাশনার কাজ হয়ত ধীরে সুস্থে পূর্বের নিয়মে ফিরে আসবে। তা যে কেন সম্ভব হয়নি তার বিস্তৃত কারণ দেওয়া নিষ্প্রয়োজন। পূর্বের তুলনায় কাগজ এখন অনেক দুর্মূল্য, (এবং দুষ্প্রাপ্য) তা ছাড়া মুদ্রনও বহুগুণ ব্যয় সাপেক্ষ হয়ে উঠেছে। তাই পূর্বের উৎকর্ষ বজায় রেখে বছরে চারটি সংখ্যা প্রকাশ করা প্রচলিত আর্থিক বরাদ্দ মতে একেবারেই অসম্ভব—শুধু অসম্ভব নয়, অচিন্তনীয়। তাছাড়া, ১৯৪৬ সালের নভেম্বর মাসে আমাদের পত্রিকাকে "বিশেষ ক্ষেত্র" বিবেচনা করে সরকার থেকে যখন পুনঃপ্রকাশনার অনুমতি আসে তখন যে সমস্ত মত আমাদের মেনে নিতে হয়েছিল তার মধ্যে একটি প্রধান—পত্রিকার আয়তন একশ' চল্লিশ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে এবং ছয়'শ তিরিশ পাউণ্ডের বেশী প্রত্যেক সংখ্যায় কাগজ খরচ করা যাবে না। বর্তমানে প্রকাশনা-ব্যাপারে ছাত্র-সংসদের কর্তৃপক্ষ যে অর্থ মঞ্জুর করেন, তাতে অবশ্য এই সর্তটি মেনে না চলাটাই কঠিন। এ কথা না মেনে উপায় নেই যে পূর্বের মতো বৎসরে একাধিক সংখ্যা প্রকাশ করতে হ'লে পত্রিকা-বাবদ ছাত্র পিছু কমপক্ষে আরও দুই টাকা ধার্য হওয়া উচিত। এ প্রসঙ্গে আর একটা কথা বলবার আছে। সংসদের বিভিন্ন বিভাগের জন্য প্রদত্ত অর্থের সুবণ্টন হয়নি। 'রবীন্দ্র পরিষদ' ও 'বিরাম পীঠিকা' এই বিভাগ দু'টির অনুষ্ঠান-প্রাচুর্য এবং ব্যয় বাহুল্যের জন্য অর্থের প্রয়োজন কিছু বেশী বটে, কিন্তু মঞ্জুর অর্থের চেয়ে অনেক অল্পতেই সংযতভাবে কর্ম পরিচালনা করলে এ দুটি বিভাগের অনুষ্ঠান কর্মসূচী অনাড়ম্বর সম্পূর্ণতার সাথে সমাপন করা যায়—নাট্য বিভাগ পক্ষেও একথা প্রযোজ্য। এই বিভাগগুলিতে নিপুণতাহীন অর্থপ্রদানে যে অর্থসংকোচের সৃষ্টি, তাতে প্রকাশনা বিভাগকে অত্যন্ত ক্ষতি স্বীকার করতে হয়। প্রেসিডেন্সি কলেজ পত্রিকায় যে গৌরবময় ঐতিহ্য পাঠক-সমাজে আমাদের যশ এবং খ্যাতির অধিকারী করেছে সেই ঐতিহ্যকে অনির্বান এবং অব্যাহত রাখতে হলে উপযুক্ত আর্থিক বরাদ্দের ব্যবস্থা হওয়া দরকার।

প্রতিষ্ঠাতৃ-সপ্তাহ (১৯৪৯ ও ১৯৫০)

১৯৪৯ সালের প্রতিষ্ঠাতৃ-সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষ্যে ছাত্র-সংসদের সাধারণ বিভাগ এবং সান্ধ্য সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করে। কলিকাতার কয়েকজন বিশিষ্ট গায়ক এই অনুষ্ঠানে

অংশ গ্রহণ করেন। সভাপতিত্বের কাজ পরিচালনা করেন আমাদের কলেজের প্রাক্তন ছাত্র ও কলিকাতা হাইকোর্টের বিচারপতি শ্রীপ্রশান্তবিহারী মুখোপাধ্যায়।

প্রতিষ্ঠাতৃ-সপ্তাহে দুইটি 'প্রদর্শনী' খেলা হয়। প্রাক্তন এবং বর্তমান ছেলেদের মধ্যে ক্রিকেট খেলাটি বেশ চিত্তাকর্ষক হয়েছিল। বিশেষ করে উপভোগ করা গিয়েছিল ছাত্রদের সঙ্গে অধ্যাপকদের একটা 'প্রদর্শনী' টেনিস খেলা। খেলায় অধ্যাপকদের পক্ষ থেকে অংশগ্রহণ করেছিলেন জনাব আবদুল ওয়াহেব মহ্‌মুদ এবং শ্রীভূপেশ মুখোপাধ্যায়, ছাত্রদের পক্ষ থেকে শ্রীঅসিত মুখোপাধ্যায় এবং শ্রীনলিনী মজুমদার। সিংগল্‌স প্রতিযোগিতায় অধ্যাপক মহ্‌মুদ শ্রীনলিনী মজুমদারের কাছে পরাজয় স্বীকার করেন।

এবছর ১২ই জানুয়ারী থেকে আরম্ভ করে ২০শে জানুয়ারী পর্য্যন্ত কলেজের ১৩৩-৩ম প্রতিষ্ঠাতৃ সপ্তাহ উদযাপিত হয়। ১৩ই জানুয়ারী স্যার জ্ঞানচন্দ্র ঘোষ ছাত্র ও অধ্যাপকদের মিলিত সভায় একটি মনোজ্ঞ বক্তৃতা প্রদান করেন। ১৪ই প্রাক্তন এবং বর্তমান ছাত্রদের মধ্যে একটি ক্রিকেট খেলা হয়। কলেজের ছাত্র-ছাত্রীদের 'ইন্দিরা'য় একটি সবাক্ চিত্র দেখান'র ব্যবস্থা করা হয় ১৪ই সকালে। ১৯শে বিজ্ঞান এবং কলা বিভাগ নিজেদের প্রদর্শনীয় আয়োজন করে। ২০শে তারিখে কলেজের ফিজিক্স থিয়েটারে সম্বাৎসরিক সভায় সভাপতির আসন গ্রহণ করেন আমাদের কলেজের প্রাক্তন ছাত্র শ্রীঅতুলচন্দ্র গুপ্ত। অধ্যাপক জনার্দন চক্রবর্তী অন্যবারের মতো এবারেও একটী সুলিখিত কলেজ 'প্রাসঙ্গিকী' পাঠ করে শোনান। বক্তাদের মধ্যে ছিলেন শ্রীচারুচন্দ্র ভট্টাচার্য, শ্রীসত্যেন্দ্রনাথ বসু ও শ্রীবিনয়েন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। এই উপলক্ষে সভাপতি মহাশয় স্বর্গত নৃপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের প্রতিকৃতি উন্মোচন করেন।

বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা (১৯৪৯ ও ১৯৫০)

১৯৪৯ সালের বাৎসরিক ক্রীড়াপ্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ১৭ই জানুয়ারী তারিখে। কলেজের ভূতপূর্ব্ব অধ্যক্ষ শ্রীযুক্ত ভূপতিমোহন সেন সভাপতির আসন গ্রহণ করেন এবং পুরস্কার বিতরন করেন শ্রীযুক্তা সেন। চতুর্থ বার্ষিক শ্রেণীর ছাত্র শ্রীবিনয় সিং সে বছর ব্যক্তিগত 'চ্যাম্পিয়ানশিপ' লাভ করবার গৌরব অর্জন করেন। প্রতিযোগিতা অন্তে শ্রীনরেন বসাক এবং শ্রীবিনয় সিংকে যথাক্রমে ক্রিকেট এবং হকি "ব্লু" দেওয়া হয়। গত ১২ই জানুয়ারী এ বছরের ক্রীড়াপ্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন কলিকাতা হাইকোর্টের বিচারপতি শ্রীকুলদাচরণ দাসগুপ্ত এবং পুরস্কার বিতরন করেন শ্রীযুক্তা জে, ঘোষ। এবার ব্যক্তিগত চ্যাম্পিয়ানশিপ লাভ করবার সম্মান অর্জন করেছেন চতুর্থ বার্ষিক শ্রেণীর ছাত্র শ্রীসন্তোষ কর্মকার। এবার প্রতিযোগীরা অন্যবারের মতো উৎকর্ষের পরিচয় দিতে পারে নি।

কলেজে রিপাব্‌লিক দিবস উদযাপন

গত ২৬শে জানুয়ারী সকালে "রিপাবলিক দিবস" উপলক্ষ্যে ছাত্র এবং অধ্যাপকগণ কলেজের আর্টস-বাড়ির ছাতে সমবেত হ'ন। প্রার্থনা এবং জাতীয়-সঙ্গীত-এর পর

অধ্যক্ষ শ্রীজ্যোতির্ময় ঘোষ জাতীয় পতাকা উত্তোলন করেন। সন্ধ্যায় আলোক-মালায় কলেজ-প্রাঙ্গণ সুশোভিত করা হয়।

ছাত্র-সংবাদ

ছাত্র-ছাত্রীর মোট সংখ্যা এবার আমাদের কলা বিভাগে ৩২৪, বিজ্ঞান বিভাগে ৮৫৪, একুনে ১১৭৮। বিভিন্ন স্নাতকোত্তর শ্রেণীগুলিতে আমাদের ছাত্র-ছাত্রীর মোট সংখ্যা ৭৩।

পঠন-পাঠনার মন নির্ধারিত হয় একালে পরীক্ষার ফল দিয়ে। 'ফলেন পরিচীয়তে' মান-দণ্ড ধরে বিচার করলে দেখা যাবে আমাদের ছাত্ররা প্রতি বৎসরের মতো এবারেও বিশেষ কৃতিত্ব দেখিয়েছেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষায়। মধ্য পরীক্ষায় বিজ্ঞানে ও কলা শাখার শীর্ষস্থানের অনেকগুলিই আমাদের পরীক্ষার্থীরা অধিকার করেন। বিজ্ঞানের মধ্য পরীক্ষায় প্রথম স্থান এবং প্রথম দশটির মধ্যে আরও তিনটি স্থান আমাদের ছাত্রদের দখলে এসেছিল। উপাধি পরীক্ষায় আমাদের ছাত্ররা অর্থনীতি, ইতিহাস, বাংলা ও উর্দু বিষয়গুলিতে প্রথম শ্রেণীতে প্রথম হয়েছেন। এ ছাড়া রসায়ন-শাস্ত্র, শারীর বিজ্ঞান ও রাশি বিজ্ঞান বিষয়গুলিতে আমাদের পরীক্ষার্থীদের মধ্যে কয়েকজন প্রথম শ্রেণীর সম্মান পেয়েছেন। ১৮৪৯ সালের এম্. এ. এবং এম্ এসসি. পরীক্ষায় অনেকগুলি বিষয়েই আমাদের কলেজের ছাত্ররা প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছিলেন। আমাদের পরীক্ষোত্তীর্ণদের শতকরা সংখ্যানুপাত অন্য যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের চেয়ে বেশী।

আমাদের অভাব-অভিযোগ

প্রতি বৎসরই কলেজ পত্রিকার মারফৎ এবং ছাত্র-সংসদের তরফ থেকে আমাদের ছাত্ররা কর্তৃপক্ষের কাছে তাঁদের অভাব-অভিযোগের কথা জানিয়ে আসছেন। কিন্তু এ বিষয়ে কর্তৃপক্ষের ঔদাসীন্য কিছুমাত্র ঘোচেনি। দেশজোড়া খ্যাতির অধিকারী এই মহাবিদ্যালয়ে এমন একটি ঠাঁই নেই যেখানে ছাত্ররা একসঙ্গে কোন উপলক্ষে মিলিত হতে পারেন। তা ছাড়া যে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-সংখ্যা হাজারের বেশী, সেখানে আমাদের বর্তমান স্বল্প-পরিসর বিরাম-পীঠিকার অনুপযোগিতা কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছে বলে মনে হয় না। আর্টস লাইব্রেরী হলে গল্পরত ছাত্রদের সংখ্যাধিক্যের কারণ অনুসন্ধান করলে দেখা যাবে যে তাঁর মূলে আছে বিরাম-পীঠিকায় স্থানাভাব। বিরাম-পীঠিকায় পত্রিকার এবং সাময়িকীর অপ্রচুর পরিবেশন হয়ত তার আর একটি কারণ। যে কোন আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানে বিরাম-পীঠিকার সংলগ্ন একটা ছোটখাটো লাইব্রেরীর ব্যবস্থা থাকা দরকার। কর্তৃপক্ষকে এই কথা বুঝিয়ে দেবার দায়িত্বভার প্রেসিডেন্সি কলেজের ভবিষ্যৎ ছাত্র-ছাত্রীদের ওপর রইল।

এম. এ. ও এম. এসসি. ক্লাসের ছাত্রদের এই কলেজ মারফৎ পড়বার জন্যে যথাক্রমে পাঁচ টাকা এবং ছয় টাকা বেশী দিতে হয়। সরকারী নিয়মে বৃত্তি নিয়ে যাঁরা পরীক্ষায় উত্তীর্ণ হন, তাঁদের (কি মধ্য কি উপাধি শ্রেণীতে) কলেজে মাইনে দিতে হয় না। প্রেসিডেন্সি কলেজের স্নাতকদের বেলায় এই নিয়ম না খাটবার যৌক্তিকতা নিয়ে প্রশ্ন

করবার অবকাশ আছে। তা ছাড়াও, বেশী মাইনের পরিবর্তে যখন কলেজে বিশেষ শিক্ষা দেবার কোন ব্যবস্থা নেই (যে ব্যবস্থা আগে ছিল) তখন অতিরিক্ত কয়েকটি টাকা যা মাইনে হিসেবে নেওয়া হচ্ছে তা কি জবরদস্তিরই সামিল নয়? আমাদের বক্তব্য এই: হয় আরও কয়েকজন অধ্যাপক নিযুক্ত করে বিশেষ শিক্ষাদানের ব্যবস্থা করা হোক, নইলে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের যে মাইনে দিতে হয় এখানে তার চাইতে মাত্র দু-এক টাকা বেশী নিয়ে কলেজের আনর্স উপাধিধারীদের অন্ততঃ কলেজের সংগে সংশ্লিষ্ট ছাত্র হিসাবে পড়বার সুযোগ দেওয়া হোক।

আমাদের লাইব্রেরী দেশের সব-সেরা লাইব্রেরীগুলির মধ্যে একটি। কিন্তু লাইব্রেরীর বর্তমান অবস্থা প্রতিষ্ঠানের গৌরব বর্ধন অথবা সংরক্ষনের পক্ষে মোটেই অনুকূল নয়। লাইব্রেরীর বই বাড়ানর সঙ্গে সঙ্গে আসবাব বাড়ানর ব্যবস্থা যে দরকার এ সম্বন্ধে কর্তৃপক্ষ যথেষ্টভাবে সচেতন নন। পৃথিবীর জ্ঞানভাণ্ডার ক্রমশঃ বেড়েই চলেছে, কিন্তু লাইব্রেরীর বরাদ্দ বাড়ান'র কোন বন্দোবস্ত না থাকায় বহু বিভাগে বহু বিষয়ে অত্যাবশ্যক বইপত্র কেনা হচ্ছে না। ফলে অধুনা অপরিহার্য্য কায়িক উপবাসের সঙ্গে সারস্বত কর্মীর মানসিক উপবাসও অপরিহার্য্য হয়ে উঠেছে। সকালে ও সন্ধ্যায় এবং ছুটির দিনে লাইব্রেরী ব্যবহারের কোন সুযোগ না থাকাটা যে কোন আদর্শ শিক্ষামন্দিরের পক্ষে একটা লজ্জার কথা। কিছু কর্মচারী নিয়োগ করলেই কিন্তু এ অসুবিধা ঘুচে যেতে পারে। যে সমস্ত জিনিষগুলির ওপর জাতির ভবিষ্যৎ নির্ভর করছে, সরকারী ব্যয় সংকোচের ক্ষেত্র যে সেগুলি নয় এ সত্য কর্তৃপক্ষ কবে বুঝবেন!

কলেজের পঠন-পাঠনের ঘরগুলির আসবাবপত্র যে অবস্থায় এসে পৌঁছেছে আধুনিক বিজ্ঞান সম্মত যুগে তা একেবারেই অচল। পূর্ববর্তী এক সম্পাদক হেলান দিয়ে বসবার উপযুক্ত ডেস্কের প্রচলন করবার আবেদন জানিয়েছিলেন। অন্ততপক্ষে যে ঘরগুলিতে "সাধারণ ক্লাস" (কক্ষ নম্বর ১, ৩, ২২) হয় সেগুলিকে 'আদর্শঘর' হিসাবে এই নতুন প্রথার প্রবর্তন করা আশু দরকার।

ছাত্র-সংসদ-সংক্রান্ত কাজকর্মের জন্যে একটি ঘরের প্রয়োজন অনুভূত হচ্ছে পদে পদে। তা ছাড়া কলেজ পত্রিকার কাজ-কর্ম এত বেশী যে এর জন্যে আর্টস লাইব্রেরী সংলগ্ন একটা কুঠুরী পেলে সুশৃঙ্খল ও সুনিয়মিত ভাবে কাজ হতে পারে।

"প্রেসিডেন্সি কলেজ রেজিষ্টার" আমাদের একটা গৌরবের জিনিষ। ১৯২৭ সালের পর এর আর দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হয় নি। কলেজের গ্রন্থাগারিক ও কয়েকজন প্রবীণ অধ্যাপক যাতে চেষ্টা করে বর্তমানোপযোগী করে তুলতে পারেন তার জন্যে আবেদন জানাচ্ছি।

অধ্যাপকমণ্ডলীতে পরিবর্তন

সম্প্রতি পাঁচজন অধ্যাপক অবসর গ্রহণ করেছেন—ইংরাজী সাহিত্যের প্রধান অধ্যাপক শ্রীসোমনাথ মৈত্র, গণিত বিভাগের অধ্যাপক শ্রীভূপেন্দ্রনাথ দাস এবং শ্রীখগেন্দ্রনাথ

চক্রবর্তী, দর্শন বিভাগের অধ্যাপক প্রধান শ্রীচারুশশী চট্টোপাধ্যায় এবং উদ্ভিদ বিজ্ঞানের অধ্যাপক শ্রীগিরিজাপ্রসন্ন মজুমদার। অধ্যাপক মৈত্রের অকৃত্রিম সাহিত্যানুরাগ পরিমার্জিত রুচি এবং সর্বোপরি তাঁর বৈদগ্ধ্যমণ্ডিত সামাজিক গুণাবলী তাঁর সহকর্মী এবং ছাত্রবন্ধুদের অন্তরে চিরজাগরূক হয়ে থাকবে। গণিতশাস্ত্রের অধ্যপনায় অধ্যাপক দাসের মতো কৃতকার্য্যতা অর্জন করেছেন এমন লোক খুব বেশী নেই। অধ্যাপক চক্রবর্তীর অধ্যাপনা-নৈপুণ্য সর্বজনবিদিত। বহু বৎসর ধরে তিনি এই প্রতিষ্ঠানের গণিত, জ্যোর্তি-বিজ্ঞান এবং রাশিবিজ্ঞান বিভাগের সংগে প্রত্যক্ষভাবে এবং অপরিহার্য্যভাবে সংশ্লিষ্ট ছিলেন। ছাত্রদের সঙ্গে তাঁর সস্নেহ এবং সহৃদয় ব্যবহার ভুলবার নয়। প্রতিষ্ঠার সংগে অধ্যাপনা করে ছাত্র ও অধ্যাপকদের শ্রদ্ধাপ্রীতি অর্জন করেছিলেন দর্শন বিভাগের অবসর প্রাপ্ত অধ্যাপক চট্টোপাধ্যায়। অধ্যাপক মজুমদার নিষ্ঠাবান অধ্যাপক এবং ইডেন ছাত্রাবাসের তত্ত্বা-বধায়করূপে দীর্ঘকাল ধরে এই প্রতিষ্ঠানের সেবা করেছেন। এঁদের স্থান সহজে পূরণ হবার নয়।

ইংরাজী বিভাগেয় প্রধান অধ্যাপকের পদ অলংকৃত করেছেন শ্রীতারকনাথ সেন। তরুণ অধ্যাপক শ্রীদিলীপকুমার সেন সেণ্ট্রাল ক'লকাতা কলেজ থেকে সম্প্রতি এই প্রতিষ্ঠানের ইংরাজী বিভাগে যোগ দিয়াছেন। বাংলা বিভাগের অধ্যাপকমণ্ডলীতে কোন পরিবর্তন হয়নি। দর্শন বিভাগের অধ্যাপক-প্রধান শ্রীচারুশশী মুখোপাধ্যায় অবসর গ্রহণ করায় তার স্থান পূরণ করেছেন প্রথিতযশা দার্শনিক শ্রীসরোজকুমার দাস। এই বিভাগে অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সুযোগ্য অধ্যাপক শ্রীঅক্ষয়কুমার ঘোষাল সেণ্ট্রাল কলিকাতা কলেজে বদলী হয়েছেন। সেই সূত্রে অধ্যাপক শ্রীউপেন্দ্রনাথ ঘোষাল মহাশয়ের সিনয়র এডুকেশনাল সার্ভিসে পদোন্নোতি হয়েছে। অধ্যাপক উপেন্দ্রনাথ ঘোষালের স্থানে এসেছেন হুগলী কলেজের অধ্যাপক শ্রীরমেশচন্দ্র ঘোষ। অধ্যাপক শ্রীযোগীশচন্দ্র সিংহের সাময়িক অনুপস্থিতির ফলে এই বিভাগের একটি অধ্যাপক পদে কাজ করছিলেন শ্রীকল্যাণ সেন। গণিত বিভাগের অধ্যাপক-প্রধানরূপে এই কলেজেরই প্রাক্তন অধ্যাপক শ্রীবিভূতিভূষণ সেন যোগ দিয়েছেন। এই বিভাগের অন্যতম অধ্যাপক শ্রীধীরেন্দ্রনাথ সরকারের বদলীর ফলে তাঁর স্থানে এসেছেন অধ্যাপক শ্রীউপেন্দ্রকুমার সেন। সেণ্ট্রাল কলিকাতা কলেজ থেকে অধ্যাপক শ্রীদেবেন্দ্রনাথ মিত্র এই বিভাগে যোগ দিয়েছেন। ভূ-বিজ্ঞান এবং ভূগোল বিভাগের অংশতঃ-সহযোগী অধ্যাপক দত্ত ভারতীয় সরকারের কোন কার্যভার গ্রহণ করার ফলে অধ্যাপক মেহতা তাঁর কর্মভার গ্রহণ করেছেন। রাশিবিজ্ঞানের অধ্যাপনা সহায়ক শ্রীপূর্ণেন্দুমোহন রায়ের পদত্যাগের ফলে শ্রীসমরেন্দ্রনাথ রায় অস্থায়ীভাবে সেই নিযুক্ত হয়েছেন। পদার্থ-বিজ্ঞান বিভাগে এসেছেন শিবপুর এনজিনিয়ারিং কলেজ থেকে শ্রীব্রজেন্দ্র সেন। রসায়ন শাস্ত্রের অধ্যাপক-প্রধান শ্রীনির্মল সেন গবেষণার কাজে ইংলণ্ড যাত্রা করেছেন।

লাইব্রেরী

১৯৪৯ সালের ৩১শে মার্চ কলেজ লাইব্রেরীতে মোট ৬৪,৯৬৭টি বই ছিল। বিভিন্ন বিষয়ের মোট সাময়িকীর সংখ্যা ছিল ১৯,৭২০। ১লা এপ্রিল থেকে ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত

মোট ৪৬১০টি নূতন বই কেনা হইয়াছে। গ্রন্থ এবং সাময়িকীর সংখ্যা মোট প্রায় ১ লক্ষে এসে দাঁড়িয়েছে। স্থানাভাবে বইগুলির উপযুক্ত যত্ন নেওয়া হচ্ছে না।

গত বছর আর্টস লাইব্রেরীতে ১ জন সহকারী গ্রন্থগারিক এবং ২ জন (অস্থায়ী) কর্মচারী নিযুক্ত করার ফলে লাইব্রেরীর কাজে কিছুটা শৃঙ্খলা লক্ষ্য করা করা যাচ্ছে। "কার্ড ইনডেক্স" তৈরী মাত্র আরম্ভ হয়েছে; এতে ছাত্রদের একটা বিশেষ অসুবিধা দূর হবে বলে আশা করা যায়। বই-এর তালিকাগুলিকে বর্তমানোপযোগী করে ছাপিয়ে ফেলা দরকার এ সম্বন্ধে কর্তৃপক্ষ কিছুটা সচেতন হয়েছেন, কিন্তু কাজ মোটেই এগুচ্ছে না

প্রাক্তন-ছাত্র-সংবাদ

সম্প্রতি যাঁরা উচ্চ সম্মানের অধিকারী হয়েছেন তাঁদের অনেকেই আমাদের কলেজের প্রাক্তন ছাত্র। প্রথমেই নাম করতে হয় রাষ্ট্রপতি শ্রীরাজেন্দ্রপ্রসাদের। আমাদের কলেজের কৃতি ছাত্রদের মধ্যে যাঁরা জাতীয় জীবনে প্রতিষ্ঠা লাভ করেছেন শ্রীরাজেন্দ্রপ্রসাদ তাঁদের অন্যতম সন্দেহ নেই। ভারতের জাতীয় আয় কমিশনের সভাপতি শ্রীপ্রশান্তচন্দ্র মহলানবিশ আমাদের কলেজেরই প্রাক্তন ছাত্র, অধ্যাপক এবং অধ্যক্ষ। ভারতীয় বিজ্ঞান-কংগ্রেসের গত অধিবেশনে তিনি সাধারণ সভাপতি ছিলেন। ১৯৪৮ সালের ডিসেম্বর মাসে হায়দারাবাদে ভারতীয় অর্থনীতিবিদদের যে অধিবেশন হয়, তাতে সভাপতিত্বের কাজ পরিচালনা করেন আমাদের কলেজের প্রাক্তন ছাত্র এবং বর্তমান অধ্যাপক শ্রীযোগীশচন্দ্র সিংহ। তাঁর অভিভাষণটি একাধারে তথ্যসমৃদ্ধ ইঙ্গিতপূর্ণ ও সময়োপযোগী হয়েছিল। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নূতন ভাইস্‌চ্যান্‌সেলর শ্রীচারুচন্দ্র বিশ্বাস আমাদের কলেজের একজন কৃতী ছাত্র। গত সেপ্টেম্বর মাসে এফ. এ. ও-র কোন বিশেষ কাজে পৃথিবীর পাঁচজন বিশেষজ্ঞ ওয়াশিংটনে সম্মিলিত হন—তাঁদের মধ্যে ছিলেন আমাদের কলেজের প্রাক্তন ছাত্র অধ্যাপক দ্বারকানাথ ঘোষ। অধ্যাপক ঘোষ সম্প্রতি ইউনাইটেড নেশনস্-এ অর্থনীতি বিভাগের সহকারী-ডিরেক্টর পদে নিযুক্ত হয়েছেন। সম্প্রতি কলিকাতা হাইকোর্টে যাঁরা বিচারপতির আসন অধিকার করেছেন তাঁদের মধ্যে শ্রীরমাপ্রসাদ মুখোপাধ্যায় শ্রীব্রজকান্ত গুহ, শ্রীকুলদাচরণ দাসগুপ্ত, শ্রীহিমাংশু বসু আমাদের কলেজের প্রাক্তন ছাত্র।

বিয়োগ-পঞ্জী

বিগত একটি বৎসরে আমাদের চিরবিচ্ছেদ ঘটেছে এই প্রতিষ্ঠানের ছয়জন প্রাক্তন অধ্যাপক প্রবরের সঙ্গে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব্ব দর্শনশাস্ত্রের প্রধান অধ্যাপক কৃষ্ণচন্দ্র ভট্টাচার্য্য মহাশয় পরিণত বয়সে দেহরক্ষা করেছেন। আমাদের কলেজেরই ছাত্র ও শিক্ষক হিসাবে ইঁনি স্বনামধন্য ছিলেন। হুগলী কলেজের অধ্যক্ষরূপে তিনি শিক্ষাবিভাগের কর্ম থেকে অবসর গ্রহণ করেন। বর্তমান সংখ্যায় তাঁর দার্শনিক মতামতের ওপর লেখা একটা প্রবন্ধ প্রকাশিত হল।

অধ্যাপক নৃপেন্দ্রচন্দ্র বন্দোপাধ্যায়ও ইহলোকে নেই। প্রেসিডেন্সি কলেজে ইংরেজী সাহিত্যের ইনি প্রথম ভারতীয় ডিগ্রিধারী অধ্যাপকদের মধ্যে একজন। পরে

মহাত্মা গান্ধীর আহ্বানে তিনি সরকারী চাকুরীতে ইস্তাফা দিয়ে অসহযোগ আন্দোলনে যোগদান করেন। স্থানান্তরে ভারতের মুক্তিসাধনায় তাঁর আবদানের কথা লেখা আছে। সম্প্রতি তাঁর একটা প্রতিকৃতি আর্টস লাইব্রেরী হলে টাঙ্গানো হয়েছে।

অধ্যাপক বিনয়কুমার সেন মহাশয়ও পরলোক গমন করছেন। এই কলেজের ইতিহাসের ছাত্র এবং অধ্যাপক হিসাবে ইনি বিশেষ প্রতিষ্ঠা অর্জন করেছিলেন। ঢাকা ইন্টারমিডিয়েট কলেজের অধ্যক্ষ হিসাবে তিনি সরকারী চাকুরী হতে অবসর গ্রহণ করেন।

অধ্যাপক রায়বাহাদুর জ্যোতির্ভূষণ ভাদুড়ী আর ইহলোকে নেই। ইনি এক সময়ে আমাদের কলেজের রসায়ন শাস্ত্রের প্রধান অধ্যাপক ছিলেন। আমরা তাঁর শোকাচ্ছন্ন পরিবারকে সমবেদনা জানাই।

অধ্যাপক রায়বাহাদুর হেমচন্দ্র দে মহাশয়ও দেহত্যাগ করেছেন। ছাত্র এবং অধ্যাপক হিসাবে ইনি আমাদের কলেজের সঙ্গে বহুদিন সংশ্লিষ্ট ছিলেন। রাজসাহী কলেজের অধ্যক্ষ হিসাবে ইনি অবসর গ্রহণ করেন।

পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মন্ত্রী কিরণশঙ্কর রায়ের অকাল মৃত্যুতে দেশ ও জাতি বিশেষভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। রাজনীতি ক্ষেত্রে যোগদানের পূর্ব্বে ইনি প্রেসিডেন্সি ও সংস্কৃত কলেজে ইতিহাসের অধ্যাপক ছিলেন। আমরা তাঁর আত্মার সদ্গতি কামনা করছি।

অধ্যাপক বিনয়কুমার সরকারের মৃত্যুতে ভারতবর্ষ তাঁর এক বিশ্ববিশ্রুত সন্তানকে হারিয়েছে। জ্ঞান, সাধনা এবং দেশ-সেবার ক্ষেত্রে অপূর্ব তন্ময়তার পরিচয় দিয়েছিলেন স্বদেশী যুগে এই দেশবরেণ্য শিক্ষাকর্মী। তার আংশিক আভাস পাওয়া যাবে এই সংখ্যায় প্রকাশিত একটি প্রবন্ধে। স্বাধীনতা সংগ্রামে তাঁর অবদান অন্যত্র দেওয়া হ'ল।

অধ্যক্ষ শৈলেন্দ্রনাথ ঘোষও আর ইহজগতে নেই। রাজনৈতিক কর্মী হিসাবে ইনি তদানীন্তন সরকারের সন্দেহভাজন হয়ে দীর্ঘকাল প্রবাসে নির্যাতন ভোগ করে স্বদেশে ফিরে এসে বরিশাল ব্রজমোহন কলেজ ও ঢাকা জগন্নাথ কলেজের অধ্যক্ষের পদ অলংকৃত করেছিলেন। ইনি প্রেসিডেন্সি কলেজের একজন কৃতি ছাত্র।

সুকুমার চট্টোপাধ্যায় মহাশয়ও লোকান্তর হয়েছেন; ইনি আমাদের কলেজের একজন প্রাক্তন ছাত্র। ডেপুটি ম্যাজিষ্ট্রেট হিসাবে তিনি সরকারী কাজ থেকে অবসর গ্রহণ করে' রবীন্দ্রনাথ প্রতিষ্ঠিত শ্রীনিকেতনের সঙ্গে বহুদিন সংশ্লিষ্ট ছিলেন। সহপাঠী অধ্যাপক ৺বিনয় সরকারের লেখা তাঁরই সম্বন্ধে একটা রচনা এই সংখ্যার স্থানান্তরে প্রকাশিত হচ্ছে।

স্যার ব্রজেন্দ্রলাল মিত্রের মৃত্যুতে ভারতবর্ষ একজন খ্যাতনামা আইনজ্ঞকে হারিয়েছে। বিদেশী এবং স্বদেশী শাসন-ব্যবস্থায় তাঁর ওপর অনেক গুরু দায়িত্বপূর্ণ কর্মভার ন্যস্ত ছিল। ১৯৪৭ সালে ইনি অস্থায়ীভাবে কিছুদিন পশ্চিম বাংলার প্রদেশপাল হিসাবে অধিষ্ঠিত ছিলেন। মৃত্যুর কয়েকমাস আগে তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয় তদন্ত কমিটির সভাপতি নিযুক্ত হন। তাঁর আকস্মিক বিয়োগে আমাদের ক্ষতি সহজেই অনুমেয়। প্রেসিডেন্সি কলেজের তিনি একজন প্রাক্তন ছাত্র। তাঁর শোকসন্তপ্ত পরিবারকে আমরা সমবেদনা জানাচ্ছি।

শরৎচন্দ্র বসুর অকাল বিয়োগে ভারতের রাজনীতি-ক্ষেত্রে একটা বিশেষ এবং অপূরণীয় অভাবের সৃষ্টি হ'ল। ভারতীয় মুক্তি-সংগ্রামের পুরোভাগে থেকে বিদেশী শাসকশ্রেণীর বিরুদ্ধে প্রত্যক্ষ আন্দোলন চালিয়ে গেছেন যাঁরা শরৎচন্দ্র তাঁদের একজন সন্দেহ নেই। তাঁর স্বাধীন দৃষ্টিভংগী, অপরিমিত আত্মপ্রত্যয় এবং দেশের জন্য তাঁর অপূর্ব স্বার্থত্যাগ ভবিষ্যৎ জননায়কদের যথেষ্ট অনুপ্রেরণা জোগাবে। তিনি 'প্রেসিডেন্সি কলেজের একজন প্রাক্তন ছাত্র—সে হিসাবে আমরা গৌরবান্বিত। সমগ্র জাতির সঙ্গে এক হয়ে আমরা তাঁর পুণ্যস্মৃতির উদ্দেশ্যে শ্রদ্ধাঞ্জলী নিবেদন করছি।

ভারতের মুক্তিসাধনায় প্রেসিডেন্সি কলেজের অবদান

— তৃতীয় পর্যায় —

[রচনা ও নির্বাচন : সম্পাদক, প্রে. ক. প.']

দাসত্বের পংকে নিমজ্জিত জাতির মধ্যে মাঝে মাঝে এক একটি লোক ঠিক পংকজের মতোই প্রস্ফুটিত হয়ে ওঠেন। এঁরাই জাতির গৌরবোজ্জ্বল ভবিষ্যতের ইঙ্গিত দিয়ে যান। এঁরাই সাহসে, বীর্যে, মনুষ্যত্বে, ত্যাগে, দেশপ্রেমে প্রাণহীন পারিপার্শ্বিককে ছাড়িয়ে উঠে মাথা উঁচু করে দাঁড়ান এবং গোটা জাতকে মেরুদণ্ড সোজা করে দাঁড়াবার মন্ত্র শিখিয়ে যান, এঁরাই প্রাণ-প্রাচুর্য্যের স্পর্শ দিয়ে মরা জাতকে সঞ্জীবিত করে তোলেন। এঁদেরই সাধনায়, এঁদেরই আত্মবলিদানে দেশমাতৃকার পায়ের শৃংখল খান্‌খান্ হয়ে ভেঙে পড়ে।

প্রেসিডেন্সি কলেজের প্রাক্তন ছাত্র ও শিক্ষক যাঁরা জাতীয় মুক্তিযজ্ঞের হোম-হুতাশনে আত্মাহুতি দিয়েছেন, তাঁদের রাজনৈতিক জীবনের সংক্ষিপ্ত পরিচয় এবং প্রতিকৃতি ধারাবাহিকভাবে প্রকাশ করবার কাজে আমরা ব্রতী হ'য়েছি। এই মহতী কর্মপ্রচেষ্টার এটি তৃতীয় পর্যায়। যাঁরা প্রতিকৃতি ও তথ্যাদি দিয়ে আমাদের কাজে সহায়তা করেছেন তাঁদের জানাচ্ছি আমাদের আন্তরিক কৃতজ্ঞতা।

সকলের অকুণ্ঠ সহযোগিতার ওপর নির্ভর করেই আমরা এই কাজে অগ্রসর হয়েছি। পাঠকদের কাছে তাই আমাদের একান্ত অনুরোধ প্রেসিডেন্সি কলেজের কোন প্রাক্তন ছাত্র বা শিক্ষকের রাজনৈতিক জীবনের পরিচয় যদি তাঁদের জানা থাকে, অনুগ্রহ করে তা পাঠিয়ে দিয়ে তাঁরা যেন আমাদের কর্মভার লাঘব করেন।

[পূর্বপ্রকাশিত :

প্রথম পর্যায় [প্রে. ক. প. পৌষ, ১৩৫৪ পৃঃ ২৭—৩৬]

বংকিম চন্দ্র চট্টোপাধ্যায়, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ, আচার্য প্রফুল্লচন্দ্র রায়, বিপ্লবী বীর শ্রীযুক্ত উল্লাসকর দত্ত, শ্রীরাজেন্দ্রপ্রসাদ, শ্রীশরৎচন্দ্র বসু, সুভাষচন্দ্র বসু, সহীদ সন্তোষ কুমার মিত্র এবং শ্রীপ্রফুল্লচন্দ্র ঘোষ।

দ্বিতীয় পর্যায় [প্রে. ক. প. পৌষ, ১৩৫৫, পৃঃ ৩৬—৪২]

রমেশচন্দ্র দত্ত, আনন্দমোহন বসু, রাসবিহারী ঘোষ, রামানন্দ চট্টোপাধ্যায়, সত্যানন্দ বসু, শ্রীসতীশচন্দ্র দাশগুপ্ত।]

দ্বিজেন্দ্রলাল রায়

জন্ম—১২৭০ সালের [১৮৬৩ খৃঃ অঃ] ৪ঠা শ্রাবণ, মৃত্যু—১৯১৩ খৃঃ অঃ।

দ্বিজেন্দ্রলাল কৃষ্ণনগরের মহারাজের দেওয়ান কার্ত্তিকেয়চন্দ্রের কনিষ্ঠ পুত্র ১৮৮৪ খৃষ্টাব্দে প্রেসিডেন্সি কলেজ থেকে এম. এ পাশ করে কৃষিবিদ্যা শিক্ষার জন্যে ষ্টেটস্কলারশিপ নিয়ে তিনি বিলাত যাত্রা করেন। সেখানে সিসেষ্টার কৃষি-বিদ্যালয়ে অধ্যয়ন শেষ করে তিনি দেশে ফিরে আসেন এবং ডেপুটি ম্যাজিষ্ট্রেট হন। নানাপ্রকার গুরুতর রাজকার্য্যে নিযুক্ত থেকেও দ্বিজেন্দ্রলাল অক্লান্তভাবে বঙ্গ-সাহিত্যের মধ্য দিয়ে দেশমাতৃকার পূজা করে গেছেন।

ভারতবর্ষকে দেশমাতৃকারূপে দেখবার মন্ত্রপাঠ করেছিলেন সর্ব্বপ্রথম ঋষি বঙ্কিমচন্দ্র। দ্বিজেন্দ্রলাল বঙ্কিমচন্দ্রের এই মন্ত্র অনুসরণ করেছিলেন তাঁর জাতীয় সংগীতে। তাই জাতীয় সংগীত-রচয়িতা হিসেবে তিনি ভারত-পূজারীদের কাছে চিরস্মরণীয় হ'য়ে থাকবেন। তাঁর কাছে "বঙ্গ আমার" শুধু "জননী আমার" ছিলনা, ছিল "দেবী আমার সাধনা আমার"। এ গানটির শেষে তিনি লিখেছিলেন প্রথমে "আমরা ঘুচাব মা তোর কালিমা হৃদয়-রক্ত করিয়া শেষ"। কিন্তু লোকেন্দ্র পালিত প্রমুখ বন্ধুদের অনুরোধে তাঁকে "হৃদয়-রক্ত শেষ"কে বদলে লিখতে হয় "মানুষ আমরা নহি তো মেষ।" বিপ্লববাদীদের বীর্য্যের কথা বলতে তাঁর চোখ জ্বলে উঠত, লেখনী তীক্ষ্ণ হয়ে উঠত ["মহা আহ্বানে মায়ের চরণে প্রাণ বলিদানে"], কিন্তু বিপ্লবের প্রতি যে সহানুভূতি তিনি অনুভব করতেন তার মূলে ছিল তাঁর হৃদয়ের একটি অসামান্য প্রবণতা—সে ভক্তি। শরৎচন্দ্র একবার বলেছিলেন একটি বড় সত্য কথা যে, দ্বিজেন্দ্রলালের অকালমৃত্যু না হ'লে তিনি আরও কতো অনুপম জাতীয় সংগীত, ভক্তি সংগীত রচনা করিতেন। তবু কতো সংগীতেই না তাঁর এই ভক্তির সুর বেজে উঠেছে—

"ভারত আমার ভারত আমার যেখানে মানব মেলিল নেত্র
মহিমার তুমি জন্মভূমি মা, এশিয়ার তুমি তীর্থক্ষেত্র।"

কখনো তিনি গাইলেন সংস্কৃত ছন্দভঙ্গীতে—

"ধাও ধাও সমরক্ষেত্রে গাও উচ্চে রণজয় গাথা
রক্ষা করিতে পীড়িত ধর্মে শুন ঐ ডাকে ভারতমাতা

* * * *

চল সমরে দিব জীবন ডালি, জয় মা ভারত! জয় মা কালী!"

দ্বিজেন্দ্রলাল ছিলেন মনে প্রাণে পূজারী, তাই তিনি এভাবে জন্মভূমি ও কালীকে সমাসনে বসাতে পেরেছিলেন। তিনি যে দেখতে পেরেছিলেন ভারত আমাদের শুধু অন্নদাত্রী নয়, ভারত আমাদের :

'কর্ম্মজ্ঞানের তুমি মা জননী, ধর্ম্মধ্যানের তুমি মা ধাত্রী।'

তাই না তিনি গাইলেন শেষ জীবনে ভারতকে জগজ্জননী ব'লে চাক্ষুষ করে :

"ধন্য হইল ধরণী তোমার চরণ কমল করিয়া স্পর্শ
গাইল জয় মা জগন্মোহিনী! জগজ্জননী ভারতবর্ষ!"

আমাদের দেশে জাতীয় সংগীতের আদি মন্ত্রদাতা ঋষি বঙ্কিমচন্দ্র; কিন্তু বঙ্কিমচন্দ্রের মধ্যে যে ওজঃশক্তি ছিল তা দ্বিজেন্দ্রলালের মধ্যে যে ভাবে সংক্রামিত হয়েছিল সে ভাবে সংক্রামিত হয়নি আর কোন বাঙালী কবির বাংলা কাব্যে। "বন্দে মাতরমের" পরে অনেকের মতে জাতীয় সংগীত হিসাবে গণ্য হ'তে পারে কেবল দ্বিজেন্দ্রলালের "ভারত আমার" গানটি।

সাহিত্যক্ষেত্রে যে অল্প কয়েকজন অন্তর্দর্শী "আবৃতচক্ষু", উপনিষদের ভাষায় যাঁরা অমৃত সন্ধান ব্রতে আত্মোত্তীর্ণ হতে পেরেছেন, যাঁরা ইংরাজী দার্শনিক পরিভাষায় "Introvert" হয়েছেন, সেই মুষ্টিমেয় সত্যদ্রষ্টাদের মধ্যে দ্বিজেন্দ্রলাল একজন। সেই সত্যদৃষ্টির অঞ্জন প'রেই তিনি দেখতে পেয়েছিলেন যে, আমাদের জাতীয় দৈন্য রূঢ়, অকাট্য বাস্তব হ'লেও ভারতে এ দৈন্যের ছোঁওয়া লাগেনি—জনসংপৃক্ত পথের মতোই আত্মা তার নির্লিপ্ত। তাই তিনি গেয়েছিলেন প্রেমিক কবির সুরে—

"তুমি তো মা সেই তুমি তো মা সেই চির গরীয়সী ধন্যা অয়ি মা!
আমরা শুধুই হয়েছি মা হীন, হারায়েছি সব বিভব গরিমা!"

আর দেখ্‌তে পেয়েছিলেন দেশের মধ্যে অমৃত মন্দাকিনীর এক চিরন্তনী ধারা যাকে তিনি বলতে পারতেন—

"দেবী আমার সাধনা আমার, স্বর্গ আমার আমার দেশ।"

এ তো গেল জাতীয় সংগীত-স্রষ্টা হিসাবে তাঁর অবদান। তা ছাড়াও বাংলায় স্বাধীন সাংবাদিকতা ক্ষেত্রেও তার দান কম নয়। বর্তমানে বাংলার শ্রেষ্ঠ মাসিকগুলির মধ্যে অন্যতম "ভারতবর্ষ" তিনিই প্রতিষ্ঠা করে যান।

বিপ্লবী সুশীল সেন

জন্ম—১২৯৯ সাল অগ্রহায়ণ মাস, মৃত্যু—১৩২১ সাল।

শ্রীহট্ট জেলায় বানিয়াচং গ্রামের সাধারণ মধ্যবিত্ত পরিবারে সুশীলের জন্ম। ছোটবেলা থেকেই তাঁর মন রাজনীতির দিকে ঝুঁকে ছিল। বাল্যশিক্ষা শেষ ক'রে সুশীল তাঁর দাদার (শ্রীবীরেন্দ্রচন্দ্র সেন) সঙ্গে "জাতীয় শিক্ষা পরিষদে" ভর্তি হ'ন। লেখাপড়ার ফাঁকে ফাঁকে তিনি অনেক গুপ্ত সমিতির সঙ্গে সংযোগ রাখতেন। এই সূত্রে তিনি অরবিন্দ-বারীনের সঙ্গে ঘনিষ্ঠভাবে পরিচিত হবার সুযোগ পান এবং ক'লকাতা অনুশীলন সমিতির সভ্য হ'ন।

কিশোর বয়সেই সুশীল কেমন তেজস্বী ছিলেন তার পরিচয় পাই অমরা সেই সময়কার একটা বিশেষ ঘটনায়। ক'লকাতা প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেটের এজলাসে এক স্বদেশী মামলার বিচার চল্‌ছিল। "বন্দে মাতরম্" ধ্বনি করার অপরাধে বিদেশী সার্জেন্ট হুয়ে সম্মিলিত জনতার ওপর নৃশংসভাবে লাঠি আর বেত চালাচ্ছিল। এই পাশবিক অত্যাচারে স্থির থাকতে না পেরে সুশীল তাকে আক্রমণ করেন। সরকারী কাজে বাধা দেবার দায়ে সুশীলকে অভিযুক্ত করা হয় এবং সেই প্রথম রাজনৈতিক কারণে এক ১৫ বছরের বালকের ওপর বেত্রাঘাতের আদেশ হয়। তাঁকে বিবস্ত্র করে নিয়ে সেই কোর্টেই চৌদ্দ ঘা বেত মারার পর পুলিশ যখন ক্লান্ত হয়ে পড়ে, সুশীল চীৎকার করে জানিয়ে দেন—আরও এক ঘা বাকী আছে। সমস্ত দেশে এই নিয়ে একটা তীব্র মনোভাবের সৃষ্টি হয়—এমন কি সুরেন্দ্রনাথ প্রকাশ্য জনসভায় সুশীলকে অভিনন্দিত করতে অগ্রসর হয়েছিলেন। কালীপ্রসন্ন কাব্যবিশারদ সুশীলের বেত্রাঘাত উপলক্ষ্য করে গান রচনা করলেন—"বেত মেরে মা ভুলাবি—আমি কি মায়ের তেমনি ছেলে।"

এই ঘটনায় সুশীল স্বভাবতঃই খুব খ্যাতিলাভ করলেন। এই সময়েই তিনি ৺দেবব্রত বসুর সঙ্গে পরিচিত হবার সুযোগ পেলেন এবং তাঁরই মাধ্যমে যুগান্তর দলের একজন নিয়মিত সভ্য হলেন। ঠিক তার পরেই যখন ভূতপূর্ব্ব প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেট কিংসফোর্ডকে হত্যা করবার প্রস্তাব ওঠে, তখন এই কাজের জন্য যাদের নাম আলোচিত হয় তাদের মধ্যে সুশীল অন্যতম।

বিপ্লবী বারীনের বোমার কারখানা প্রকাশ হয়ে যাওয়ার পর নিছক সন্দেহের ওপর যাদের অভিযুক্ত করা হয় সুশীল তাঁদের মধ্যে একজন। বিচারে সুশীলের ৭ বৎসর দ্বীপান্তরবাসের আদেশ হয়, কিন্তু হাইকোর্টে সুশীল নির্দোষ সাব্যস্ত হন এবং মুক্তি পান।

অরবিন্দের পরামর্শে সুশীল দেশে ফিরে গিয়ে লেখাপড়ায় মনোযোগ দেন এবং গ্রামের স্কুল থেকেই বৃত্তি নিয়ে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন। রাজনৈতিক কারণে তাঁর বৃত্তি বন্ধ করে দেওয়া হয়েছিল। কলকাতায় প্রেসিডেন্সি কলেজে এসে তিনি ভর্তি হন এবং আই. এস. সি পরীক্ষায়ও বৃত্তি নিয়ে পাশ করেন। সরকার এবার আর তার বৃত্তি বন্ধ করেন নি। এই কলেজেই তিনি বি. এস. সি পড়তে থাকেন।

তবে পড়াশুনা সুশীলের কাছে ছিল একেবারেই গৌণ—মুখ্য ছিল দেশের স্বাধীনতার জন্য বিপ্লব-প্রয়াস। প্রেসিডেন্সি কলেজের হিন্দু-ছাত্রাবাসে (যতীন মুখোপাধ্যায় কথাচ্ছলে যাকে বলতেন "রেড ফোর্ট") সুশীল প্রভৃতি আরও জন কয়েক যুগান্তর দলের সভ্য যতীন মুখোপাধ্যায়ের নেতৃত্বে একটা গুপ্ত সমিতি গঠন করে, রাজনৈতিক হত্যাকাণ্ড চালাচ্ছিলেন। বর্তমানে যেখানে কর্ণওয়ালিস স্কোয়ার সেইখানে একদিন সকালে সুরেশ মুখোপাধ্যায় নামে এক পুলিসের গোয়েন্দা গুপ্তঘাতকের হাতে প্রাণ দেয়। এই খুনের ষড়যন্ত্রে সুশীল প্রত্যক্ষভাবে লিপ্ত ছিলেন।

সুশীলের সমসাময়িক এবং রাজনৈতিক ব্যাপারে তাঁর সহকর্মীদের মধ্যে অনেকেই জীবিত আছেন—তাদের মধ্যে কেউ কেউ বলেন যে কোন একটা সাংঘাতিক রকমের কাজের পরেও তাঁরা সুশীলের মনে কোন ভাবান্তর লক্ষ্য করেন নি। শোনা যায়, সেই হত্যাকাণ্ডের কিছুক্ষণ পরেই সুশীল ইডেন ছাত্রাবাসে ফিরে আসেন এবং তাঁর এক বন্ধুর ঘরে বসে দ্বিজেন্দ্রলালের রচিত কয়েকটি প্রিয় গান গাইতে থাকেন।

এই ব্যাপারের পর থেকে সুশীল যতীন মুখোপাধ্যায়ের প্রত্যক্ষ সংস্পর্শে আসেন আর তাঁর কাছ থেকে নিলেন তিনি বিপ্লবী জীবনের এক নূতন দীক্ষা—কাজের গুরুত্ব নির্বিচারে প্রয়োজন মতো দায়িত্বভার গ্রহণ করা। সহকর্মীদের মুখে থেকেই শোনা যে "যতীন দা" তাঁর ওপরেই বিশ্বাস রাখতেন বেশী এবং তাঁকে যথেষ্ট স্নেহের চোখেও দেখতেন। ১৯১৪ সালে নদীয়া জেলার কোন বিশেষ জায়গায় একটা রাজনৈতিক দস্যুতা শেষ করে সুশীল সদলবলে পুলিসের চোখ এড়িয়ে ফরিদপুর জেলার কোন এক হাটে অবস্থিতি করবার সময় পুলিসের সন্ধানী দৃষ্টি আকর্ষণ করেন। সত্যি সত্যি তিনি এবার পুলিসের হাতে ধরা পড়লেন। কিন্তু তাঁর সঙ্গীরা তাঁকে বাঁচানর জন্য পুলিসকে লক্ষ্য করে যে গুলি করেন তা গিয়ে লাগে সুশালের গায়েই এবং সেই আঘাতেই সুশীলের মৃত্যু হয়। মৃতদেহকে গঙ্গাগর্ভে সমাধিস্থ ক'রে সঙ্গীরা ফিরে আসেন। মাত্র ২২ বৎসরে সুশীলের জীবনের অবসান হয়।

বাংলার বিপ্লবী অগ্নিপ্রবাহের মধ্যে সুশীল সেন একটি উজ্জ্বল স্ফুলিঙ্গ। স্বল্প-পরিসর জীবনে বৃহৎ ঘটনা খুব কিছু নেই; কিন্তু আছে একটা মনের পরিচয়—সামান্য দু'চারটি ঘটনায় যার প্রকাশ।

অধ্যাপক নৃপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়

জন্ম—ঢাকা, বিক্রমপুরের অন্তর্গত মধ্যপাড়া গ্রামে, ১৮৮৫ সালের ১৫ই জুন; মৃত্যু—হুগলী জেলার বৈদ্যবাটীস্থ 'পল্লীমধু' ভবনে ১৯৪৯ সালের ১৮ই আগষ্ট।

১৯০০ সালে রংপুর জেলার গাইবাঁধা স্কুল থেকে বৃত্তি নিয়ে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন; এফ. এ. পাশ করেন ঢাকা কলেজ থেকে। ১৯০২ সালে প্রেসডেন্সি কলেজে ইংরেজী সাহিত্যে অনার্স নিয়ে পড়তে আসেন। ১৯০৫ সালে এই কলেজ থেকেই প্রথম শ্রেণীতে এম. এ. পরীক্ষায় উত্তীর্ণ হন। ১৯০৪-০৫ সালে ইডেন হিন্দু ছাত্রাবাসের বাসিন্দা ছিলেন। প্রেসিডেন্সি কলেজের ছাত্র হিসাবেই রাজনীতি ও সমাজ সেবায় নৃপেন্দ্রচন্দ্রের হাতে খড়ি হয়। ইডেন হোষ্টেলে কার্জ্জনের কুশপুত্তলিকা দাহ এবং বিলাতী কাপড়ের বহ্ন্যুৎসব এ সময়কার ঘটনা।



অধ্যাপক নৃপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়

আবির্ভাব :
১৮৮৫ সালের ১৫ই জুন।

তিরোভাব :
১৯৪৯ সালের ১৮ই আগষ্ট।



ছাত্রাবস্থায় শ্রীযুক্ত রাজেন্দ্রপ্রসাদ

[ছবিখানি আমাদের কলেজের ভূতপূর্ব ছাত্র এবং ইতিহাসের প্রাক্তন অধ্যাপক শ্রীযুক্ত বিনয়কুমার সেনের সৌজন্যে প্রাপ্ত। ছবিখানি ১৯০৬-৭ সালে গৃহীত। মধ্যস্থলে তৎকালীন ইংরেজি সাহিত্যের সুবিখ্যাত অধ্যাপক পার্সিভ্যাল সাহেব উপবিষ্ট। তাঁর ঠিক পিছনেই শ্রীযুক্ত রাজেন্দ্রপ্রসাদ দণ্ডায়মান। শ্রীযুক্ত বিনয়কুমার সেনকে ঐ সারির প্রথমেই (বাঁ দিক থেকে) দেখা যাচ্ছে। অন্যান্য সমপাঠীদের মধ্যে অনেকেই পরবর্তী জীবনে নানাদিকে বিখ্যাত হয়েছেন। উদাহরণস্বরূপ প্রথম সারিতে দ্বিতীয় স্থান উপবিষ্ট হাইকোর্টের জজ শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ মজুমদারের নাম উল্লেখ করা যেতে পারে।]

নৃপেন্দ্রচন্দ্রই স্কুল কলেজ বয়কটের জন্য ছাত্রসমাজের নিকট বাংলা আবেদনটির খসড়া প্রস্তুত করেন। বাংলায় তখন বঙ্গ-ভঙ্গের বিরুদ্ধে আন্দোলনের সূচনা হয়ে গিয়েছে। নৃপেন্দ্রচন্দ্রও এম. এ. পরীক্ষা দেবার সংকল্প ছেড়ে আদর্শবাদী আরও কয়েকটি যুবকের সাথে রংপুরে প্রথম জাতীয় বিদ্যালয় স্থাপন করেন। পরে অবশ্য ঐ বৎসরই স্যর গুরুদাস বন্দ্যোপাধ্যায়ের নির্দ্দেশে তিনি এম. এ. পরীক্ষা দেন।

এর অল্পকাল পরে অধ্যাপক হিসাবে প্রেসিডেন্সী কলেজের সাথে নৃপেন্দ্রচন্দ্রের যোগ স্থাপিত হয় বিহারে বাঁকিপুর কলেজ ও আসামে সিলেট কলেজে কিছুদিন কাজ করবার পর ১৯০৭ সালের এপ্রিল মাসে তিনি প্রেসিডেন্সী কলেজের ইংরেজী সাহিত্যের অধ্যাপক নিযুক্ত হন। ১৯০৭ থেকে ১৯২১-এর মার্চ্চ মাস পর্য্যন্ত নৃপেন্দ্রচন্দ্র বাংলার বিভিন্ন সরকারী কলেজে অধ্যাপনা করেন। প্রেসিডেন্সী কলেজে তিনি ছিলেন ১৯০৭-০৯ ও ১৯১৭ সালে। সরকারী শিক্ষা বিভাগে থেকেও তাঁর নির্ভীক্ ও তেজস্বী আচরণের জন্য নৃপেন্দ্রচন্দ্র লাভ করেছিলেন ছাত্র ও সহকর্ম্মীদের অকুণ্ঠ শ্রদ্ধা এবং সরকারের বিরাগ।

১৯২১ সালে নৃপেন্দ্রচন্দ্র যখন অসহযোগ আন্দোলনে ব্রতী হলেন, তখন তিনি চট্টগ্রাম কলেজে সহকারী অধ্যক্ষের পদে অধিষ্ঠিত। এই সময় থেকে আরম্ভ হল ত্যাগ ও নির্য্যাতনের জীবন। চাঁদপুরের কুলীধর্ম্মঘটের প্রাণস্বরূপ ছিলেন দেশপ্রিয় যতীন্দ্রমোহন ও অধ্যাপক নৃপেন্দ্রচন্দ্র। এই সময় থেকেই তিনি সারা বাংলায় 'মাষ্টার মশাই' নামে পরিচিত হন। ১৯২১ সালে তিনি এক বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হন। মুক্তিলাভের পর তিনি তদানীন্তন ভারতের অন্যতম শ্রেষ্ঠ জাতীয়তাবাদী দৈনিক পত্র সার্ভ্যাণ্ট (Servant)-এর সম্পাদনা করেন। ১৯২৩-এর শেষের দিকে নৃপেন্দ্রচন্দ্র রেঙ্গুণের জাতীয়তাবাদী পত্রিকা রেঙ্গুণ মেইল (Rangoon Mail)-এর সম্পাদক হন। ১৯২৫ সালে দেশবন্ধুর তিরোধানের পর নৃপেন্দ্রচন্দ্র পুনরায় বাংলার রাজনীতিক্ষেত্রে প্রবেশ করেন। এতদিন পর্য্যন্ত তিনি ছিলেন পূর্ণ গান্ধীপন্থী—নো-চেঞ্জার (No-Changer)।

১৯২৬ থেকে ১৯৩৩ সাল পর্য্যন্ত বঙ্গবাসী কলেজের অধ্যাপক পদে বৃত থাকাকালীন যুব ও ছাত্র-সমাজের উপর তাঁর অসামান্য প্রভাব পরিলক্ষিত হয়। বিপ্লবীদের সংগেও তাঁর যোগাযোগ ঘনিষ্ঠতর হয়ে ওঠে। ১৯২৮ সালের কলিকাতা কংগ্রেসে নৃপেন্দ্রচন্দ্র নিখিল ভারত স্বেচ্ছাসেবক সম্মেলনের অভ্যর্থনা সমিতির সভাপতি নির্ব্বাচিত হন। একদিকে চল্‌তে থাকে তাঁর ওপর সরকারী দমননীতি, অপর দিকে বাংলা ও আসামের বিভিন্ন ছাত্র, যুব ও রাষ্ট্রীয় সম্মেলন থেকে আস্‌তে থাকে পৌরোহিত্যের সাদর আমন্ত্রণ। আইন অমান্য আন্দোলনের সূচনার পূর্ব্বেই ১৯২৯ সালে তাঁর বিরুদ্ধে একযোগে রাজদ্রোহের দায়ে তিনটি এবং মুন্সীগঞ্জে মন্দির সত্যাগ্রহে একটি—এই মামলা দায়ের করা হয়। ফলে, তাঁর একবৎসর কারাবাস হয়। হিজলী বন্দীশালা ও চট্টগ্রামের নির্য্যাতনের কথা নির্ভীক্‌ভাবে প্রচার করবার জন্য ১৯৩৩ সালে আবার তাঁর নয়মাসের কারাদণ্ড হয়। কারাবাস অন্তে নৃপেন্দ্রচন্দ্র এক বৎসর সিটি কলেজে অধ্যাপনা করেন। এর পর থেকে তিনি ক্রমশঃ রাজনীতির আবর্ত্ত থেকে সরে আসতে থাকেন। কংগ্রেস প্রতিষ্ঠানের সংগে অবশ্য তাঁর যোগসূত্র কোন দিনই ছিন্ন হয় নি। আচার্য্য প্রফুল্লচন্দ্রের আগ্রহাতিশয্যে নৃপেন্দ্রচন্দ্র ১৯৩৯-৪০ সালে বাগেরহাট কলেজের অধ্যক্ষের পদে অধিষ্ঠিত ছিলেন। মাধ্যমিক শিক্ষা বোর্ড সম্পর্কিত বিলের বিরোধিতা করতে থাকলে নৃপেন্দ্রচন্দ্রের সাথে পরিচালক সমিতির মতবিরোধ হয়। অনমনীয় নৃপেন্দ্রচন্দ্রও পদত্যাগ করেন।

১৯৩৮ থেকে '৪২-এর আন্দোলনের প্রারম্ভ পর্য্যন্ত তিনি বৈদ্যবাটী মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ছিলেন। নৃপেন্দ্রচন্দ্র ইংরেজী ও বাংলায় কয়েকটি পুস্তক রচনা করে গিয়েছেন। Ideal of Swaraj : in Education and Government (1922) ; Gandhism in Theory & Practice (1924) ; Asianisn & other Essays ; ভারতের বাণী ও যুগবার্ত্তা ; কাব্যগ্রন্থ—কারার ফুল—[১] রক্তজবা, [২] সন্ধ্যামালতী। তাঁর ইংরেজী আত্মজীবনী At the Cross-Roads এখন যন্ত্রস্থ রয়েছে।

অধ্যাপক বিনয়কুমার সরকার

জন্ম—১৮৮৭ খৃঃ অঃ, মৃত্যু—১৯৪৯ খৃঃ অঃ ১৭ই নভেম্বর।

ঢাকা জিলার অন্তর্গত বিক্রমপুরের সানিহাটি গ্রামে বিনয়কুমারের জন্ম। কিন্তু এঁর বাল্যজীবন কাটে মালদহে। মাত্র ১৩ বৎসর বয়সে কৃতিত্বের সঙ্গে এণ্ট্রান্স পরীক্ষা পাশ করে বিনয়কুমার কলকাতা প্রেসিডেন্সি কলেজে ভর্তি হন। এখানে তাঁর অধ্যয়ন কাল ছ'বছর [১৯০০-১৯০৬] বিশ্ববিদ্যালয়ের প্রায় সকল পরীক্ষাতেই তিনি প্রথম স্থান অধিকার করেন। ১৯০৫ সালে বি, এ পরীক্ষায় ইতিহাস এবং ইংরাজীতে সর্ব্বপ্রথম হয়ে "ঈষান স্কলারশিপ" পান।

সরকার থেকে তাঁকে ডেপুটি ম্যাজিষ্ট্রেটের পদ ও ষ্টেট স্কলারশিপ দেওয়ার প্রস্তাব হয়, কিন্তু স্বাধীনচেতা বিনয়কুমার দুই প্রস্তাবই প্রত্যাখ্যান করেন। স্বদেশী যুগে প্রতিষ্ঠিত "জাতীয় শিক্ষা পরিষদে" তিনি বিনা বেতনে কাজ করতে থাকেন। এই সময়ে তিনি মালদা জিলার নানাস্থানে জাতীয় বিদ্যায়তন গ'ড়ে তুলছিলেন এবং শিক্ষা সম্বন্ধে তাঁর ধ্যান এবং ধারণাকে পাঠকসমাজে প্রচলিত করছিলেন.। এই বিষয়ে তাঁর প্রণীত গ্রন্থগুলির মধ্যে মাত্র কয়েকটির উল্লেখ করা যেতে পারে—বঙ্গে নবযুগের নূতন শিক্ষা [১৯০৭], শিক্ষা বিজ্ঞানের ভূমিকা [১৯১০], ভাষাতত্ত্ব [১৯১০], ইতিহাস-বিজ্ঞান ও মানবজাতির আশা [১৯১২], সাধনা [১৯১২]

বাংলায় তথা ভারতে বিপ্লবী রাজনীতির প্রচার এবং প্রসারে যে সমস্ত সংঘ সমিতি বিশেষভাবে সাহায্য করেছে তার মধ্যে পরলোকগত সতীশচন্দ্র মুখোপাধ্যায় প্রতিষ্ঠিত "ডন সোসাইটির" নাম আজ জাতি প্রায় বিস্মৃত হতে বসেছে। এই সোসাইটির অনেকেই পরবর্তী জীবনে শিক্ষাব্রতী হিসাবে খ্যাতিলাভ করেছেন। বিনয়কুমার যদিও ছিলেন অনেকেরই বয়ঃকনিষ্ঠ, তবুও ছিলেন তাঁদের মধ্যমণি। বঙ্গীয় সাহিত্য পরিষদের মারফৎ বিদেশী সাহিত্যের অনুবাদ প্রকাশে তাঁর কাছ থেকেই প্রথম প্রেরণা আসে। তাঁর বহু ভাষায় জ্ঞান, তাঁর অধ্যয়ন, তাঁর গবেষণা এবং সর্ব্বোপরি জাতির ভিতর বিবিধমুখী শিক্ষাপ্রচারে তাঁর বিশাল চিন্তাধারা দেখলে মানুষটির শক্তি, সামর্থ্য এবং উদ্যমের প্রাচুর্য্যে অবাক হয়ে হেতে হয়। দেশে জ্ঞান প্রচারের উদ্দেশ্যে এবং দেশবাসীর মনে স্বদেশ-প্রীতি জাগিয়ে তুলবার জন্যে কতো প্রতিষ্ঠান যে গড়ে উঠেছিল তাঁরই অক্লান্ত পরিশ্রমে তার খুব অল্প পরিচয়ই লোক রাখে। বঙ্গীয় সমাজ-বিজ্ঞান পরিষদ, বঙ্গীয় এশিয়া পরিষদ, বঙ্গীয় জার্মাণ পরিষদ, [প্রথম বিশ্বযুদ্ধের কালে ভারত-জার্মাণ ষড়যন্ত্র সম্পর্কে তাঁর দুই ভাই অধ্যাপক বিজয় সরকার ও পরলোকগত ধীরেন সরকারের নামের উল্লেখ দেখতে পাই রাউলাট রিপোর্টে], বঙ্গীয় দাঁতে সভা ইত্যাদি তাঁরই হাতে গড়া। এ সব কাজ তিনি করেছেন দেশে, অথচ তিনবারে জীবনের ১৬।১৭ বৎসর তাঁর কেটেছে বিদেশে—ইউরোপ, আমেরিকা, চীন, জাপান, কোরিয়া, মাঞ্চুরিয়া, মিশর প্রভৃতি বহু দেশের বহুস্থান তিনি বারবার পর্য্যটন করেছেন, নিয়ে গেছেন সেখানে ভারতের শিক্ষাদীক্ষা সংস্কৃতির বাণী, আর সেখান থেকে বয়ে এনেছেন তাদের শিক্ষা ও সংস্কৃতির বার্তা। সে কাহিনীর আংশিক আভাস পাওয়া যায় তার বিশাল গ্রন্থ "বর্তমান জগত"-এ। শেষ জীবনেও তিনি আমেরিকার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে এ দেশের বাণীমূর্তির রূপ প্রকাশেই নিয়োজিত ছিলেন—ওয়াতুমল প্রতিষ্ঠিত আন্তর্জাতিক শিক্ষা পরিষদের ব্যবস্থায়। তখন কিন্তু তিনি স্বাধীন দেশের নাগরিক। এমন নাগরিককে স্বাধীন রাষ্ট্রের শিক্ষাদূত হিসাবে দেশবিদেশে পর্য্যটন করতে দেখলে আমরা গর্ব্ব ও আনন্দ বোধ করতাম। কিন্তু বিদেশে হাসপাতালে শেষ জীবনে তাঁকে অর্থকষ্টও পেতে হয়েছে—ভারতবাসীর পক্ষে এ কম লজ্জা এবং দুঃখের কথা নয়। শেষ নিশ্বাস ত্যাগের সময়েও তিনি মাতৃভূমি ভারতবর্ষের উদ্দেশ্যে তাঁর প্রণাম রেখে গেছেন। [স্ত্রী ইভা সরকারের সাথে তাঁর শেষ কথা—"বন্দে মাতরম্। তোমার কি মনে নেই সেই ১৯১৪ সালে একদিন জাহাজে তোমায় গানটি শিখিয়ে দিয়েছিলুম"]

বাঙলা কবিতা সম্বন্ধে কয়েকটি কথা

শান্তিকুমার ঘোষ
(ষষ্ঠ বর্ষ আর্টস্)

বর্ত্তমানে বাঙলা কবিতা সাধারণ পাঠকের কাছে গণিত বা দর্শনশাস্ত্রের মতই ভয়াবহ হয়ে উঠেছে। বাঙলা কাব্য আজ বাঙালীর রস-জীবন থেকে বিচ্ছিন্ন। অথচ বহুকাল থেকে কাব্যই মানুষের গভীরতম রস-পিপাসা মিটিয়েছে—দৈনন্দিন জীবনের দ্বন্দ্ব কোলাহলে দিশাহারা মানুষ কাব্যের মধ্যেই বাস্তব জগতের খণ্ড অভিজ্ঞতার উপরে জগৎ ও জীবনের একটি সর্ব্বাঙ্গীণ রূপ দেখতে পেয়ে আশ্বস্ত হয়েছে। সুতরাং সাধারণ পাঠক যে আজকাল কবিতার প্রতি এত বিমুখ তার পিছনে নিশ্চয়ই কারণ আছে।

বাইরের জীবনে যেমন আর কোন রকম দিবাস্বপ্ন বা cultureএর অবকাশ নেই, আজকালকার কবিতা তেমনই তার রস-পিপাসা চরিতার্থ করতে একেবারে অক্ষম। কবিতার নামে আজকাল যে রাশি রাশি 'অতি-আধুনিক' রচনা ছাপা হয়ে থাকে তাকেই বাঙলা কবিতার আসল রূপ ধরে নিয়ে সে কবিতা সম্বন্ধে একরকম উদাসীন হয়ে গেছে। ফলে আজকাল যাঁরা কবিতা লেখেন তাঁরা নিজেরাই—কাব্যরসিক কোন সমাজভুক্ত নন—নিজেদের কবিতা উপভোগ করে থাকেন।

একটু মনোযোগের সঙ্গে আধুনিক কবিতার দিকে লক্ষ্য করলেই ধরা যায় যে, সেগুলি লেখকের অন্তরের অগম গহন হতে উৎসারিত হয় নি। কিন্তু শ্রেষ্ঠ কবিতা মাত্রেরই স্বতঃস্ফূর্ত্ত হওয়ার প্রয়োজন। এই ধরণের কবিতার বেশীর ভাগই অতিমাত্রায় কৃত্রিম, মস্তিষ্কের নানা অসম্বদ্ধ ভাবে পূর্ণ, বাছা বাছা কতকগুলি বচন বা sloganএর সমষ্টি,—ব্যক্তি-হৃদয়ের কোন গভীরতর অনুভূতি বা রূপ-সৃষ্টির কোন প্রয়াস এতে নেই ব'ললেই হয়, —আছে কেবল বিদেশী সাহিত্যের কয়েকটি আঙ্গিক বা technique-এর অনুকরণ। এই কবিতাগুলির form নতুন সন্দেহ নেই, কিন্তু তা এখনো পরীক্ষার স্তর পার হয়নি এবং এ পর্য্যন্ত তার মধ্যে এমন উৎকৃষ্ট রচনার সন্ধান পাওয়া যায় নি,—যাকে জাতির জীবনধর্ম্মের স্বতঃস্ফূর্ত্ত প্রকাশ বলে মনে করা যেতে পারে। এগুলি সম্বন্ধে আর একটি লক্ষ্য করবার বিষয় এই যে কবিতাগুলি ভয়ানক রকমের অস্পষ্ট—কতকগুলি বক্র ভগ্ন ও অসম্পূর্ণ রেখার সমষ্টি—একটি সমগ্র অভিজ্ঞতা বা প্রত্যক্ষ দর্শনের কোন উপলব্ধির পরিচয় এতে পাওয়া যায়

না। একটিমাত্র ছোট অনুভূতি বা উদ্ভট symbolকে নিয়ে খানিকটা ব্যঞ্জনা হয়তো এতে আছে কিন্তু বাকি সমস্তই পাঠকের উপর ছেড়ে দেওয়া হয়েছে। রচনার মধ্যে যে রূপসামঞ্জস্য styleএর লক্ষণ তাকে এই কবিতার লেখকরা স্বীকার করেন না, বরং অপরিচ্ছন্ন ভাষার প্রয়োগ ও ব্যাকরণ-অভিধানের বিরুদ্ধে বিদ্রোহকেই style মনে করেন। এমন কবিতা সহজগ্রাহ্য না হওয়াই স্বাভাবিক, তাই একে গ্রহণযোগ্য করবার জন্য তত্ত্ব-আলোচনার দরকার হয়েছে। এ কথা সত্য যে, আধুনিক যুগে মানুষ কঠিন বাস্তব জগতের মুখোমুখি হয়েছে, তাই কাব্যেও বাস্তব জীবনের অনেকখানি রূপ দেবার দরকার হয়ে পড়েছে। কিন্তু কবিতাকে যুগোপযোগী করতে হলে বাস্তবজগতের এই কুৎসিত পরিবেশের মাঝখান থেকেই উৎকৃষ্ট বাণী-বিগ্রহ গড়ে নিতে হবে। তার জন্য যে ছন্দ-মিল সকল রকমের কারুকার্য্য ত্যাগ করতেই হবে এমন কোন কথা ওঠে না।

খাঁটি কাব্য-রচনায় সুবলয়িত ছন্দ-সুষমার প্রয়োজন আছে। ছন্দ শব্দটির মানে—ইংরেজীতে যাকে measure বলে, বাঙলার ছন্দ ব'লতে তাই বুঝায়। গদ্যের একটা rhythm থাকতে পারে কিন্তু ঐ measure নেই। তথাকথিত গদ্য কবিতায় একটি ধ্বনিস্রোত আছে কিন্তু তা ছন্দ তো নয়ই, অধিকাংশ ক্ষেত্রে rhythm ও নয়। সুস্পষ্ট রূপসৃষ্টির জন্য ছন্দ অপরিহার্য্য,—ভাবের রূপটি যখন বাণীতে মূর্ত্তিমান হয়ে ওঠে তখন সেই বাণীরূপের নিজস্ব উপাদানরূপেই ছন্দের জন্ম হয়। আবার ছন্দোবদ্ধ রচনামাত্রই কবিতা হয়ে ওঠে না—ছন্দের সঙ্গে সঙ্গে ভাবের দীপ্তি, ভাষার জাদুমন্ত্র থাকা চাই। কিন্তু কবিতার পক্ষে ছন্দ যেমন অপরিহার্য্য মিল তেমন নয়। বাঙলা সাহিত্যে মিলহীন ছন্দে কাব্যরচনা কবি শ্রীমধুসূদনই সর্ব্বপ্রথম করেন। অমিত্রাক্ষর ছন্দে তিনি একদিকে যেমন বাঙলা কবিতাকে যতি স্থাপনের স্বাধীনতা দিলেন অন্যদিকে তেমনি পদ্যের পদবন্ধনকে স্বীকার করে বাঙলা ছন্দ সঙ্গীতের চরম উৎকর্ষ করে গেলেন। কিন্তু সেটা যে সকল রকমের বাঙলা কবিতার পক্ষে স্বাভাবিক সে বিষয়ে সন্দেহ আছে। মিল ত্যাগ করাটাই বড় নয়—ছন্দের সঙ্গীতগুণ সঙ্গে সঙ্গে বাড়া চাই। মিলহীন কবিতা বাঙালীর কানে কিছুতেই তেমন শ্রুতিমধুর হয়ে ওঠে না। মিলহীন কবিতা বাঙলা ভাষায় কেমন দুর্ব্বল ও শিথিল হয়ে পড়ে—ইংরাজীর মতো তার অক্ষরগুলি (syllables) সহজেই স্পন্দিত হয় না। যে ভাষায় accent বা স্বরবৃদ্ধির তেমন সুবিধা নেই, সংস্কৃতের মত হ্রস্ব-দীর্ঘ উচ্চারণের উপায়ও নেই, সে ভাষায় শুধু ছন্দ নয় মিলও উৎকৃষ্ট কাব্যরস সৃষ্টি করতে সাহায্য করে। ভাষার উচ্ছ্বাস-প্রবণতার জন্য বাক্য যতই ছন্দকে লঙ্ঘন করতে চায়, ততই মিল তাকে সংযত ও সুষমা-মণ্ডিত করতে পারে। একটি সাধারণ নমুনা হিসাবে নীচে কয়েকটি লাইন রচনা করে দেওয়া গেল—কেবলমাত্র তার থেকেই মিল ও ছন্দ কবিতার বাণীরূপকে সাক্ষাৎ প্রত্যক্ষ

হয়ে উঠতে কতখানি সাহায্য করে তরে আভাস পাওয়া যাবে,—কবিত্ব-বিচারের প্রয়োজন এখানে নেই—

নীল-মিনে-করা আকাশের গায়ে মেঘের বলাকা ভাসে,
ভীরু সজারুর চকিত চলার রোমাঞ্চ লাগে ঘাসে।
অর্কিড্ ফুলে উড়িছে ভ্রমর···গুণ্ গুণ্ তার ছন্দ,
ইথারী হাওয়ায় ভেসে এলো কোন্ ম্যাগ্‌নোলিয়ার গন্ধ!
বনের ওপারে শোনা যায় কোন্ অজানা গানের রেশ—
তিস্তা নদীর উপত্যকা কি উপকথিকার দেশ!

মিল-রচনা কঠিন কিছুই নয়—সত্যকার রস-প্রেরণায় লেখা কবিতায় মিল আপনিই আসে। ছন্দ ও মিলের গণ্ডি যদি আধুনিক জীবনচেতনার একটি বড়ো বাধাই হয়, তাহলে আধুনিক গদ্য তো আছে—সেই গদ্যের প্রকাশ-ক্ষমতার তো অন্ত নেই। তাহলে আর বাক্যগুলিকে শুধু শুধু: পদ্যের মতো চরণযুক্ত করে জোর করে একটি স্তম্ভের রূপ দেবার কি দরকার—গদ্যে তো এগুলি আরো সুন্দর করে ব্যক্ত করা যায়। একথা সত্য যে রবীন্দ্রনাথ বাঙলা ভাষায় পদ্যছন্দকে প্রায় নিঃশেষ করে, তাঁর শেষ বয়সে কেবলমাত্র ভঙ্গীচাতুর্য্যের লোভে বাঙলা গদ্যকে পদ্যে উন্নীত করবার চেষ্টা করেছিলেন। তাঁর সেই মিলহীন বিনিছন্দের কবিতার মাত্র কয়েকটিতে কাব্য-শ্রী বজায় আছে। তার থেকে অবশ্যই প্রমাণ হয় যে, বাঙলা ভাষায় এরকম কবিতা রচনা সম্ভব। রবীন্দ্রনাথের সেই কবিতাগুলি বাক্যচ্ছন্দ বা free rhythmএ লিখিত। কিন্তু তার মধ্যে খুব অল্প কয়েকটিতেই (যেমন "পুনশ্চ" কাব্যের 'শিশু-তীর্থ') তিনি চিন্তার আবেগ ছাড়া কাব্যরস সঞ্চার করতে পেরেছেন। যে কয়টিতে পেরেছেন সেগুলি বাইরে অনিয়মিত হলেও ভেতরে ভেতরে ভাবপরম্পরার একটি গভীরতর নিয়ম পালন করে। তার মধ্যে আবেগের এমন একটি আন্তরিক সুর আছে যে ছন্দোবন্ধন ত্যাগ করলেও কোন ক্ষতি হয় না। রবীন্দ্রনাথ একটি চিঠিতে লিখেছিলেন—

"আমি আজকাল অনেক সময়ে গদ্য ছন্দে কবিতা লিখি—আর কোন ছন্দে ঠিক এই সকল ভাব বলা আমার পক্ষে সাধ্য নয় বলেই আমার এই অধ্যবসায়। কাজটা কিছুমাত্র সহজ নয় একথা জানিয়ে রাখলুম। সহজ মনে করে যদি প্রবৃত্ত হও তবে হঠাৎ ঘাটের থেকে পড়বে পাঁকের মধ্যে।"

কাজেই এরকম কাব্যরচনা দুরূহ ও সকল রকমের বাঙলা কবিতার পক্ষে উপযুক্ত নয়। আর আজকাল যে সব সাধারণ ছন্দোবদ্ধ মিলহীন কবিতা অজস্র রচিত হয়ে থাকে সেগুলি এবং রবীন্দ্রনাথের ঐ free rhythmএর কবিতা যে এক বস্তু নয় তা বোধ করি বলাই বাহুল্য।

কাব্যের আকৃতি দুই রকমের—পদ্য ও গদ্য। পদ্যে রচিত না হয়েও কোন রচনা কাব্য হতে পারে। কবি-কল্পনার প্রকৃতি ভেদে গদ্য বা পদ্য কাব্যের বাহন হয়। বস্তুপ্রধান কাব্য গদ্যে রচিত হয়ে থাকে। আর যে কাব্যে ভাবের মাত্রা কিছু বেশী সে কাব্য পদ্যরীতিকে আশ্রয় করে। (পদ্য-কাব্য ও সঙ্গীতের মধ্যেও পার্থক্য আছে, কারণ সঙ্গীত মাত্রই শব্দের সুর রচনা—তার সঙ্গে বস্তুর কোন সাক্ষাৎ সম্পর্ক নেই।) কাব্যের আকৃতি নির্ব্বাচন কাব্যের প্রেরণার সঙ্গে সঙ্গেই হয়ে থাকে—কবিকে তার জন্য মাথা খুঁড়তে হয় না। কবিতায় মূল উপাদান ঐ যে 'ভাব'—তা আর কিছুই নয়, কবির অন্তর-ফলকে 'বস্তু' যে বিশেষ রূপ বা formএ প্রকাশিত হয় তা-ই। এই form বা গঠন-ভঙ্গিমাই কবিতা—বিশেষ করে গীতিকবিতা (Lyric)-র সব কিছু। এই জন্য গীতিকবিতার অনুবাদ হয় না—সেই অনবদ্য ভাষা সেই style আর থাকে না।

তাহলে কি lyric জাতের কবিতার রস সেই-সেই ভাষা-ভাষী অঞ্চলের মধ্যেই সীমাবদ্ধ থাকবে? কতকটা তাই। তবে বর্ত্তমান যুগে যে আন্তর্জাতিক সহযোগিতা, পরস্পর পরস্পরকে বোঝবার যে লক্ষণ দেখা যাচ্ছে,—তার থেকে আশা করা যায় যে, ভাষানির্ব্বিশেষে শিক্ষিত ব্যক্তি মাত্রই অন্য ভাষায় লেখা শ্রেষ্ঠরচনার রস আহরণ করতে উৎসাহী হবে। কিন্তু তবু আর একটা সমস্যা আছে। একজন ইংরাজী-শিক্ষিত ভারতীয় কি একজন ইংরাজের মতো ইংরাজী কবিতা হতে আনন্দ বা রস পায়? তেমনি একজন বিদেশী কি বাঙলাসাহিত্যের বৈষ্ণব কবিতার মাধুর্য্য উপভোগ করতে পারে? পারে না, কারণ যে spiritual training ঐ কবিতার রস আস্বাদানের জন্য অপরিহার্য্য তা বিদেশীর আয়ত্তের বাইরে। তবেই বোঝা যাচ্ছে যে lyric কবিতার সর্ব্বব্যাপী প্রচার ও উপলব্ধি সহজ নয়।

কাব্যসাহিত্যের সবচেয়ে দেখবার বিষয় হচ্ছে যে, কবি তাঁর রচনায় নিজের চরিত্রের বৈশিষ্ট্যের ছাপ রাখতে পেরেছেন কিনা। এই বৈশিষ্ট্য তাঁর নিজস্ব—অন্য সব কবির সঙ্গে তাঁর প্রভেদ এখানেই ধরা যাবে। দ্বিতীয় কথা এই যে, শ্রেষ্ঠ কাব্য মাত্রেরই জীবনদর্শন (আত্মদর্শন নয়) হওয়া চাই। মানবজাতির জীবনযাত্রার কাহিনী তাদের সুখ-দুঃখ আশা-নৈরাশ্য প্রীতি-প্রেমের কলরোল যেন কাব্যে অনুরণিত হয়। তাই যে কাব্যে কবির ব্যক্তি-হৃদয়ের সুখ দুঃখের উচ্ছ্বাস আছে, যাতে আত্মানুভূতিই প্রবল, সে কাব্য উৎকৃষ্ট সৃষ্টি নয় কারণ মানব সাধারণের হাসিকান্নার সুর তাতে ধ্বনিত হয়ে ওঠে নি। কাব্যসাধনা সেই কবিরই সার্থক হয়ে ওঠে যে কবি জীবনের খণ্ড ও বিক্ষিপ্তকে প্রেম, বিশ্বাস ও অভিজ্ঞতার আলোকে একটি সমগ্র ও অর্থপূর্ণ রূপ দান করতে সমর্থ হন। সে কবির কাব্যের মুকুরে জীবন ও জগতের নাট্যলীলা উদ্ঘাটিত হয়ে পড়ে—সৃষ্টি-রহস্যের একটি সুসঙ্গত ব্যাখ্যা বা অনুবাদ তার মধ্যে নিহিত থাকে।

ঐ যে চরিত্র কথাটা পাওয়া গেল, ঐটেই কাব্যবিচারের কষ্টিপাথর। আমাদের সংস্কৃত সাহিত্য যতই কল্পনাপ্রবণ ও রসসমৃদ্ধ হোক না কেন, এই দিক থেকে তার বেশীর ভাগই কৃত্রিম বা artificial, সংস্কৃত কবিরা তাঁদের কাব্যে ভাবকল্পনার চরম উৎকর্ষ দেখিয়েছেন। তাঁদের ছন্দোবদ্ধ শ্লোকে কি সূক্ষ্ম সৌন্দর্য্যানুভূতি, কি কল্পস্বর্গবিহারী মনের পরিচয়ই না মেলে! তাই সেগুলি great art, ইংরাজীতে যাকে great poetry বলে তা নয়। আমাদের রবীন্দ্রনাথও (তাঁর গানগুলি বাদ দিলে—কারণ গানের কথা যে স্বতন্ত্র তা আগেই বলা হয়েছে) এক দিক থেকে দেখলে একজন খুব উঁচুদরের রূপকার—artist par excellence। তাঁর কবিতায় যা আছে তা বুদ্ধিবৃত্তি ও কল্পনাশক্তির মল্লযুদ্ধ—চরিত্রের কোন পৃথক মূল্য তাতে নেই। শেষের দিকের একটি কবিতায় তিনি যা বলেছেন—

"আমার কবিতা, জানি আমি,
গেলেও বিচিত্র পথে হয় নাই সে সর্ব্বত্রগামী।
কৃষাণের জীবনের শরিক যে জন,
কর্ম্মে ও কথায় সত্য আত্মীয়তা করেছে অর্জ্জন,
যে আছে মাটির কাছাকাছি,
সে কবির বাণী লাগি কান পেতে আছি।"

—তাতে যে স্বীকারোক্তি রয়েছে তা খুবই সত্য।

বাঙলা সাহিত্যে রবীন্দ্রনাথ যে কাব্যজগতের প্রতিষ্ঠা করলেন তা সাধারণ মানুষের জগৎ নয়। বাস্তবজগতের ধূলোমাটির উপরে তিনি একটি পৃথক জ্যোতির্ম্ময় ভাবলোক সৃষ্টি করে নিয়েছেন। তিনি তাঁর কাব্যে তত্ত্বচিন্তাকে (abstract ideas) অপূর্ব্ব রঙে রঞ্জিত করে অনবদ্য রূপ দিয়েছেন। তাঁর আদর্শ ধর্ম্ম বা idealism মানুষের অতিজাগ্রত বাস্তব দেহদশাকে স্বীকার না করে ব্যক্তিজীবনের ঊর্দ্ধে এক বিরাট জাতি-বর্ণ-হীন বিশ্বমানবের সঙ্গে আত্মীয়তা স্থাপন করেছে। তাঁর কাব্যে অধ্যাত্ম-অনুভূতিরই প্রাধান্য রয়ে গেছে—তা যেমন ক্ষুধা ও তৃষ্ণাকে সংযত করে মানুষের সুখদুঃখ বোধকেও তেমনি অন্তর্মুখী করে তোলে। তিনি দীর্ঘ জীবন ধরে তাঁর বিচিত্র ও রাশি রাশি রচনার মধ্যে যে আদর্শ স্থাপন করে গেছেন তা যে তাঁর মতো বিরাট ও স্বতন্ত্র পুরুষের পক্ষে স্বাভাবিক তাতে সন্দেহ নেই; আর সেই আদর্শ তাঁর কাব্যে এমনই অমরী-দুর্ল্লভ রূপ ধারণ করেছে যে সাধারণের পক্ষেও তার মধ্যে বুঁদ হয়ে যাওয়ার কোন বাধা থাকে না। কিন্তু তা যে মানুষের রক্তের সমতালে চলে না,—প্রত্যক্ষ জগতের দুঃখদুর্দ্দশার সঙ্গে কোন রকম বোঝাপড়া যে তাতে নেই,—একথা অস্বীকার করা যায় না। তাই এই কাব্য স্পর্শ করে আমাদের যে-মন চিন্তা করে সেই মনকে, হৃদয়কে নয়। মনে হয় কবি যেন কোন দুর্গম শৈলশিখরের উপর থেকে রূপ রঙ ও রেখার বিন্যাসে অতি সূক্ষ্ম জাল বুনে চলেছেন—ভাষা ও ছন্দের অদ্ভুত কৌশলে অপূর্ব্ব মোহের সৃষ্টি করে যাচ্ছেন।

বাঙলা কবিতা সম্বন্ধে শেষ কথা এই যে, তার ভবিষ্যৎ সম্পর্কে অনিশ্চয়তা থাকলেও নিরাশ হবার তেমন কারণ নেই। কাব্যের সমাদরের দিন যে একেবারে চলে গেছে তা বলা যায় না। ইতিহাস থেকে বারবার দেখা গেছে যে উৎকৃষ্ট কাব্য দীর্ঘজীবী হয়, কারণ ছন্দের মধ্যেই অমরত্বের বীজ আছে। আর আজকাল বাঙলা কবিতার যে অপরিচ্ছন্ন বিকলাঙ্গ রূপ দিকে দিকে দেখা যাচ্ছে তাতেও ভয়ের কিছু নেই, যেহেতু কালের প্রবাহে তার কতটুকু চিহ্নই বা থাকবে? জাতি যখন কঠিন জীবনসঙ্কটের সম্মুখীন হয়—যখন তার সমস্ত শক্তি সেইদিকে নিয়োজিত হয়ে থাকে তখন তার মধ্যে উৎকৃষ্ট রসকল্পনার বিকাশ না হওয়াই স্বাভাবিক। সবল ও সুস্থ জীবনচেতনার সঙ্গে সঙ্গে তার চিত্তে সত্যকার কবিপ্রেরণার সঞ্চার হবে। তখনকার কাব্যে দেখা যাবে প্রত্যক্ষ জগৎ ও জীবনের বস্তুগত সত্তাকে রসরূপে আত্মসাৎ করবার একটি দ্বিধাহীন শক্তি—পাওয়া যাবে সমাজ ও সংস্কারের নাগপাশে আবদ্ধ মানুষের প্রতি গভীর সহানুভূতি। সে কাব্য যেমন একেবারে ভাবসর্ব্বস্ব হয়ে উঠবে না তেমনি পুরোপুরি বস্তুতান্ত্রিকও হবে না।*

আধুনিক বাঙলা কবিতার সম্ভাবনা

শ্রীসুভাষ রায়

(ষষ্ঠ বর্ষ আর্টস)

কাব্যরসপিপাসু বলে দাবী করেন এমন অনেক পাঠকের মনে আধুনিক বাঙলা কবিতা সম্পর্কে প্রশ্ন উঠেছে। প্রশ্ন উঠেছে আজকের বাঙলা কবিতা পাঠকের রসপিপাসা মেটাতে সক্ষম কিনা, বাঙালী মানসের উপযোগী কি না।

তাঁদের বক্তব্যের রূপ দেখে স্পষ্টই মনে হয় বাঙলা কবিতার রূপ তাঁরা শুধু মাসিক পত্রিকার মধ্যে মাঝে মাঝে খুঁজে বেড়ান, বাঙলা কবিতার ধারা বোঝার বা কবিতা অনুভব করবার মন গড়ে তোলবার প্রয়াস তাঁদের নেই। একথা বিদগ্ধ-জনমাত্রই জানেন কবিতা অনুভবের মন গড়ে তুলতে হয়, লেখকের 'গভীরতম' অনুভবের কথাও কবিতায় ধরলে সব মানুষের মনে তা নাড়া দিতে পারে না। একদিন এমন ছিল যখন জীবনের অভিজ্ঞতা ও রূপ ছিল অনেকটাই একমুখী, কথক ঠাকুর বসতেন তাঁর শ্রোতাদের মাঝে আর সেই পরিচয়-ঘন আবেষ্টনীর মধ্যে শোনাতেন কবিতা। তবু কি তাঁর কবিতা সকল মানুষের

---

* লেখকের মূল বক্তব্যের একটা বিরুদ্ধ সমালোচনা পাওয়া যাবে পরবর্তী প্রবন্ধে—সম্পাদক।

মন ছুঁয়ে যেত! আজকের সেদিনকার তুলনায় মানুষের জীবন হয়েছে বিচিত্র, অভিজ্ঞতা ধারণা সবকিছু গেছে বদলে। আজকের কবিরা কবিতা লেখেন বিচিত্ররূপে, তাঁদের কবিতা অনুভব করতে হ'লে চাই তাঁদের ধারণা, তাঁদের ভঙ্গীর সঙ্গে পরিচয়। আর সেই পরিচয় পাওয়া যায় না পাঁচমিশালী মাসিক পত্রিকায়, খুঁজতে হয় বর্দ্ধিষ্ণু ও সার্থক কবিদের কাব্যগ্রন্থে। যাঁরা রবীন্দ্রোত্তর বাঙলা সাহিত্যের সঙ্গে পরিচিত, যাঁরা প্রেমেন্দ্র মিত্র, জীবনানন্দ দাস, বুদ্ধদেব বসু, সুকান্ত ভট্টাচার্য্যের কবিতার সঙ্গে পরিচিত, তাঁরা অন্ততঃ একথাটা স্বীকার করবেন যে আজকের জীবনের অভিজ্ঞতা, তার বিচিত্রতার রূপ আছে এঁদের কবিতায়। তাঁদের সফলতা সম্পর্কে প্রশ্ন উঠতে পারে কিন্তু তাঁদের অস্বীকার করতে চাইলে বাঙলা কাব্যের ধারা ও গতিকে অস্বীকার করতে হয়।

একথা সত্য যে, কাব্যরূপের সঙ্গে জনমানসের সংযোজন ঘটেনি আজো বাঙলা কাব্যে, কবিতা আজো এক বিশেষ শ্রেণীর মধ্যে আবদ্ধ। কিন্তু এর সঠিক কারণ খুঁজতে হবে সমাজ ও কবিতার বিবর্তনের ধারায়। আধুনিক বাঙলা কবিতাকে স্বীকার করে নিতে যাঁদের বাধে তাঁরা Art for art's sake মতবাদীদের মত 'Form'-এর নিরিখে কাব্যবিচার করতে চান, 'Content'কে বুঝতে চান না। অথচ কবিতার, তথা সাহিত্যের Form-এর বিচারের কষ্টিপাথর হচ্ছে তা Content-কে ঠিক ঠিক রূপ দিতে পারছে কি-না।

আমাদের দেশে ধনতন্ত্র এক বলিষ্ঠ মধ্যবিত্তসমাজ সৃষ্টি করেছিল, সে সমাজ সামন্ততান্ত্রিক সনাতনতার বিরুদ্ধে ব্যক্তিতান্ত্রিক বিদ্রোহ ঘোষণা করেছিল। সে যুগের কাব্যে এই বিদ্রোহের রূপ ছিল, তাই সে কাব্য তখন সমাদৃতও হয়েছিল। কিন্তু ধনতন্ত্রের গতির স্বাভাবিক নিয়মানুসারে সে ব্যক্তিতান্ত্রিক আদর্শের উপর পড়লো আঘাত, মানুষের বাইরের জীবন হলো সংকুচিত। সামাজিক জীবনে প্রতিষ্ঠা পেলো না যে মানুষ, সে সমাজ থেকে পালিয়ে কাব্যের মধ্যে আশ্রয় খুঁজতে চাইলো। এ-যুগের কবিতায় তাই ফুটে উঠেছে সামাজিক-জীবন বিমুখতা, কাব্য হয়েছে আত্মকেন্দ্রিক—বুদ্ধদেব বসু ও জীবনানন্দ দাসের সেই সময়কার কবিতায় এর প্রচুর স্বাক্ষর পাওয়া যাবে।

কিন্তু বাঙলা দেশের কবি সেই আত্মকেন্দ্রিকতা ও সমাজবিমুখতায় চিরনির্বাসন নেন নি, আবার উঠে এসেছেন বলিষ্ঠ সম্ভাবনায় উজ্জ্বল হয়ে। আত্মকেন্দ্রিকতার দরুণ কবিতায় যে অস্বচ্ছতা এসেছিল তা হয়ে এসেছে স্বচ্ছ, সহজবোধ্য। "ধূসর পাণ্ডুলিপিতে" যে জীবনানন্দ দাস বলেছিলেন—

পৃথিবীর বাধা—এই দেহের ব্যাঘাতে
হৃদয়ে বেদন জমে; স্বপনের হাতে আমি তাই
আমারে ভুলিয়া যেতে চাই!
সেই সব ছায়া এসে পড়ে
দিনের—রাতের ঢেউয়ে,—তাহাদের তরে
জেগে' আছে আমাদের জীবন;

সব ছেড়ে আমাদের মন
ধরা দিত যদি এ স্বপনের হাতে!
পৃথিবীর রাত আর দিনের আঘাতে
বেদনা পেত না তবে কেউ আর,—
থাকিত না হৃদয়ের জরা,—
সবাই স্বপ্নের হাতে দিত যদি ধরা।···· [স্বপ্নের হাতে]

তিনিই দুই হাতে অন্ধকার সরিয়ে বলেছেন,

নব পৃথিবীকে পেতে সময় চলেছে?
হে অবাচী, হে উদীচি, কোথাও পাখীর শব্দ শুনি;
কোথাও সূর্য্যের ভোর গেছে বলে মনে হয়।·····
আমরা অপেক্ষাতুর;
চাঁদের ওঠার আগে কালো সাগরের
মাইলের পর আরো ডাইনী মাইলের
পাড়ি দেওয়া পাখীদের মত
নক্ষত্রের জ্যোৎস্নায় জোগান দিয়ে
এ অনন্ত প্রতিপদে তবু
চাঁদ ভুলে উড়ে যাওয়া চাই
উড়ে যেতে চাই·····[সূর্য্য প্রতিম]

যে কবি ধানসিঁড়ি নদীটির পাশে আপনাতে মগ্ন হতে চেয়েছিলেন, যিনি স্বপ্নের হাতে ধরা দিয়ে বাস্তব থেকে দূরে থাকতে চেয়েছেন, তিনি এখানে অনুভব করেছেন নতুন জীবনকে, সে জীবনসৃষ্টির কাজে হাত না লাগাতে পারলেও অনুভব করেছেন সম্ভাবনাকে।

এমনিভাবে সম্ভাবনাকে অনুভব করে সামাজিকে চেতনায় বলিষ্ঠ হয়ে কবিতার রূপান্তরে এগিয়ে এসেছেন বিষ্ণু দে প্রমুখ কবিরা।

কিন্তু তাতে কি বাঙলা কবিতা সার্থক হয়ে উঠেছে? আজকের মানুষের অভিজ্ঞতা, তার ধারণা, তার আশা-আকাঙ্ক্ষা কি রূপ পেয়েছে আধুনিক কবিতায়? একথা অনস্বীকার্য্য যে, আধুনিক কবিতা আজো বিশেষ এক গোষ্ঠীর মধ্যে আবদ্ধ, তীব্রতর অর্থনৈতিক সংকটে মানুষের অভিজ্ঞতার যে রূপান্তর ঘটছে, যে নতুন সম্ভাবনাকে আকাঙ্ক্ষা করছে তার কোনো ছাপ এতে নেই। এক সুকান্ত ভট্টাচার্য্যের কবিতায় ছাড়া নতুন সম্ভাবনার রূপ ভাল করে ফোটেনি আর কোন কবির কবিতায়, সমাজ-সচেতন কবিরা আজো পথ খুঁজে বেড়াচ্ছেন। গণমানসের সঙ্গে সংযোজনায় সার্থক যে তাঁরা হন নি তার প্রধান কারণ আজকের যে মেহনতকারী জনসাধারণ সমাজসচেতনায় নতুন সম্ভাবনাকে মুখর করে তুলেছে তাঁদের 'আত্মীয়তা' আজো তাঁরা অর্জন করতে পারেন নি।

কাব্যধারণার, কাব্যরূপের এক বিরাট পরিবর্তন না হ'লে আজকের কবির সাথে জনমানসের সংযোজন সম্ভব নয়। বাঙলা কাব্যের সংকট এখানেই।

কোনো দেশের কাব্য সেই দেশের সমসাময়িক কৃষ্টিরই ফলন। আমাদের দেশে পাঁচালি, ছড়া, রূপকথা ইত্যাদিতে যে গনকৃষ্টি প্রতিফলিত হয়েছে বলে ধরা হয় তারো রূপটা সমাজতান্ত্রিক। বুর্জোয়া কৃষ্টির আওতায় আমাদের দেশে যে কাব্য গড়ে উঠেছিল, তার আর উত্তরণ অসম্ভব। কারণ, তা আর কোনো সম্ভাবনার সূচনা করে না। কিন্তু যে গনকৃষ্টি আমাদের দেশে আছে, যার বিবর্তন হচ্ছে আমাদের অজ্ঞাতসারেই তার সঙ্গেও পরিচয় নেই কবির। সাধারণ পাঠক যে তাঁর অভিজ্ঞতা, তাঁর ধারণার ছবি স্বচ্ছরূপে খুঁজে পান না আধুনিক কবিতায় তার কারণ এখানেই। কিন্তু তাই বলে আগামী দিনের কাব্য কি রবীন্দ্রোত্তর সাহিত্যের ঐতিহ্যকে অস্বীকার করে এগোবে? একথা স্বীকৃত সত্য যে কোন দেশের সাহিত্যের অগ্রগতি সেই দেশের পূর্বতন ঐতিহ্যকে স্বীকার করেই, বাঙলা-কাব্যের অগ্রগতি লক্ষ্য করলেও একথা স্পষ্ট হবে। কোন বিশেষ content-কে রূপ দেবার তাগিদে রচিত হয় কবিতা, সে কবিতার form নির্দেশ করে বিশেষ সামাজিক পরিবেশ, তার ভাষা, তার মানসরূপ। আর, সার্থক কবিতা শুধু content-কে রূপই দেয় না, উত্তরণ ও করে। যেমন কোনো অর্থনৈতিক বা সামাজিক পরিবর্তন পূর্বতন content ও form নিরপেক্ষ নয়, তেমনি সাহিত্যের content বা form পূর্বতন content ও form নিরপেক্ষ নয়। আগামী দিনের বাঙলা কাব্যের গণকৃষ্টির সঙ্গে সংযোজন হবে পূর্বতন content ও form-এর, রবীন্দ্র ও রবীন্দ্রোত্তর কাব্য-ধারাকে স্বীকার করেই। সামন্ততন্ত্রী কাঠামোর ভাষা ও দৃষ্টিভঙ্গীর মধ্য থেকেই যেমন গড়ে উঠেছে বুর্জোয়া কাব্য, তেমনি ক্ষয়িষ্ণু বুর্জোয়া কাব্যের বলিষ্ঠ ধারার মধ্যেই আছে কাব্যের অগ্রগতির সূচনা।

বাঙলা কবিতার গতিপথ তাই পূর্বতন ঐতিহ্যকে স্বীকার করে, ভবিষ্যৎ সম্ভাবনাকে অনুভব করে এগিয়ে চলবে। অর্থনৈতিক সংকটের তীব্রতায় দিশেহারা যে মানুষ, তার আশা-আকাঙ্খা ও অনুভবকে রূপ দিতে হবে আজকের কবিকে, আবিষ্কার করে নিতে হবে সেই ভাষা, সেই কাব্যরূপ, যা সহজে জন-মানসকে স্পর্শ করে। শুধু তাই নয়, কবি সমাজের সর্বাপেক্ষা সচেতন ও ও সংবেদনশীল মানুষ, ; তিনি যেমন অনুভব করেন আজকের দিনের সুখ-দুঃখ, আশা ও নৈরাশ্য তেমনি অনুভব করেন ভবিষ্যৎ সম্ভাবনাকে আরো প্রোজ্জ্বল রূপে। তাই আজকের কবির ভাষায় যেমন ফুটবে আজকের দিনের অভিজ্ঞতা তেমনি ভবিষ্যৎ সম্ভাবনাও। সমাজ-সচেতন কবি জনমানসকে সেই সম্ভাবনার অগ্রদূত বলে অনুভব করে উদ্বুদ্ধ করবেন নতুন সমাজ-চেতনায়। কবিতা হয়ে উঠবে 'রসিকজন' সমাজের আশ্রয়স্থল নয়, জাগ্রত জন-চেতনার হাতিয়ার। আমরা সে "কবির বাণী লাগি কান পেতে আছি।"

রবীন্দ্রনাথের "বলাকা"

শ্রীসুখময় চক্রবর্ত্তী

(প্রথম বর্ষ, আর্টস)

পৃথিবী বদলাচ্ছে। পুরানো সমাজ ভেংগে পড়ছে, তারই মধ্যে থেকে হচ্ছে নূতনের অভ্যুদয়। এই যে পরিবর্তন, এরই মধ্যে রয়েছে গতি। তাই, গতিকে অস্বীকার করা চলেনা। বের্গসঁ তো গতিকে চরম বলে মেনে নিয়েছেন। অবশ্য তাঁর এই 'গতি' যান্ত্রিক বা উদ্দেশী নয়। যে 'elan vital' বা 'এলাঁ ভিতাল'কে তিনি চরম সত্য বলে বর্ণনা করেছেন, তা' হচ্ছে এক অবিচ্ছেদ্য জীবনপ্রবাহ। এই জীবন-প্রবাহের স্বরূপ ও গতি তা' নিছক গতিমাত্র।

বের্গসঁর এই 'গতিবাদ'এর সংগে রবীন্দ্রনাথের বলাকা-বর্ণিত গতিবাদের অনেকটা সাদৃশ্য রয়েছে। যদিও, বের্গসঁর মতবাদ ও রবীন্দ্রনাথের গতিবাদ পুরোপুরি এক নয় একটা মৌলিক প্রভেদ রয়েচে, যেটা পরে আলোচিত হবে।

'বলাকা'র সংগে রবীন্দ্রনাথের অন্যান্য কাব্যগ্রন্থের পার্থক্য এতই পরিস্ফুট যে তা বলার অপেক্ষা রাখে না। ভাবে ও ছন্দে 'বলাকা' সম্পূর্ণই স্বতন্ত্র ও অনন্য। রবীন্দ্রনাথের কবিতাগুলের মধ্যে সাধারণতঃ রয়েছে এমন একটা সুর যা' প্রশান্ত, যা' কোমল, যা' অচঞ্চল প্রীতিরসাত্মকতার একটা মাধুর্য্য তাঁর করিতাগুলোকে পরিব্যাপ্ত করে রেখেছে। শেষের মধ্যে অশেষের বাঙ্ময় প্রকাশটুকুই তাদের লক্ষ্য। কিন্তু 'বলাকা'র সুর একটু বিশিষ্ট ছন্দটাও একটু অসাধারণ।

'বলাকা' চলার গান—অবিরাম, অবিশ্রান্ত গতিপ্রবাহ যা' বিশ্বব্যাপী প্রবাহিত হয়ে চলেছে, তাই 'বলাকা'তে প্রত্যক্ষ রূপগ্রহণ করেছে। অবশ্য, রবীন্দ্রনাথ চিরকালই গতিধর্মী। উন্মুক্ত পথে-প্রান্তরের সংগে তাঁর বন্ধনগ্রন্থি চিরকালই দুশ্ছেদ্য কিন্তু তবুও এই গতির বাণী—এগিয়ে-চলার সুর 'বলাকা'র মতো আর কোন কাব্যেই ফুটে উঠেনি।

পৃথিবীতে দুটো শক্তিই নিরন্তর কাজ করে চলেছে—স্থিতি আর গতি, নিষ্ঠা আর নিষ্ক্রামণ, গতি চাইছে ছুটে বেরিয়ে পড়তে, স্থিতি চাইছে আঁকড়ে ধরে রাখতে। 'Static' আর 'dynamic'-এর দ্বন্দ্ব তাই চিরকালের। কিন্তু পরিণামে জয়ী হচ্ছে তা'রা, যা'রা গতিরই বাহক ও ধারক। গতির মধ্যেই সজীবতা, গতির মধ্যেই প্রাণধর্ম্মের সার্থকতা। "The old order changeth yielding place to new."

এই গতিরই মূর্ত্ত প্রকাশ তারুণ্যের মধ্যে। যৌবনের দিনগুলোতেই ঝংকৃত হয়ে উঠে এগিয়ে-চলার-ছন্দ। বলাকার কবি, তাই, তারুণ্যের উপাসক। 'যৌবন-বেদনারসে

উচ্ছল' দিনগুলি তাঁকে আজও উতলা করে তোলে। প্রাণাবেগ যাদের স্তিমিত, যাদের শিরায় শিরায় নেই উদ্দামতার চাঞ্চল্যের স্পন্দন, তাঁরা কবির অবিমিশ্র কৃপাপ্রার্থী। তাঁর যত সহানুভূতি, যত ভালোবাসা সবই গিয়ে পড়েছে সেই সৃষ্টিছাড়া, লক্ষ্মীছাড়াদের উপর—যারা যুগে যুগে বেরিয়ে পড়েছে পুরানোদিনের শৃংখলকে ভেঙেচুড়ে ধূলি ধূসরিত পথের উপর দিয়ে নিরুদ্দেশ যাত্রার অভিমুখে।—"Allons! the road is before us." (Whitman) সামনে পড়ে রয়েছে দিগন্ত জোড়া পথ। পিছনে রয়েছে পুরানো দিনের আবর্জনা। 'পুরাতন বৎসরের জীর্ণ ক্লান্ত রাত্রির' অবসান প্রায় হয়ে এল তাই, বেরিয়ে পড়ুক ঘরছাড়াদেব দল—

"এসেছে নিষ্ঠুর,
হোকরে দ্বারের বন্ধ দূর,
হোক রে মদের পত্রে চুর।"

পুরাণো পৃথিবীর অবসান প্রায় হয়ে এল। যুগ-পরিবর্তনের লক্ষণ উঠছে ফুটে। বৃহৎ দুঃখবেদনার মধ্যে দিয়ে তাতেই অরুণোদয়ের লোহিতাভ আভাস পরিস্ফুট। এসময়ে, তাই, পুরাণোকে আঁকড়ে ধরা মূর্খতা।—

"বন্দরের বন্ধনকাল এবারের মতো হ'ল শেষ
পুরানো সঞ্চয় নিয়ে ফিরে ফিরে শুধু বেচা-কেনা
আর চলিবেনা"

বঞ্চনা উঠেছে বেড়ে। সত্যের পুঁজি এসেছে ফুরিয়ে। তাই, নতুন সমুদ্র-তীরে পাড়ি দেওয়া অত্যাবশ্যক হয়ে পড়েছে। আকাশের কোণে ঝড়ের সংকেত অত্যন্ত সুস্পষ্ট। আলোকের দিশা হারিয়ে গিয়েছে অন্ধকারের মাঝে। ভেসে আসছে দিগন্তে উদ্বেল তরংগশ্রেণীর কলোচ্ছ্বাস। কিন্তু তবুও, আদেশ এসেছে—

'যাত্রা করো, যাত্রা করো, যাত্রীদল, এসেছে আদেশ
বন্দরের কাল হল শেষ।"

এই যাত্রা করার আকাংক্ষার মধ্যেই রয়েছে চলিষ্ণু মনের ছোঁয়াচ। যারা যাত্রা করবে, তারা যে গতিরই শরীরী প্রকাশ। তাই, কবি প্রথমেই গাইলেন তাঁদের বন্দনা গান—চিত্রিত করলেন, অভিযাত্রীক সবুজের অভিযান।—

"চিরযুবা তুই যে চিরজীবী,
জীর্ণজরা ঝরিয়ে দিয়ে
প্রাণ অফুরান ছড়িয়ে দেদার দিবি।
সবুজ নেশায় ভোর করেছিল্ ধরা,
ঝড়ের মেঘে তোরই তড়িৎ ভরা,
বসন্তেরে পরাস আকুল-করা
আপন গলার বকুল মাল্য-গাছা
আয়রে অমর আয়রে আমার কাঁচা।"

পথে যারা বেরিয়ে পড়েনি, গতির বাণী যাদের কাছে গিয়ে পৌঁছায়নি, বদ্ধ ঘরের অন্ধ কোণেই যাদের দিন কাটে, আপদ-বিপদকে এড়াবার জন্য যারা অন্তঃপুরচারী হয়ে রয়েছে, তাদের দিকে কবির সহানুভূতি নেই, বরং তাদের দুর্দশায় তাঁর মন কৃপাপূর্ণ। তাই, তাদের বর্ণনা করতে গিয়ে তিনি বলেন।—

"ওই যে প্রবীণ, ওই যে পরম পাকা,
চক্ষুকর্ণ দুইটী ডানায় ঢাকা,
ঝিমায় যেন চিত্রপটে আঁকা
অন্ধকারে বন্ধকরা খাঁচায়।"

যৌবনের নিরবিচ্ছিন্ন গতির যে বাণী কবির কাছে এসে পৌঁছেছে, তাই মন্ত্রস্বরে বিঘোষিত হয়েছে রুদ্রের প্রলয়-শংখের নিনাদে। শংখের মধ্যে গতিময় বিশ্বেরই অভিব্যক্তি। এই সুগম্ভীর মন্ত্রধ্বনি বিঘোষিত হয়েছে অন্যায়ের বিরুদ্ধে, অসত্যের বিরুদ্ধে মানবতাকে উদ্বুদ্ধ করে তোলবার জন্য। অন্যায় যা', অসত্য যা' তা' গতিরই বিরোধী। যৌবন-পিয়াসী কবির তাই প্রার্থনা :—

যৌবনেরই পরশমণি করাও তবে স্পর্শ।
দীপকতানে উঠুক্ রণি' দীপ্ত প্রাণের হর্ষ।
নিশার বক্ষ বিদার করে, উদ্বোধনে গগন ভরে
অন্ধ দিকে দিগন্তরে জাগাও না আতংক।
দুই হাতে আজ তুল্‌ব ধরে তোমার জয় শংখ।"

স্থিতির মধ্যেও আছে গতি। বের্গসঁ 'duration'-এর মধ্যেও দেখেছেন 'change'। গতিহীন বিশ্বের স্থিতিশীলরূপ তাই কল্পনা করা চলেনা। অনন্ত কালপ্রবাহ বয়ে চলেছে, অতীত, বর্তমান, আর ভবিষ্যৎ তারই মধ্যে। অবশ্য, যাকে বর্তমান বলি সে তো অতীত আর ভবিষ্যতের মাঝে একটা 'hyphen'বা সংযোগ-রেখা অংশ। এই মুহূর্তে যা' বর্তমান পরবর্তী মুহূর্তে তাই তো অতীত। আর এখনো যা' ভবিষ্যৎ, আর একটু পরে তাই তো বর্তমান। এই তিন কাল তাই বিচ্ছিন্ন নয়। ভবিষ্যতের মধ্যে রয়েছে অতীতেরই প্রভাব, আবার অতীতের মধ্যেই রয়েছে ভাবীকালের সম্ভাবনা। এলিয়টের কথায় তাই, বলতে হয়—

"Time present and time past
Are both perhaps present in time future,
And time future contained in time past." (Burnt Norton)

অতীত পথে পথে বেড়ে চলছে ভবিষ্যতের দিকে, জীবনও এগিয়ে চলেছে জানাকে ভেলে রেখে, অজানার সন্ধানে, পেছনকে পেছনে রেখে অন্তহীন ভবিষ্যতের পানে। নিরুদ্দেশ যাত্রার সুর তাঁর চলার রাগিণীতে ঝংকৃত হয়ে উঠেছে। কবি তাকে কল্পনা করেছেন, ভৈরবী বৈরাগিণী রূপে।

তাই, গেয়েছেন :—

"হে ভৈরবি, ওগো বৈরাগিণি,
চলেছ যে নিরুদ্দেশ, সেই চলা তোমার রাগিণী—
শব্দহীন সুর।
অন্তহীন দূর
তোমারে কি নিরন্তর দেয় সাড়া।
সর্বনাশা প্রেমে তার নিত্য তাই তুমি ঘর ছাড়া।"

এই যে নিরুদ্দেশ চলার রাগিণী, এই তো জীবনের গীতি। এগিয়ে চলাই তো জীবনের ধর্ম। যেখানে এই যাত্রার হবে শেষ, সেখানে হবে জীবনের অবসান। যা গতির বিরোধী, তা প্রাণধর্মেরও বিরোধী। নিরন্তর প্রয়াসের ছন্দেই জীবনের সুর ঝংকৃত। তাই, প্রয়াস যেখানে থমকে দাঁড়াবে, সেখানেই স্থাপিত হবে জড়ের আধিপত্য। তাই, কালভৈরবীর নিরন্তর অগ্রগতি মুহূর্তের জন্য থমকে দাঁড়ালেও, তখনি—

উচ্ছ্বসিয়া উঠিবে বিশ্ব পুঞ্জ পুঞ্জ বস্তুর আঘাতে।"

ধ্বংসের মধ্যেই রয়েছে নবজীবনের বীজ। দগ্ধশেষ ভস্মরাশির মধ্যে থেকেই জন্ম নেয় সবুজ প্রাণের কিশলয়। সৃজন ও ছেদন চলে পাশাপাশি। যেখানে ধ্বংস নেই, সেখানে সৃজনও নেই। তাই সৃষ্টির মধ্যেই থাকবে, ধ্বংসের প্রেরণা। 'যা কিছু মলিন, যা' কিছু কালো' তার সবই যাবে ধূলোয় মিশিয়ে, কিন্তু এরই মধ্যে থেকে বেরিয়ে আসবে যা কিছু সুন্দর, যা কিছু কালো। তাই, কবি গাইলেন :—

"ওগো নটি, চঞ্চল অপ্সরী,
অলক্ষ্যসুন্দরী
তব নৃত্যমন্দাকিনী নিত্য ঝরি ঝরি
তুলিতেছে শুচি করি
মৃত্যুস্নানে বিশ্বেরে জীবন।
নিঃশেষে নির্মল নীলে বিকাশিছে নিখিল গগন।"

অলক্ষিত চরণের, অকারণ, অবারণ চলা কবিকে উতলা করে তুলেছে। 'ঝঞ্ঝামদরসে মত্ত' বলাকার পক্ষোন্মিঘাতে চঞ্চল বায়ুসমুদ্রের কম্পন কবির কাণে এসে পৌঁছিছে। তাঁর নাড়ীতে নাড়ীতে আজ চঞ্চলের পদধ্বনি অনুরণিত হয়ে উঠেছে। সমুদ্রের ঢেউ, অরণ্যের ব্যাকুলতা আজ কবির মনের মধ্যে কম্পমান। তাই তাঁর মনে পড়ে সেই কথা :—

"যুগে যুগে এসেছি চলিয়া
স্খলিয়া স্খলিয়া
চুপে চুপে
রূপ হ'তে রূপে, প্রাণ হতে প্রাণে,
নিশীথে প্রভাতে যা কিছু পেয়েছি হাতে
এসেছি করিয়া ক্ষয় দান হতে দানে
গান হতে গানে।"

বের্গসঁ বলেছেন, গতিময় বিশ্বকে উপলব্ধি করতে হ'লে, শুধু বুদ্ধি দিয়ে হয় না। দরকার নিজের অস্তিত্বকে এই বিশ্বের অস্তিত্বের সংগে মিশিয়ে দেওয়া, স্বজ্ঞা (Intuition)-র সাহায্য গ্রহণ করা। বুদ্ধি দিয়ে আমরা যা' জানি, তা নেহাৎই অসম্পূর্ণ ও ভ্রান্তিপ্রদ। স্বজ্ঞার দ্বারা যে জ্ঞান আমরা পাই, তা'তেই সম্পূর্ণতার সুর ঝংকৃত। এই পর্য্যন্ত অবশ্য রবীন্দ্রনাথের সংগে বের্গসঁর কোন অনৈক্য নেই। কবিরা সাধারণতঃ স্বজ্ঞায় আস্থাবান হয়েই থাকেন। কিন্তু বের্গসঁ চলাকে দেখেন নিছক চলা হিসাবেই। গতি তার কাছে গতিমাত্র। গতির চরম সার্থকতা গতির মধ্যেই। গতিকে অতিক্রম করে বের্গসঁর দৃষ্টি যায় নি। সকল পরিবর্ত্তনের মধ্যে দিয়ে অপরিবর্ত্তনীয়ের দিকে যাওয়ার প্রয়াসটা, বের্গসঁর চোখ এড়িয়ে গিয়েছে। কিন্তু রবীন্দ্রনাথ গতিকে নিছক গতি হিসাবেই বর্ণনা করেননি। গতির ঊর্দ্ধে এক অপরিবর্ত্তনীয়কে পাওয়া সম্ভবপর হচ্ছে না, কিন্তু তা' বলে' চলাটাও উদ্দেশ্যবিহীন নয়। তাই, এই চলাকে তিনি দেখেছেন—অতল আঁধার হ'তে অকূল আলোতে যাওয়ার পথ হিসেবে— অপ্রকাশ হতে সম্প্রকাশে ঊর্দ্ধগমনের সোপান রূপে।

ঐতরেয় আরণ্যকের ঋষি গেয়েছেন :—

চরন্ বৈ মধু বিন্দতি চরন্ স্বচ্ছ উদম্বরম্।
সূর্য্যস্য পশ্য শ্রেমাণং যো ন তন্দ্রয়তে চরন্।

'চরৈবেতি, চরৈবেতি' এটাই 'বলাকা' কাব্যের মূল সুর। রবীন্দ্রকাব্য এখানে শুধু গীতি-ধর্ম্মীই নয়, গতিধর্ম্মীও বটে। 'বলাকা' কাব্যেব মূল সুর গতির বাণী "বলাকা" কবিতায় যে রকম প্রকাশ পেয়েছে, এমন আর কোন কবিতাতেই হয়নি। সন্ধ্যার অন্ধকার নেমে এসেছে ঝিলমের উপত্যকাব উপর। তাঁরই মধ্যে দাঁড়িয়ে কবি গতির যে মূর্তিময় প্রত্যক্ষরূপটুকু দেখেছেন, তা'ই এই কবিতাটাকে একটা বিশেষ মর্য্যাদাসম্পন্ন করে তুলেছে।

শূন্যের প্রান্তরদিয়ে কাজের বিদ্যুৎছটা তুলে, যে হংসশ্রেণী অনির্দ্দেশ্য লক্ষ্যের দিকে উড়ে চলে গেলো, তাদেরই পক্ষবিধুননে তিমির-মগ্ন গিরিশ্রেণীর মধ্যে বেগের আবেশটুকু সঞ্চারিত হল। তারাই, সুপ্তির রাজ্যে জাগ্রৎ জীবনের সুরটুকু এনে দিল। আর তাতেই, কবি স্বজ্ঞার সাহায্যে উপলব্ধি করলেন, বিশ্বময় গতির অবাধ আধিপত্যকে। কবির নিজের কথাতেই বলতে ইচ্ছে হয়—'বলাকা'বইটার নামকরণের মধ্যে এই কবিতার (৩৬ 'বলাকা') মর্মগত ভাবটা নিহিত আছে। সেদিন যে একদল বুনো হাঁসের পাখা সঞ্চালিত হয়ে সন্ধ্যার অন্ধকারের স্তব্ধতাকে ভেঙে দিয়েছিল, কেবল এই ব্যাপারই আমার কাছে একমাত্র উপলব্ধির বিষয় ছিল না। কিন্তু বলাকার পাখা সে নিখিলের বাণীকে জাগিয়ে দিয়েছিল, সেটাই এর আসল বলবার কথা এবং বলাকা বইটার কবিতাগুলোর মধ্যে এই বাণীটিই নানা আকারে ব্যক্ত হয়েছে।"

পৃথিবীর প্রতিটি জিনিষের মধ্যেই রয়েছে গতির এক দুর্বার উন্মাদনা।

এই উন্মাদনাই পর্ব্বতকে বৈশাখের মেঘ হতে প্রণোদিত করে তোলে, তরুশ্রেণীকে মাটির বন্ধনটুকু অস্বীকার করে গতিসমুদ্রে দিশাহারা হতে অনুপ্রাণিত করে তোলে। কিছুই, তাই, থেমে নেই। সবাই চলছে—কাল থেকে কালান্তরে, দেশ থেকে দেশান্তরে। নিরুদ্দেশ যাত্রার পথ—তার তো অবসান নেই :—

"You road. . . .

I believe you are not all that is here". . . (Whitman)

তাই বাসাছাড়া পাখীর উদ্দেশ্যহীন উড়ে চলার ছন্দে, ঝংকৃত হয়ে ওঠে আবেগচঞ্চল গতিময় বিশ্বের বাণী :—

"হেথা নয়, অন্য কোথা, অন্য কোন খানে।"

সাম্প্রতিক ইংরেজি কবিতা

তরুণ সরকার

(চতুর্থ বর্ষ, আর্টস)

কাব্যের নদীতে যে জোয়ার-ভাঁটার খেলা চলে, সাহিত্যের ছাত্রেরা সে-সত্যের খবর রাখেন। কখনো ফুলে-ফেঁপে-ওঠা, কখনো শীর্ণ স্রোত। মনে হয় ইংরেজি কবিতার এখন ভাঁটার সময় চলছে। অথচ দশ-পনের বছর আগের কথা মনে করুন; ইংরেজি কাব্যের আকাশে অনেক নক্ষত্রকেই তখন উজ্জ্বল সম্ভাবনাময় মনে হচ্ছিল; অডেন, ডে লুইস, স্পেণ্ডার। এঁরা যে সকলেই নিভে গেছেন এমন নয়, কিন্তু পূর্ণ জ্যোতির স্থিরতায় পৌঁছননি' কেউই; বিভিন্ন কারণে সকলেই কিছুটা পথভ্রান্ত, খণ্ডিত। কেন এমন হ'ল ? আধুনিক ইংরেজি কাব্যের মর্মগ্রাহী পাঠক এ প্রশ্ন করতে পারেন, করছেনও। এবং এ-প্রশ্নের উত্তরের সন্ধানে গত পনের-কুড়ি বছরের ইংরেজি কাব্যের গতি-প্রকৃতির সংক্ষিপ্ত আলোচনা হয়ত কিছুটা সাহায্য কবতে পারে।

প্রথম মহাযুদ্ধের অব্যবহিত পরে ইংলণ্ডে যে-কাব্যধারার সূত্রপাত হয়, জর্জিয়ান কবিতার সঙ্গে তার ছিল আকাশ-পাতাল প্রভেদ। সে নতুন কাব্য জাতে ছিল কালাপাহাড়ী : তৎকালীন সামাজিক অবক্ষয়কে একদিকে যেমন সে প্রচণ্ড আঘাত করছে, অন্যদিকে আপন বৈনাশিক বুদ্ধি ও মূল্যবোধগত অন্তঃসারশূন্যতাকেও বিদ্রূপে জর্জ্জরিত করতে ছাড়ছে না। জীবনের পুবোনো মূল্যবোধ পরিত্যক্ত হয়েছে, কিন্তু শূন্যস্থান ভরানোর জন্য খুঁজে পাওয়া যাচ্ছে না কোনো নতুন বিশ্বাস, কোনো নৈমিতিক প্রত্যয়। তাই এলিঅটের ভাষায় 'waste and void, waste and void' : পোড়ো জমি আর ফাঁপা মানুষ, ফণিমনসা আর শীতের হলুদ পাতা। কিন্তু শূন্যস্থান

ভরানোর প্রয়োজন প্রখর হ'য়ে দেখা দিল ১৯৩০ সালের কাছাকাছি সময়ে। বিশ্বব্যা অর্থনৈতিক সঙ্কট ও স্পেনের গৃহযুদ্ধ—এই দুই সমস্যার সন্নিপাত ইংরেজ কবিকে অ নৈরাজ্যবিলাসী থাকতে দিল না, বাধ্য করল কোনো নিশ্চিত জীবনদর্শনের ছায় আশ্রয় নিতে। ইতিমধ্যে রাশিয়াতে সাম্যবাদ যথেষ্ট শিকড় ছড়িয়েছে: তার ঋজুত আবেদন বিপ্রলাপিত কবির কাছে কম নয়। কিন্তু নিজেদের অন্তরকে যথেষ্ট যাচ না ক'রেই ১৯৩০ সালের অনেক কবি সাম্যবাদকে গ্রহণ করলেন। এর ফ ইংরেজি কবিতায় অনেকদিন পর আবার বিশ্বাস ও আশার সুর ফিরে এল বে কিন্তু যে ফাঁকিটুকু র'য়ে গেল তা' পরে ক্ষতি করল অনেক। অডেনের 'Th Orators' স্পেণ্ডারের 'Poems' এবং ডে লুইসের 'The Magnetic Mountain প্রভৃতি গ্রন্থে সাম্যবাদ ও কবিতার সংশ্লেষণের প্রয়াস দেখা গেল। কয়েকটি কবিতায় এই সংশ্লেষণ সার্থক হ'য়ে দেখা দিলেও বেশীর ভাগ ক্ষেত্রেই হ'ল ব্যর্থ। এবং এই ব্যর্থতার সূত্র ধরে'ই বোধ হয় আজকের দিনের ইংরেজি কবিতার বন্ধ্যাত্বের কারণ খুঁজতে হবে। অবশ্য সব কবিই যে সাম্যবাদে আশ্রয় গ্রহণ করেছিলেন তা নয়, বয়স্ক কবিদের অনেকেই ধর্ম্মবিশ্বাসের কাছে আত্মসমর্পণ ক'রে সমস্যার সমাধান করলেন: এলিঅট নোঙর ফেললেন Anglo-Catholicism-এ, এডিথ সিটওয়েলের অস্পষ্ট আধ্যাত্মিকতায় ক্রাইষ্ট, উপনিষদ আর মানবতা এক হ'য়ে গেল।

১৯৩০ সালের পর তা'হ'লে আমরা দেখতে পাচ্ছি ইংরেজ কবিরা দু'ভাগে বিভক্ত: সাম্যবাদ-প্রভাবিত একদল, অন্যদল ধর্মমুখী। কিন্তু কোনো দলই উল্লেখ-যোগ্য কিছু সৃষ্টি করতে পারলেন না। তথাকথিত সাম্যবাদী কবিদের কাছ থেকেই আমরা আশা করেছিলাম বেশী, কিন্তু তাঁরাই সবচেয়ে হতাশ করলেন। দু'তিনটি বই প্রকাশের পর, দ্বিতীয় মহাযুদ্ধের ছায়া ঘনাতে না ঘনাতেই, কেউই আর সাম্যবাদ নিয়ে খুসী থাকতে পারলেন না। অনেকে কবিতা লেখাই বন্ধ করলেন, কেউ খুঁজলেন ব্যক্তিগত ধর্ম কিংবা mysticism-এর আশ্রয়। তার প্রধান কারণ অবশ্য এই যে সাম্যবাদকে তাঁরা চিন্তা দিয়ে গ্রহণ করেছিলেন, আবেগ দিয়ে করেননি। সাহিত্যজগতেও ফ্যাশানের হাওয়া দেয়, ১৯৩০ সালে সাম্যবাদটাই ছিল ফ্যাশান। আর ফ্যাশানের মোহ ছাড়া অন্য তাগিদাও ছিল: অর্থনৈতিক সঙ্কটের ফলে ধন-তান্ত্রিক সমাজব্যবস্থার ভবিষ্যৎ সম্বন্ধে অনেকেই সন্দিহান হয়ে উঠেছিলেন, তাঁদের কাছে সাম্যবাদ ছিল 'the nearest port in a storm'। সঙ্কট যখন কেটে গেল, সাম্যবাদে আগ্রহও সঙ্গে সঙ্গে ঢিলে হ'য়ে আসতে লাগল। অডেন ছুটলেন আমে-রিকায়, চিন্তার বিশৃঙ্খলার সঙ্গে সঙ্গে স্পেণ্ডারের কবিতা দুরূহ হ'তে সুরু করল, ডে লুইস যদিও সবচেয়ে স্থিতধী, তবু তাঁর কলমের রসের ধারা শুকিয়ে আসতে লাগল। অন্যদিকে এলিঅটের 'Four Quarlets' যদিও তাঁর নিজের পরিণতির

ইতিহাসে খুবই উল্লেখযোগ্য, কিন্তু ইংরেজি কবিতার ধারাকে এগিয়ে দেওয়ার কাজে তার কোনই দান নেই। এবং ইদানীংকার সিটওয়েলের কাব্য যদিও প্রাক্তন সিট-ওয়েলের কাব্যের চেয়ে অধিকতর শ্রীমণ্ডিত, তবু তাঁর প্রদত্ত সমাধান বিশেষভাবেই তাঁর, আধুনিক অন্য কোন ইংরেজ তাঁর চিন্তার সহযোগী হ'তে পারবে কিনা সন্দেহ।

বর্ত্তমানে যে ইংরেজি কাব্যে মহৎ বা উল্লেখযোগ্য কোনো সৃষ্টি হচ্ছে না, তার আংশিক কারণ তাই ইংরেজ কবিদের অক্ষমতা : কোনো সুস্থ, বলিষ্ঠ জীবনদর্শন গ্রহণের অক্ষমতা। কারণ শুধু প্রাকরণিক নিপুণতার দ্বারাই মহৎ কবিতার সৃষ্টি হয় না, মহৎ কবিতা অপেক্ষা রাখে মহৎ বিশ্বাসের। অথচ আধুনিক ইংরেজের জীবনে তেমন বিশ্বাসের যে কোনো অবকাশ নেই এমন কথা ভাবাও অসঙ্গত। কারণ যুদ্ধের মধ্যে, Battle of Britain-এর নিঃসঙ্গ সংগ্রামে ইংলণ্ডবাসী যে তিতিক্ষা ও আশাবাদের পরিচয় দিয়েছিল তা' আশ্চর্য। আর যুদ্ধের পর দেউলিয়া জাতীর জীবনকে স্বাবলম্বী করবার চেষ্টায় তার যে অতুলনীয় নিষ্ঠা, কষ্টস্বীকার ও অধ্যবসায় তা' ততোধিক বিস্ময়কর। বরং এইটাই অসঙ্গত যে ইংরেজ কবি এই পটভূমিকায় থেকেও জীবন সম্বন্ধে আশান্বিত হ'লেন না। ম্যাকনীসের 'Holes in the sky' পড়লাম, তিনি অস্থির, এদিক-ওদিক তাকাচ্ছেন, সুস্থ হতে পারছেন না। অডেনের 'The Age of Anxiety'তে নিখুঁত কবিকর্ম অনেক জায়গায় পাওয়া যায়, কিন্তু বইটির বিভিন্ন সুর যেখানে এসে মিলেছে, সেটি হতাশার সুর :

> " Man has no mean; his mirrors distort;
> This greatest arcadias have ghosts too;
> This Utopias tempt to eternal youth
> Or self-slaughter."

সহস্র বিপদের মাঝে যে-জাতি একা দাঁড়িয়েছিল, নিঃস্ব হ'য়েও যে-দেশ ভেঙে পড়ছেনা সে-দেশের, সে জাতির কবির কি এর বেশী আর কিছু বলবার নেই ?

দু'দিন

শ্রীমনোজকুমার পাল

(তৃতীয়বর্ষ—বিজ্ঞান)

সরু বারান্দাটা। এককোণে গোটাদুই ষ্টীলট্রাঙ্কের ভগ্নাবশেষ। উপরে খানকয়েক অব্যবহার্য ছেঁড়া কাপড়। একপাশে একটা তুলো-বেরকরা অপুষ্ট বালিশ। খোলা দরজার বাইরে গৃহস্থালির কয়লা স্তূপীকৃত। চোখে পড়ে সবুজ মসের পুরু আস্তরণে ঢাকা চুণবালিবিহীন দাঁত বেরোন নড়বড়ে পাঁচিলের একটুখানি। এক কোণে ভাত খাচ্ছে মিনতি। বারান্দার

মাঝখানে অনাবশ্যক জায়গা জুড়ে ঠ্যাং মেলে চা'ল ঝাড়ছেন ওর ঠাকু'মা। সামনে গুটীদুই চড়াইপাখী ছড়িয়ে পড়া চা'লের প্রত্যাশায় মুখ উঁচু করে ব'সে।

—'কেমন আছ, ও ঠাক্‌মা?' কাছে যেয়ে ত্রিপদী বেঞ্চিখানার একটা কোন দখল ক'রে বসি।

—'আরে ওটায় বসিস্ নি। প'ড়ে হাত-পা ভাঙ্গবি? ব'স এখানটায়।' ঠাকু'মা আঁচলটা বারদুই নিজের পাশে মেঝেতে বুলিয়ে জায়গাটা নির্দেশ ক'রলেন। সুতরাং সাবেক আসন ছেড়ে নেমে ব'সতে হ'ল।

—'ছুটী ক'দিন? এলি কখন্? কালকে বুঝি?' ঠাকু'মার একসঙ্গে একঝুড়ি প্রশ্ন।

জবাব দিই, 'ছুটী মোটে দু'দিনের। কালই যাব। আর এলাম ত' এই মাত্তর। এখনও বাড়ী যেয়েই পৌঁছুই নি। কাল এসেছি, তুমি বিশ্বাস করো ঠাক্‌মা। তা' হ'লে এই পুরো একদিন তোমাকে না দেখে আমি থাকি? তুমিই বলো। কি ঠাক্‌মা?' ঠাকু'মার দিকে আরও একটু ঘনিষ্ঠ হ'য়ে বসি।

—'হ্যাঃ। বুড়ির কি আর আছে সে বয়েস?' ফোঁস ক'রে একটা দীর্ঘনিঃশ্বাস ফেলে চুপ করেন 'ঠাকু'মা। অর্ধশতাব্দী আগেকার এক ষোড়শী তার উদ্দাম প্রাণপ্রাচুর্য আর অঝোরঝরা চপল হাসি নিয়ে জেগে ওঠে মনশ্চক্ষে। অদূরে ভাতের থালার উপরে স্থির হ'য়ে থাকা মিনতির আঙুলগুলোর পানে দৃষ্টি মেলে ব'সে থাকি।

হঠাৎ মিনতির দিকে চেয়ে বলেন ঠাকু'মা—'কি রে, হাঁ ক'রে ব'সে রইলি যে। ছেলেটা এলো না খেয়ে-দেয়ে। হাত ধুয়ে কিছু খেতে-টেতে দে।' স্বরটা বিরক্তিতে ঝাঁজালো।

—'কেন ব'সে আছে জান, ঠাক্‌মা? আমার সামনে লজ্জায় ওর ভাত মুখে উঠ্‌ছে না। যে রাক্ষুসে হাঁ। দেখে ফেলি যদি।' হাল্কা ঠাট্টায় আবহাওয়াটাকে হাল্কা ক'রে দিতে চেষ্টা করি।

—'হ্যাঁ, ভারী ত' লজ্জা। ব'লছে ওকে গলা ধ'রে।' নিজের কথায় নিজেই লজ্জিত হ'ল বুঝি মিনতি। ফরসা গাল দু'টো রক্তিম হ'য়ে উঠল ক্ষণিকের জন্যে। শেষফল রাগটা প'ড়ল ভারতের উপরে। আমার দিকে মুখ ক'রে গোগ্রাসে গিলতে সুরু ক'রল। খাওয়া শেষ ক'রে হাত ধুয়ে ঘরে ঢুকল মিনতি।

—'কিরে, নতি, দে কি দিবি।' ঘরে ঢুকি আমিও।

—'দেবে কি ছাই। বুড়ি ত' ব'লেই খালাস। আছে ও বেলার বাসি ভাত। খাবে?'

'তুই যা খেলি ওই ত'? তা' দে না', বলি অম্লান বদনে, 'কই ওঠ্।'

উঠবার লক্ষণ দেখায় না মিনতি। 'নিজের বাড়ী আছে। গিয়ে খাওগে না।' হ্যাংলা কোথাকার।' ঝংকার দিয়ে ওঠে ও।

অনেকক্ষণ থেকে একটুকরো কাপড় নিয়ে নাড়াচাড়া ক'রছিল ও। জিজ্ঞেস করি, 'কিরে ওটা? টেবিল ক্লথ ক'রবি? দে, একটা ছবি এঁকে দিই।'

অনাবিল খুসিতে ওর মুখটা উদ্ভাসিত হ'য়ে উঠ্‌ল। ডাগর চোখ দু'টো আনন্দে ছোট হ'য়ে আসে। সত্যি দেবে এঁকে? বড় ভাবনায় প'ড়েছিলুম, কাকে দিয়ে এঁকে নেব।' আকুতিতে ভেঙে পড়ে মিনতি। ফুল লতাপাতা—পানির দাদা যেমন এঁকে দিয়েছে পানিকে। না, তার চেয়েও ভাল হওয়া চাই কিন্তু। উঁহুঁ, ও কি হ'চ্ছে। দুষ্টুমি ক'রে খারাপ ক'রে দেবে বুঝি? তা' হ'লে কিন্তু ফেলে দেব ও কাপড়টা। বারে, বেশত' হল ফুলটা!' ও বক্‌বক্ ক'রেই চলে।

—খাটিয়ে নিচ্ছ এত ক'রে। অথচ সেই কতক্ষণ থেকে ব'লছি খিদে পেয়েছে। হাতের কাজের প্রতি এত দৃষ্টি নিবদ্ধ রেখেই অনুযোগ করি।

—'বড্ড জ্বালাতন কর তুমি, দেবীদা। তুমি যা' তা' খেতে চাইলেই বুঝি আমি দিতে পারি। বলো তুমিই।'

এই সব মুহূর্তগুলো আসে বহুদিন অন্তে ক্বচিৎ কদাচিৎ যখন নিতান্ত সহজ মিনতির একান্ত স্পষ্ট ক'রে বলা কথাগুলোও দুর্বোধ্য মনে হয়। কেমন যেন এই কথাগুলো। বাইরে থেকে যেমন দেখি, তারা ঠিক তেমন নয়। হাল্কা তাদের ওজন। কিন্তু তাদের গভীরত্ব মনকে অভিভূত ক'রে দেয়,। কাছে থেকেও কেমন যেন না বোঝাবার ব্যবধানে স'রে যায় মিনতি। তবুও ভাবতে ব'সে দেখি দূরের মিনতি কাছের হ'য়ে এসেছে। আশ্চর্য!

সন্ধ্যেবেলা অন্ধকার শয্যায় শুয়ে জানলা দিয়ে চেয়েছিলুম বাইরে। মা এলেন পাড়া বেড়ানো শেষ ক'রে।

—'দিন দিন যত বড় হচ্ছিস্, তত তুই কি হচ্ছিস্ বলত', দেবি।' স্বরটা ঝাঁজালো। বুঝতে পারি জরুরি কোন কিছুর ভূমিকা শুরু হ'ল সবে। সুতরাং একটা কৃত্রিম নিঃস্পৃহতার ভাব নিয়ে বাইরে চেয়েই শুয়ে থাকি!

—'ছিঃ ছিঃ, আজও আমরা বাপ মা বেঁচে রয়েছি। একটু লজ্জাভয়ও ত' থাকে মানুষের।'

নিঃস্পৃহতা রক্ষা করা আর সম্ভব নয়। বিরক্তিভরে মুখ ফিরিয়ে বলি, 'কেন কি হ'ল?'

—'ও বাড়ীতে কেন গিয়েছিলি তুই আজ আবার?'

—'মিছে কথা। আমি যাই নি।'

—'দেখ্, আমাকে বোকা ঠাওরাস্ নে। বুড়ি মিছে ব'ল্লে।'

হতাশ হ'য়ে বিছনায় গা এলিয়ে দিলাম। এমন স্বপ্নময় সায়াহ্নের যে একটা সম্পূর্ণ ছন্দোবৈচিত্র্যময় কবিতা গড়ে উঠছিল মনে নির্মম আঘাতে তা' টুক্‌রো টুক্‌রো হ'য়ে

গেল। ছোট্ট একটু ব্যথা জেগে ওঠে প্রাণে—প্রতিবাদের লেশবিহীন, অসহায়তার কারুণ্যে ভরা। আগেকার দিনে এজন্যে রাগ হ'ত, দুঃখ হ'ত, মনে আস্‌ত প্রচণ্ড একটা নালিশ। এখন বুঝি এ ঘট্‌বেই। ক্ষণিকের এইটুকু অবসরে এই যে সুন্দর এসে ধরা দেয় মনের মধ্যে, এই যে ভেঙ্গে শতখণ্ড হ'য়ে হারিয়ে যায় তা' দুনিয়ার অর্থহীন অবাঞ্ছিতের তাড়নায়—একেই জীবনের সত্য ব'লে মেনে নিয়েছি এখন। তবু ব্যথা বাজে।

—'বুড়ির কি তেজ। আমার মুখের সামনে হাত নেড়ে মুখ নেড়ে কথা বলে। মিনতির ঠাকুরমার পক্ষে এ অমার্জনীয় অপরাধ। সে বিদ্যায় মায়ের পারদর্শিতা অনেকদিনের। পাড়ার মেয়েমহল থেকে তিনি যোগ্যতার সার্টিফিকেটও পেয়েছেন এজন্যে। অতএব আত্মসম্মানে ঘা লেগেছে তাঁর।

—'তা এই ভর্‌সন্ধ্যেয় ব'লে রাখ্‌ছি, বাপু ঘরে যার সোমত্ত মেয়ে তার এত দেমাকও ভাল নয়। আর মেয়েও ত' তেমনি। নাক-লজ্জা-ছায়া ব'লে কিছু যদি থাকে। নিত্যদিন সাঁঝ প্রদীপ দেখানো হ'লে পাড়া বেড়িয়ে ফেরেন! দেখা যাবে ও মেয়ের—

দার্শনিক নিঃস্পৃহতায় তখন মন ভ'রে উঠেছে আমার। মনে হ'চ্ছে জগৎ মিথ্যে মানুষ মিথ্যে; তার ঘরকন্না, ঝগড়াঝাঁটি এত' দুদিনের খেলাঘরের মত অর্থহীন। আশ্চর্য হ'য়ে যাই আমি। যখন দশটা-পাঁচটা অফিস ক'রে কলেজ সেরে মহানগরীর রাজপথ বেয়ে মেসে ফিরি, তখন সেই পরিচিত নোংরা স্যাঁতসেঁতে গলির মধ্যে মেসবাড়িটায় বন্ধুবান্ধবদের তাস পাশা দাবা আর একঘেয়ে বহু পুরাতন অশ্লীল ঠাট্টাবিদ্রূপের কল্পনায়ও মন কেমন বিরূপ হ'য়ে ওঠে। তখন মনে পড়ে বাড়ীর কথা—মা বাবা আছেন। আমার আছে ছোট ভাই বোন। সে বাড়ী আশৈশব পরিচিত এই বাড়ী। কি ভাবতে বিস্ময় লাগে,—সেই মনে পড়া বাড়ীর স্মৃতির সঙ্গে বাস্তবের তফাৎ ও র'য়েছে কত। তখন মনে হয় শ্যামশ্রীময়ী পল্লীর বুকে এ বুঝি আমার 'ছায়া সুনিবিড় শান্তি নীড়'। এখানে সহরের আলোকবাহুল্য নেই। আছে শান্তস্তিমিত আধো অন্ধকার, আছে সব ভুলানো ঘন শ্যামরূপ। অথচ বহুদিন অন্তে প্রতিবারেই গাঁয়ে ফিরি। প্রতিবারেই দেখি, আছে সবই; কিন্তু তার সঙ্গে আরও র'য়েছে সংসারে হাজার রকমের টুকিটাকির অবাঞ্ছিত প্রশ্ন, আছে নিতান্ত অর্থহীন ঝগড়াবিবাদ—পারিবারিক এবং সামাজিক। প্রতিবারেই ভুল ভেঙ্গে যায়। তবুও যখন ক'লকাতায় ফিরি তখন দিনান্তে আবার এই ভুল ক'রতেই যেন ভাল লাগে। কী অদ্ভুত হ'য়ে গেছে জীবন। ভুলের অবলম্বনে মনকে আশ্বস্ত করবার অর্থহীন চেষ্টা চারিদিক জুড়ে।

ওদের আর আমাদের বাড়ীর মাঝখানে ছোট্ট একটি পুকুর। পুকুর ঘুরে ওদের বাড়ীর সামনে দিয়ে ষ্টেশনের রাস্তা। পড়ন্ত রোদে ব্যাগ হাতে চ'লেছিলাম। জানলা

দিয়ে ডাকল মিনতি। আশ্চর্য হ'য়ে গেলাম, নিজের সম্পূর্ণ অজান্তে এই ডাকটুকুরই প্রত্যাশা ক'রছিলাম এতক্ষণ। সম্পূর্ণ ইচ্ছা সত্ত্বেও নিরাসক্ত কণ্ঠে বলি, 'গাড়ীর সময় হ'য়ে গেছে।'

—'তা হ'ক গে, এসো না। বাবা বাড়ী নেই। ঠাক্‌মা ঘুমচ্ছে। ঝগড়া ক'রবে না কেউ তোমার সঙ্গে।'

কাল্পনিক অনিচ্ছা দেখিয়ে পথ ছেড়ে ঘরে উঠি। অনেক গল্প হ'ল, ক'লকাতার গল্প। জাদুঘরটা কেমন, চিড়িয়াখানায় কি কি জন্তু আছে, ময়দানটা কত বড়, আমাদের 'বকগাড়ীর মাঠের' চেয়েও বড় কি না, ইত্যাদি অনেককিছু—যার জবাব ইতিপূর্বে কতবার দিয়েছি; তবুও ওর আশা মেটেনা যেন। ওর মুখের দিকে চেয়ে চেয়ে হঠাৎ বড় মায়া হয়। মাতৃহীন অল্পশিক্ষিত পাড়াগাঁয়ের মেয়ে—নিজের চেষ্টায় চিঠিপত্তরগুলো লিখতে শিখেছে শুধু চলনসই মত। কত ওর জানবার ইচ্ছে, দেখবার সাধ। কাঁচামনের সে সব আগ্রহ মেটাবার নেই কোন সম্ভাবনাই। ওর বয়েসী সহরের মেয়েদের দেখেছি—চলনে বলনে ওর থেকে কতো আলাদা।

হঠাৎ বলে মিনতি, 'কাল তোমার জন্যে চা আনিয়ে রেখেছি। বোস একটু। ও চ'লে গেল রান্নাঘরে। ব'সে ব'সে একটুক্‌রো কাগজের উপরে হিজিবিজি দাগ কেটে চ'লেছি। কাগজ এবং কালির আঁচড়। মনে প'ড়ছে অফিসের কথা। কাল কাল হরফে ভর্তি রাশীকৃত কাগজের অন্তরালে ব'সে কাগজের ওপরে কালির অক্ষরে মোটা মোটা টাকার অঙ্ক লিখে চ'লেছে দুঃস্থ কেরাণী, যার পকেট নাড়া দিলে তিনটি কি চারটি তাম্রমুদ্রা শব্দ ক'রে ওঠে—দিনান্তে বাসায় ফেরবার ট্রাম ভাড়া হয়ত।'

মিনতি চা নিয়ে এল। হাতের কাগজটা দেখিয়ে বলি, 'বলত', নতি, এটা কী জন্তুর ছবি হ'লো? এই যে গণেশ মার্কা পেট আর টেকো মাথা?

মিনতি কাগজের উপরে ঝুঁকে প'ড়ে সবিস্ময়ে বলে, 'জন্তু কে ব'ল্লো। মানুষ ত' একটা।'

—ঠিক চিনেছিস্ ত'। অনেকটা আমাদের অফিসের বড় কর্তার মত দেখ্‌তে! চিড়িয়াখানার কথা বলছিলি ত' তখন? এই রকমের জন্তুগুলোকে সেখানে খাঁচায় পুরে রাখলে কেমন হয় বল্‌ত'?'

মাঝে মাঝে বড় ভুল হ'য়ে যায়। এ সব অর্থহীন বাজে বক্‌ছি মিনতির সঙ্গে; মিনতি কী বুঝবে এসব কথার? ক'লকাতার নামে ওর চমক লাগে। সওদাগরি অফিসের ত্রিতল বাড়ীটাকে ও সম্ভ্রম ক'রবে। কিন্তু বুঝবে না তার মর্মবেদনা।.....

ট্রেণ চ'লেছে। জানালার বাইরে তাকিয়ে ব'সে আছি। টুক্‌রো টুক্‌রো ঘটনা সব। আপাত চোখে মনে হয়, একটার থেকে আর একটা সম্পূর্ণ বিচ্ছিন্ন। কিন্তু ভেবে দেখতে গেলে টের পাই, এরা ছন্দোহীন খাপছাড়া নয় মোটেই। একটার সঙ্গে আর একটার

যোগসূত্র নেই হয়ত'। তবুও সবগুলো মিলিয়ে গ'ড়ে উঠ্‌ছে যেন একটা বিনিসুতোর মালা! জীবনের এই দু'দিন সমস্ত জীবনের অসংখ্য দিনের ভীড়ে নিতান্ত নগণ্য। এ দুদিনে যা ঘটল তাও ত' ছেঁড়া ছেঁড়া—বিযুক্ত বিচ্ছিন্ন। তবুও এরা সত্যি। সুদীর্ঘ জীবনের সামগ্রিক রূপটাও নিহিত রয়েছে যেন এদের খণ্ডরূপের মধ্যেই।.....

জানলার বাইরে সবুজ দিগন্তটা ঘুরছে চক্রাকারে। লাইনের দুপাশের পাছপালা ছুটে চ'লেছে পিছনে। মিনতি প'ড়ে রইল পিছনে। প'ড়ে রইল কে ব'লেছে! জলস্থল বিশ্বব্রহ্মাণ্ড পরিব্যাপ্ত ক'রে যে অফুরন্ত জীবনপ্রবাহ সেই প্রবাহের মুখে ভেসে চ'লেছে গ্রহ উপগ্রহ, অগণন জ্যোতিস্কপুঞ্জ, নীহারিকামণ্ডলী—ভেসে চ'লেছি তুমি-আমি মিনতি.....গতির একটা উন্মাদনা আছে। মন্থর রক্তধারায় জাগে অভিনব উদ্দীপনা। জীবনের 'ফিলসফি' যায় ব'দলে। প্রত্যহের মামুলিপনায় যাকে মনে হ'য়েছিল রুদ্ধ পংকিল জলাশয়, হঠাৎ সেখানে অনুভব করি স্বতঃস্ফূর্ত জীবনধারা।.....

অভ্যস্ত শব্দভুলে গাড়ীটা উঠে প'ড়ল একটা ব্রিজের উপরে। জানলা দিয়ে নীচের দিকে তাকাই। চোখে পড়ে গ্রীষ্মের শীর্ণ নদী বর্ষার অফুরন্ত জলপ্রবাহে ফুলে ফুলে উঠ্‌ছে।

প্রকৃতির নির্বাসন

অরুণকুমার দত্তগুপ্ত

(৬ষ্ঠ বর্ষ আর্টস (পরীক্ষার্থী)

ইংরেজ কবি কুপার বলিয়াছিলেন—"ভগবান সৃষ্টি করিয়াছেন পল্লী, আর মানুষ রচনা করিয়াছে নগর।" শুধু তাহাই নয়। ভগবানের সৃষ্ট পল্লীকেও মানুষ নূতন করিয়া সৃষ্টি করিতে চাহিতেছে। আধুনিক সহুরে বাবুদের মজলিসে একজন গ্রাম্যচাষার উপস্থিতি যেমন অসহ্য ঠেকে, আধুনিক নগর-সভ্যতার সভায় 'অসভ্য' পল্লীকেও তেমনি একটা উপদ্রব বলিয়া মনে হইতেছে। অতি-উৎসাহী খৃষ্টান মিশনারীদের মত আজিকার সভ্যতা গ্রামকে গ্রামত্ব হইতে উদ্ধার করিয়া নগরধর্ম্মে দীক্ষাদান করিবার জন্য যেন ব্যাকুল হইয়া উঠিয়াছে, পল্লীকে সহর করিয়া তোলাই নবসভ্যতা সর্ব্বশ্রেষ্ঠ কর্ত্তব্য বলিয়া ধার্য্য করিয়াছে। সেজন্য সভ্যতার নিযুক্ত কর্ম্মীরা পল্লীর আনাচে কানাচে তাঁবু গাড়িয়া বসিতেছে, বনজঙ্গল কাটিয়া পরিষ্কার করিয়া পরিকল্পনানুযায়ী সহর রচনা করিয়া যাইতেছে, কলকারখানা বসাইতেছে, পচা ডোবা আর জলা মাঠ ভরাইয়া গল্‌ফ্‌ ও ফুটবল খেলার মাঠ তৈয়ারী করিতেছে, এমন করিয়া গ্রামাঞ্চলকে পরিবর্ত্তিত করিয়া দিতেছে যে, রাজহাঁসগুলির সাঁতার দিবার জন্য এতটুকু জলখণ্ড মিলিতেছে না, বসিয়া থাকিতে থাকিতে উহাদেরও ক্যানসারে ধরিতেছে। 'উৎসুক হংসনাদ' বড় একটা শোনা যায় না, পাখীডাকা তালতমালকুঞ্জগুলি একে একে অদৃশ্য হইতেছে; মধ্যদিনে

পাখী গান বন্ধ করিলে দিগন্তবিস্তৃত মাঠের যেখানটায় রাখাল মোহনবেণু বাজাইতে থাকিত, সেখানে এখন কলের ভেঁপু বিশ্রী কাব্যবিগর্হিত সুরে মাঝে মাঝে বাজিয়া উঠিতেছে। যেপথে গরুর গাড়ী কঁ্যাচ কঁ্যাচ করিতে করিতে কোন এক গাঁয়ের বধূকে বাপের বাড়ীর উদ্দেশে লইয়া যাইত, সেখানে হয়ত একটি বাস চলিয়াছে পাকারাস্তার উপর দিয়া, আর তারই ভিতরে অগণিত যাত্রীর ভিড়ের মাঝখানে চুপ করিয়া বসিয়া ঘামিতেছে একটি কিশোরী, বাপের সঙ্গে ঝগড়া করিয়া যে আর কখনো গ্রামে আসিবে না বলিয়া প্রতিজ্ঞা করিয়াছে। কবি পাগলের মত চেঁচামেচি করিয়া মরিতেছেন পল্লীর এই অবর্ণনীয় দুর্দ্দশা দেখিয়া। গ্রাম মরিলে কবিতা মরিবে,—গ্রামের এই ছায়াকুঞ্জ, এই স্তব্ধ কালোদীঘির জল, এই শস্যক্ষেত, এই মেঠোরাস্তা, এই পাখীর ডাক, এই শ্যামলতা, এইগুলিই যে কবিতার জন্ম দিতেছে! সবচেয়ে বড় অভিযোগ এই যে, অপরিষ্কার ঘরের মেঝে ঝাড় দিতে দিতে অপ্রয়োজনীয় জঞ্জালের সঙ্গে সঙ্গে যেমন অনেক সময় প্রয়োজনীয় দুই একটা জিনিষও আমরা ফেলিয়া দিই। তেমনি সমগ্র পল্লীপ্রান্তকে এই যে আধুনিক সভ্যতা তাহার বিরাট অদৃশ্য ঝাড়ু দিয়া সাফ করিতে সুরু করিয়াছে, সেখানে পল্লীব বনঝাড় আর কচুরীপানার মধ্যে প্রকৃতি বলিয়া যে অশরীরী বাস করে তাহাকেও বিদায় দেওয়া হইতেছে। ওয়ার্ডস্‌ওয়ার্থের দেবতা, কালিদাসের 'তমালতালীবনরাজিনীলা' তন্বী, রবিঠাকুরের 'ছায়াসুনিবিড় শান্তির নীড়' যে গ্রাম্যপ্রকৃতি তাহাকে আমরা নির্ব্বাসনদণ্ড দিয়াছি আমাদের বিচরণভূমি হইতে, অসভ্য বর্ব্বর বন্যপ্রকৃতি আমাদের রুচি ও চাহিদার সঙ্গে নিজেকে খাপ খাওয়াইতে না পারিয়া বিদায় লইতেছে, আমরা চোখ বুজিয়া তাহার ছাড়পত্র মঞ্জুর করিয়া দিতেছি।

মানুষ চায় নিজের ভাগ্যকে নিজে গড়িয়া তুলিতে। এমন একদিন ছিল যখন কবে কাহার ঠাকুরদাদা সাহেবদের কাছ হইতে বড় একটা খেতাব পাইয়াছিলেন কিংবা বাঘের সঙ্গে একাকী খালিহাতে যুজিয়াছিলেন সেকথা সকলের কাছে বলিয়া বেড়াইতেই অনেকে দিন কাটিয়া যাইত। সেদিন নাই। বাপঠাকুরদাদার টাকায় পরের উপর টেক্কা মারিয়া চলিতে আজকালকার বুদ্ধিমান্ ছেলেরা লজ্জা অনুভব করে, পূর্ব্বপুরুষের নাম ভাঙাইয়া খাইতে এখন আর বুক বেশী উঁচু হইয়া উঠে না। ঠিক তেমনি আধুনিক সভ্যতা ভগবানের দেওয়া সম্পদ্ ভাঙাইয়া খাইতে যেন সরমবোধ করিতেছে। সেজন্য যাহা যেমনি আছে ঠিক তেমনটি থাকিলে চলিবে না। সৃষ্টিকর্ত্তার সৃষ্টিকে মানুষ নিজের স্বপ্নের মত নূতন করিয়া সৃষ্টি করিবে। সৃষ্টির এই যে অদম্য আকাঙ্ক্ষা ইহার হাত হইতে দুনিয়ায় কোন কিছুই বাদ পড়িতে পারে না—পল্লী না, এমনকি ভগবানও না। কিন্তু যে গ্রাম মানুষ সৃষ্টি করিতেছে সে-গ্রাম ভগবানের সৃষ্ট নহে, কুপার যে পল্লীপ্রান্তের কথা বলিয়াছিলেন, এ সেই পল্লীপ্রান্ত নহে। এখানে পাখীর গান আর ফুলের সুগন্ধ হইতে আরম্ভ করিয়া কপোত-কপোতীর নীড়রচনা পর্য্যন্ত সবকিছুতেই মানুষের হাত পড়িয়াছে। যাহাকে আমরা এতদিন নৈসর্গিক বলিয়া জানিয়া আসিতেছি, সেই নৈসর্গিকের এতটুকু চিহ্ন এখানে পাইবনা। আধুনিক সহরের মত

আধুনিক পল্লীপ্রান্তও মানুষের হাতের কাজ। এখানে মানুষ নিজের বৈশিষ্ট্যকে রূপদান করিয়াছে, ভগবানের মালমশলা লইয়া মানুষ নিজের কারখানা বসাইয়াছে, নিজের ভালোলাগার মত করিয়া সবকিছু সে সৃষ্টি করিবে। এতদিন কাব্যে যে প্রকৃতির বর্ণনা আমরা পড়িয়াছি, সে প্রকৃতিকে আধুনিক পল্লীতে খুঁজিয়া পাইবনা। যদি কোনদিন লণ্ডন কিংবা প্যারীর হট্টগোল হইতে আত্মরক্ষার সংকল্প করিয়া শান্ত প্রকৃতির অন্বেষণে বাহির হইয়া পড়ি, তবে এমন একদিন আসিতেছে যেদিন গ্রাম হইতে গ্রামান্তরে ঘুরিয়াও গ্রামকে খুঁজিয়া পাইবনা, পাগলের মত ছুটিতেই থাকিব; তবু ভবিষ্যতের পরিকল্পিত গ্রামের কোন ছায়াবীথি হইতে রবীন্দ্রনাথ-ওয়ার্ডস্‌ওয়ার্থ-কালিদাসের প্রকৃতি আত্মপ্রকাশ করিবেনা। যাহাকে আমরা 'প্রকৃতি' বলি, মানুষের হস্তশিল্পের মাঝখানে তাহাকে খুঁজিয়া পাইব কি করিয়া?

দেখা যাইতেছে যে, বছরের পর বছর নগরের সংখ্যা ক্রমশঃ বাড়িয়াই চলিয়াছে, সহরের সীমানা গ্রামের বুকের উপর আসিয়া পড়িতেছে, গ্রামের অধিকার খর্ব্ব ও সংকীর্ণ হইয়া যাইতেছে। আজ মানুষের সীমাহীন চাওয়ার কাছে পল্লীর পরিত্যক্ত মাঠ ও মরানদী বিরাট অপচয় বলিয়া ঠেকে। নগরের ক্ষুদ্র পরিসরে মানুষ সুস্থ স্বচ্ছন্দ সৌন্দর্য্যময় জীবনযাপন করিতে পারিতেছে না। কলকারখানা আর হাটবাজারে মিলিয়া অনেকখানি জায়গা দখল করিয়া বসিয়াছে পৃথিবীর মহানগরীগুলির বুকে। তদুপরি কলের ধোঁয়া, সংক্রামক ব্যাধি এবং অশান্ত কোলাহল মিশিয়া যে বিষ মানুষের পাড়ার অভিমুখে প্রবাহিত করিয়া দিতেছে তাহাকে ঠেকাইয়া রাখা ক্রমেই যেন দুঃসাধ্য হইয়া পড়িতেছে। মানুষের উপর গিয়া পড়িয়াছে মানুষ, তাহাদের উপর চাপিয়াছে যন্ত্রদানব, আবার উহার পায়ের উপর গিয়া পড়িতেছে নূতন নূতন মানুষের দল। যন্ত্রসভ্যতার ঘাঁটি নগর, পল্লীর স্বাধীন জীবিকার্জ্জনের সমস্ত পথ বন্ধ করিয়া নিজের বিশিষ্ট কর্ম্মশালা প্রতিষ্ঠিত করিয়াছে এই সভ্যতা। আমেরিকায় উপনিবেশ গঠনের জন্য একদা য়ুরোপ আফ্রিকাকে নিজের পল্লীগৃহ হইতে টানিয়া বাহির করিয়া বলপূর্ব্বক সমুদ্রপারে চালান দিতে উদ্যত (এবং সমর্থ) হইয়াছিল। যদি ভাবিয়া দেখি, তবে বুঝিব তাহার চেয়েও করুণ পল্লীর নিগৃহীত জীবনের কাহিনী—পল্লীকে বন্দী করিয়া যন্ত্রসভ্যতার উপনিবেশ স্থাপনের কাজে কাফ্রীদাসদের মত নিযুক্ত করিবার বেদনাময় আখ্যায়িকা। সে যাহাই হোক, বর্ত্তমান সভ্যতার দৃষ্টিতে পুরাতন পল্লীঅঞ্চলগুলি অপচয় মাত্র। আধুনিক 'সভ্য' জীবনযাপনের জন্য যেসব সামগ্রী আবশ্যক সেগুলি বহির্জগতের সম্পর্কশূন্য গণ্ডগ্রামে বসিয়া ব্যবহার করা কোন আধুনিকের ইচ্ছা নয়। লণ্ডন-প্যারী-কলিকাতায় হাঁফাইয়া উঠি, অসুখ বিসুখে ব্যতিব্যস্ত হইয়া পড়ি, সৌন্দর্য্য-পিপাসু চক্ষুকে পরিতৃপ্ত করিব এমন সৌন্দর্য্য খুঁজিয়া পাই না। এজন্য পল্লীতে গিয়া বাস করিতে চাহি, 'গ্রামে ফিরিয়া যাও' একথা বলি। অথচ গ্রামে শিয়ালের ডাক সহ্য করিতে পারি

না, সাপ খোপের উপদ্রবে ভয় পাই, বাঁধানো রাস্তাঘাট আর ফুটবল খেলার মাঠ না দেখিলে ক্ষুব্ধ হই। সুতরাং আধুনিক সভ্যমানুষকে ঘরে স্থান দিতে হইলে পল্লীর পক্ষে জাতিবিসর্জ্জন ছাড়া গত্যন্তর থাকে না, তাহাকে সহর সাজিতেই হয়। কবির প্রকৃতি আধুনিক পল্লীতে থাকিতে পারে না, তাহার রাজ্যপাট ধীরে ধীরে লোপ পাইতে বসিয়াছে। য়ুরোপ আর আমেরিকায় তো একরকম উঠিয়া গিয়াছে বলা চলে, এশিয়া এবং আফ্রিকাতেও উঠিল বলিয়া। মানুষ সমগ্র পৃথিবী জুড়িয়া বাস করিতে আরম্ভ করিয়াছে। যন্ত্র সভ্যতাকে বাঁচাইয়া রাখিতে হইলে নগরের সীমা একটু একটু করিয়া সমগ্র পল্লীঅঞ্চলের উপর প্রসারিত করিয়া দিতে হইবে। সুস্থ সুন্দর জীবনযাপন করিতে হইলে সারা দুনিয়াটাকে একটা পরিকল্পনানুযায়ী সাজাইয়া গুছাইয়া না নিলে চলিবে না। ভাবীকালের পল্লীতে যত্রতত্র শৃগাল ও নেকড়ের ডাক শোনা যাইবে না, মানুষের সহিত সংগ্রামে পরাজিত হইয়া বন্য জগতকে মানুষের নির্দ্দেশ মানিয়া লইতে হইবে, মানুষ দয়া করিয়া চিড়িয়াখানায় অথবা কৃত্রিম যে সব বনভূমিতে স্থান ঠিক করিয়া দিবে তাহাকে মানে মানে সেইখানেই আশ্রয় লইতে হইবে। যাহা কিছুর সঙ্গে বহুদিনের পরিচয় তাহাকে বিদায় দিতে বড় মায়া হয় জানি। বন্যপল্লীকে এভাবে নির্ব্বাসিত করিতে আমাদের যে কষ্ট হইবেনা তাহা নহে। কেহ কেহ অবশ্যই কাঁদিয়া বলিবেন—

"দাও ফিরে সে-অরণ্য, লও এ নগর"

কিন্তু তাই বলিয়া যুগের গতি আমরা রোধ করিতে পারিব না। নাগরিক এ সভ্যতা মানুষেরই রক্তদিয়া গড়া, মানুষেরই সাধনার দ্বারা লব্ধ, মানুষেরই পরিশ্রমের ফল। যদি বলি আমরা ইহা চাই নাই, তবে আমরা ভুল করিব। আজ যাহা দেখিতেছি তাহা আমরাই একদা দেখিতে চাহিয়াছিলাম। যদি অস্বীকার করি, যদি ফিরিয়া যাই, তবে আমাদের লজ্জার সীমা থাকিবে না। আমাদের হার হইবে। আমরা বাঁচিতে পারিব না। বরঞ্চ, পল্লীর অস্বাস্থ্য দুর করিয়া সেখানে স্বাস্থ্য আনয়ন করিতে হইবে, পল্লীর অশিক্ষার অন্ধকারে শিক্ষার প্রদীপমালা জালাইয়া দিতে হইবে, পল্লীর বিবর্ণ মুখে রক্ত সঞ্চার করিতে হইলে আধুনিক সভ্যতার ঔষধ দিয়াই তাহার চিকিৎসা করিতে হইবে। মহানগরীর বিষাক্ত জীবনের মাঝখান হইতে মানবতাকে উদ্ধার করিয়া তাহাকে যেখানে বসাইব সেখানে তাহার দেহ মনের যাবতীয় উপকরণ যোগাড় করিয়া আনিতেই হইবে, কবিতার খাতিরে গ্রামের অস্বাস্থ্যকর ডোবা আর জঙ্গল বাড়িতে দেওয়া চলে না।

এই যে সভ্যতার দ্বারা পল্লীকে নগরোপম করিয়া তোলা, ইহাকে কি সত্যই প্রকৃতির নির্ব্বাসন বলা যায়? আসলে যাহা কিছু মানুষের ছোঁয়া হইতে আত্মরক্ষা করিয়া চলিতেছে শুধু মাত্র সেই সবকেই প্রাকৃতিক বলার বিশেষ তাৎপর্য্য নাই। কৃত্রিম অকৃত্রিম সবকিছুর

মধ্যেই প্রকৃতি বাস করিতেছে। স্রষ্টার সৃষ্টি এবং সৃষ্টির সৃষ্টি—ইহাদের যে দুইটি নিজস্ব প্রকৃতি তাহারা বিভিন্ন নহে, ইহারা একই প্রকৃতির বিভিন্নরূপ। এই মাঠ, এই নদী এই ছায়াতরু, এই দীঘির স্তব্ধ জল, এই বিহঙ্গ-কুজন—ইহাদের মধ্যে আজ যে-প্রকৃতিকে দেখিলাম, কাল যখন এই মাঠে কারখানা বসিবে, এই নদীর উপর সেতু নির্ম্মিত হইবে, সেই ছায়াতরু কাটিয়া আকাশস্পর্শী বাড়ী উঠিবে, মজাদীঘি ভরাট হইয়া ঘোড়দৌড়ের মাঠ নির্ম্মিত হইবে, এই বিহঙ্গকুজনকে নির্ব্বাক্ করিয়া রেডিও বাজিতে থাকিবে, তখন ঐ রূপান্তরের মধ্যেও একই প্রকৃতি জাগিয়া থাকিবে। কেহ কেহ এই রূপান্তরকে মনে মনে সহ্য করিতে পারেন না; যাহাতে তাঁহারা অভ্যস্ত উহাকেই 'নৈসর্গিক' আখ্যাদান করিয়া বসেন; আর অনিবার্য্য বিশ্বনিয়মবশতঃ যখন ঐ অভ্যস্ত পৃথিবীর চিত্রপটে রং বদলাইতে থাকে, তখন বর্ণের সাথে চিত্রপটটাও বদলাইয়া গিয়াছে বলিয়া কান্নাকাটি জুড়িয়া দেন। আসলে চিত্রপটটা ঠিকই আছে, ছবিটা পরিবর্ত্তিত হইয়া গিয়াছে মাত্র। ঐ ছবি প্রকৃতি নহে; উহা প্রকৃতির আপনাকে প্রকাশিত করিবার একটি বিশিষ্ট পন্থা। চিরনূতনা চিরযৌবনা প্রকৃতি পরিবর্ত্তনের ভিতর দিয়াই নিজের ধর্ম্ম রক্ষা করিতেছে। যিনি পল্লীর বুকে সভ্যতার কর্ম্মশালা দর্শন করিয়া প্রকৃতির মৃত্যু হইয়াছে বলিয়া হাঁক ছাড়িতেছেন, তিনি ছবিটাকেই প্রকৃতি বলিয়া ভুল করিতেছেন।

নগর-সভ্যতা গ্রামকে সহর বানাইয়া তুলিতেছে, তুলুক্, তাহাতে এত অস্বস্তি ও আপত্তির কারণ কি? আমরা তো বুঝিতেছি যে, সহস্র বছর পরে দুনিয়ায় পল্লী বলিতে যাহা বুঝি এমন কোন কিছুর অস্তিত্বই থাকিবে না। তবু সেখানে মানবতা বাঁচিয়া থাকিবে, মানুষের অমরতার সাধনা চলিতে থাকিবে, মানুষের সুখের জন্য মানুষ প্রাণ দিবে। সেখানে কি স্বাস্থ্য থাকিবে না? সেখানে কি সৌন্দর্য্য থাকিবে না? সেখানে কি অসীমের পূজা বন্ধ হইয়া যাইবে? সেখানে কি মানবহৃদয় পাষাণ হইয়া থাকিবে? যদি সেদিনের পৃথিবীতে 'অরণ্য' না থাকে, তবে খাঁচার পাখীর গান শুনিয়াই কবি কবিতা লিখিবে; যদি বনফুল না ফোটে, তবে পার্কের ফুল লইয়াই সনেট রচিত হইবে; বিলাতের লেক-অঞ্চল যদি আপন নৈঃশব্দ্যে বঞ্চিত হইয়া ওয়ার্ডস্-ওয়ার্থীয় বৈশিষ্ট্য হারাইয়া ফেলে, তবে খালি গায়ে খালি পায়ে না বেড়াইয়া মোটরে চড়িয়াই প্রকৃতির শিক্ষালাভ করিতে হইবে। প্রকৃতি সেখানেও বাঁচিয়া থাকিবে। পাকারাস্তা, মোটর, সুসজ্জিত বাগান-বাড়ী, রক্ষিত কৃত্রিম বনভূমি ও পর্ব্বত, চিড়িয়াখানার পাখীর গান, কলকারখানা, সিনেমা-রেস্তোঁরা—এই সবের মাঝখান হইতেই নূতন প্রকৃতি আত্মপ্রকাশ করিবে, আগামীকালের মহাকাব্য রচিত হইবে তাহাকেই ভিত্তি করিয়া। প্রকৃতি নির্ব্বাসিত হয় নাই, প্রকৃতির নির্ব্বাসন দেওয়া অসম্ভব।

সামান্য একটু মরিচ্

দেবব্রত চন্দ্র
(ষষ্ঠ বর্ষ, বিজ্ঞান)

রেনল্ড আসছে। কতদিন বাদে রেনল্ড ফিরে আসছে!

দুদিন! আর দুদিন বাদেই রেনল্ড এসে পড়বে। হয়ত দরজার সামনে, সিঁড়ীর নীচে তাদের প্রথম সাক্ষাৎ হবে!

আনার বুকের ভেতরটা ঢিপ্ ঢিপ্ করে উঠল।...দুদিন...আটচল্লিশ ঘণ্টা...কিন্তু এ যে তার কাছে আটচল্লিশ বছরের সমান!

কি দরকার ছিল তাকে অত তাড়াতাড়ি জানাবার? অপেক্ষাকাতর যৌবনের শেষ স্বপ্নায়িত ফুলশয্যার পূর্ব্বে কাল রাত্রির এ কি দুর্লঙ্ঘ্য ব্যবধান!.....

কিন্তু ফ্রান্সে এই নাকি নিয়ম—অন্ততঃ আটচল্লিশ ঘণ্টা আগে স্ত্রীকে স্বামীর প্রত্যাগমনের সংবাদ জানাতে হবে।

কিন্তু আনার বেলায় এর কি দরকার ছিল? আনার একনিষ্ঠ অপেক্ষা-খণ্ডিত দিনগুলির খুঁটিনাটিট পর্য্যন্ত প্রত্যেকের বিদিত!

ভয় ও আনন্দের অস্বস্তিতে আনা শিউরে উঠল। প্রশস্ত টেবিলটার ওপাশ থেকে অফিসারটি তাঁর কথার পুনরাবৃত্তি করলেন "হ্যাঁ, তোমার স্বামী—প্রাইভেট্ রেনল্ড আসছে।" আনা কি শুনতে পাচ্ছে না?

তবে?

তবে আনার মুখটা এত রক্তশূন্য মনে হচ্ছে কেন? সযত্নবিন্যস্ত গোঁফের ওপর আল্‌গা ভাবে হাত বুলিয়ে অফিসারটি আবার সুরু করলেন, "জার্মানীর ঐ অংশটা এখন আমাদের মিত্র আমেরিকানদের অধিকৃত। তারাই প্লেনে বন্দী ফরাসীদের এখানে পাঠাচ্ছে।"

...আর সন্দেহের অবকাশ নেই, নির্ভুল ভাবে শুনেছে আনা। প্রতিটি রোমকূপ কণ্টকিত হ'য়ে উঠেছে, আনা স্পষ্টই অনুভব করতে পারছে হিমশীতল রক্তে উষ্ণতার সংক্রমণ। নিষ্কম্প শিখার মত উজ্জ্বল হাসিতে আনার মুখ ভরে উঠল। অফিসারটিকে একটা ধন্যবাদও সে জানাল, কিন্তু তার আবেগোচ্ছল কণ্ঠের কম্পিত অস্ফুট শব্দ একমুঠো ঝরা পাতার ক্ষীণ মর্মরিত শব্দের মত তার পাতলা ঠোঁট দুটোর মধ্যেই মিলিয়ে গেল। "অজস্র ধন্যবাদ," আবার সে নিজেকে বলতে শুনল। অফিসারটি একটু হাসলেন।

* * * * *

দুদিন! নিঃসঙ্গ কর্মহীন দীর্ঘদিনের শেষে আনা আবার কাজ পেয়েছে! রেনল্ডকে অভ্যর্থনার আয়োজন করতে হবে।

মাত্র দুটো দিন রয়েছে হাতে! তা হোক্, নিজের সবল বাহুর ওপর আনার পূর্ণ আস্থা আছে। একটা মুহূর্ত্তও না নষ্ট করে আনা কাজে লেগে গেল কোমরে তোয়ালে জড়িয়ে।

ওদের বাড়ীটা যদিও বড় নয়, তবুও দুটো দিন আর এমন কি বেশী! দু'টো পুরো দিন আনা বাড়ীটার পেছনে লেগে রইল, ধুয়ে মুছে তক্‌তকে করে ফেললো। ···শ্রান্তিহীন, ক্লান্তিহীন আনা···।

আনার এই অপ্রত্যাশিত সৌভাগ্যে প্রতিবেশিনীরাও বুঝি পেয়েছে সূর্য্যলোকের আভাস! কে জানে, এমনি আকস্মিক ভাবে হয়ত তাদের জীবনে আসবে এই সৌভাগ্যেরই ত্বরিত পুনরাবৃত্তি। ওরাও হাসিমুখে এগিয়ে এল আনাকে সাহায্য করবার জন্যে।

কিন্তু এ যে আনার নিজের কাজ। রেনল্ডকে অভ্যর্থনার প্রস্তুতি অপরের সেবায় ক্ষুণ্ণ করতে পারে কি আনা? আনা নিজেই সব করবে!

আজ রেনল্ড আসবে, দুপুরের আগেই আনাকে সব গুছিয়ে ফেলতে হবে।

খাবার? হ্যাঁ, কালই তো সে গিয়েছিল মুদীর দোকানে, মাংসের দোকানে। সমস্ত কুপন ফেলে আনা এনেছে অপর্য্যাপ্ত খাদ্য সামগ্রী। অতগুলো কুপন দিতে দেখে মোটা কসাইটার চোখদুটো গোল হয়ে উঠেছিল। কি হাসিই না পেয়েছিল আনার! কি গর্ব্বিত-ভাবেই না বলেছিল, "হ্যাঁ, সব মাংসটাই চাই আমার"। জীবনে এমন দিন কি আর রোজ আসে!

সবই ঠিক আছে কি? আনার শঙ্কা, আনার অস্বস্তি যাবার নয়। আবার সারা বাড়ীটার একপাক সে ঘুরে নিল। না, ঠিক আছে খাবার ঘরে টেবিলটা দুজনেরই মত সাজান হয়েছে। দীর্ঘ পাঁচ বছরের অনভ্যস্ততায় কোথাও ত্রুটি নেই তো? না, এই তো দুটো বড় বড় 'সুপ্‌প্লেট্' সে রেখেছে, দুটো তোয়ালে, সবই দুজনের জন্যে! একাজে কি ভুল হতে পারে আনার? তবু তীক্ষ্ণ দৃষ্টি ফেলে সে সমস্ত ঘরগুলোর সজ্জা বিশ্লেষণ করতে লাগল। হ্যাঁ, চুল্লীর পাশে সাবেক কালের মত দুটো ইজিচেয়ার রাখা হয়েছে।··· সব ঠিক আছে···স্বস্তির একটা নিঃশ্বাস আনার বুক থেকে বেরিয়ে এল।

একি! সকাল যে গড়িয়ে এল দুপুরে! আর বড় জোর মিনিট পনেরো। আনার বুক দ্রুত ওঠানামা করতে লাগল। সিঁড়ী বেয়ে সে নীচে নেমে এল।

খোলা দরজার সামনে এই সিঁড়ীর নীচে হবে তাদের ঈপ্সিত সাক্ষাৎ।

কিন্তু বিধাতার নিষ্ঠুর পরিহাস মাঝে মাঝে মানুষের সমস্ত আয়োজন ব্যর্থ করে দিতে চায়। আনন্দের অসহনীয়তায় ছোট একটুখানি অন্যমনস্কতা গোপন রন্ধ্রপথে মনের

মধ্যে এসে বহু কষ্টের উপচারে এনে দেয় মারাত্মক কোন ত্রুটি। শিব পূজার আয়োজনে বিল্বপত্র সংগ্রহে অন্যমনস্কার ভ্রান্তি। আনা মরিচ্ আনতে ভুলে গেছে অথচ রেনল্ড মরিচ্ ছিটোনো 'স্যালাড্' কি ভালই বাসে। এতদিন অর্দ্ধাশন আর অনশনের পর বাড়ীতে এসেও রেনল্ডের প্রথম ভোজ কি বিস্বাদ হয়ে যাবে সামান্য একটু মরিচের অভাবে?

এক ঝট্‌কায় কোমর থেকে তোয়ালেটা খুলে ফেলে আনা ছুটল মোড়ের দোকানে।

দরজা খুলে রেনল্ড ডাকল, "আনা! আনা!" প্রত্যুত্তরে বিমূঢ় রেনল্ড শুধু নিজেরই গলার প্রতিধ্বনি শুনল। বিশ্বাস করতে পারছে না রেনল্ড, আনা নেই। তবে? তবে বোধ হয় আনা জানে না রেনল্ডের আসবার কথা। তাই বা মন্দ কি! আনা হয়ত এতক্ষণ খাচ্ছে, আর রেনল্ডের কথাই ভাবছে!

চুপি চুপি রেনল্ড খাবারের ঘরের দিকে পা বাড়াল।

আনা নেই—বিস্মিত বিমূঢ় রেনল্ড বিস্ফারিত নেত্রে চেয়ে দেখল আনার স্বহস্তসজ্জিত ডাইনিং টেবিলটা দুজনের মত সাজানো! আনা তো জানত না রেনল্ড আসবে, জানলে সে নিশ্চয় বাড়ীতে থাকত!

তবে?

চরম আশঙ্কা দৃঢ়ীভূত করবার জন্যেই বোধ করি রেনল্ড দেখল সাদা নরম বিছানার ওপর আনার হাতের কাজ করা দুটো বালিশ, পাশাপাশি সাজান।

কেন এল রেনল্ড? কেনই বা সে বেঁচে রইল! জার্মানদের হাতে বোমায় থেঁৎলে মরাও যে ছিল ভাল।

রেনল্ড সিঁড়ী বয়ে নেমে এসে দেখল খোলা দরজার সামনে আনা।

তৃতীয়ার ক্ষয়িষ্ণু চাঁদের মত একখানি হাসি লেগে রয়েছে আনার মুখে, কিছু একটা বলবার ব্যর্থ চেষ্টায় তার ঠোঁট দুটো ক্ষণে ক্ষণে কেঁপে উঠছে।

আনার দিকে দৃষ্টি নিবদ্ধ করে রেনল্ড আস্তে আস্তে এগোতে লাগল। সাপের মত ক্রূর হিংস্র নিষ্ঠুর দৃষ্টি রেনল্ডের চোখে। আনার হাসি মিলিয়ে গেল। আতঙ্কে তার চোখ দুটো বিস্ফারিত হয়ে উঠল।

কিছু বলবার কিছু বোঝবার আগেই সে অনুভব করল মাথায় একটা ভীষণ আঘাত। সে প'ড়ে গেল দরজার সামনে!

ঘুমিয়ে পড়েছে আনা, তার সমস্ত চেতনা ঝিমিয়ে আসছে—সে বুঝতে পারছে না কি হোল, কেন এমন হোল।

স্তিমিত প্রায় চেতনার মধ্যে আনা শুধু শুনতে পাচ্ছে—রেনল্ডের ভারী বুটের শব্দ ধীরে ধীরে দূরে মিলিয়ে যাচ্ছে।*

* বিদেশী গল্পের ছায়া অবলম্বনে।

আধুনিক ভারতীয় দর্শন ও কৃষ্ণচন্দ্র

অধ্যাপক অমিয়কুমার মজুমদার

সাধারণের মুখে এই অভিযোগ প্রায়ই শোনা যায় যে বিজ্ঞানের অগ্রগতি যেমন দ্রুত ও বিস্ময়কর, দর্শনের তেমন নয়। বরং দর্শনশাস্ত্র হাজার বছরের পুরোণো ভাবধারাগুলিকে আজও আঁকড়ে ধরে আছে আর পুরোণো ভাব নতুন ভাষায় প্রকাশ করবার ব্যর্থ চেষ্টা করছে। সাম্প্রতিক ভারতীয় দর্শনের প্রতি অভিযোগটি আরও গুরুতর। বিদেশে দর্শনের আলোচনা-ক্ষেত্রে দেখতে পাই নানা নতুন মতের আবির্ভাব, যেমন ন্যায়িক ধ্রুববাদ (Logical Positivism), নব্য মানবিকতাবাদ (Neo-humanism), সর্বাস্তিবাদ (Existentialism) প্রভৃতি। কিন্তু অতি-আধুনিক ভারতীয় দর্শনের ক্ষেত্রে নতুন তত্ত্ব বা মতবাদের আভাস পাওয়া যাচ্ছে না। কৃষ্ণচন্দ্রের দার্শনিক চিন্তাধারা এই অভিযোগের বিরুদ্ধে চ্যালেঞ্জ হিসাবে গ্রহণ করা যেতে পারে। আমাদের দার্শনিক জগতে কৃষ্ণচন্দ্র অন্যতম চিন্তানায়ক। অবশ্য দার্শনিক চিন্তার ক্ষেত্রে তিনি যতখানি মৌলিকতা দেখিয়েছেন ততখানি স্বীকৃতি ও মর্য্যাদা পাননি'। তার কারণ কৃষ্ণচন্দ্রের দর্শনের বিজ্ঞাপন প্রচার করা হয়নি'। তিনি নিজে গোপনে লোকলোচনের অন্তরালে দর্শনের সাধনা করে গেছেন; মিছিলের সামনে এসে জোর গলায় নিজের মত প্রচার করবার প্রবৃত্তি তাঁর কোনদিনই ছিল না। অন্তরঙ্গ শিষ্যেরা তাঁর মতবাদ নিয়ে সভাসমিতিতে আলোচনা করলে অথবা জনসভায় তাঁকে সম্বর্দ্ধনা করবার ব্যবস্থা করলে তিনি বিপন্ন বোধ করতেন। কৃষ্ণচন্দ্র মাত্র দুখানি বই প্রকাশ করেছেন—একখানি *Studies in Vedantism* (Calcutta University 1909), অন্যটি *Subject as Freedom* (Amalner, Bombay, 1930); এই বই দু'খানির অনেক জায়গা দুর্বোধ্য। তাঁর মতবাদ অবশ্য নানা পত্রিকায় প্রকাশিত বহু প্রবন্ধে বিক্ষিপ্ত রয়েছে। কৃষ্ণচন্দ্র তাঁর রচনায় যে সব ভাব (concept) ব্যবহার করেছেন তা অনেকক্ষেত্রে তাঁর নিজস্ব এবং সাধারণের কাছে সহজবোধ্য নয়। কৃষ্ণচন্দ্রের দার্শনিক মতবাদের মূলসূত্রগুলি তাঁর কয়েকজন অন্তরঙ্গ শিষ্যের কাছে পরিস্ফুট হয়েছে। তবে একথা অস্বীকার করবার উপায় নেই যে, কৃষ্ণচন্দ্রের ব্যবহৃত আঙ্গিকে (technique) দীক্ষিত না হ'লে তাঁর মতবাদের তাৎপর্য্য উপলব্ধি করা সহজ নয়। কৃষ্ণচন্দ্রের দৃষ্টিভঙ্গী ভারতীয়; কিন্তু কোন মতই তিনি বিনা বিচারে গ্রহণ করেন নি'। বিশেষত পাশ্চাত্য মতবাদ বিনা বিচারে গ্রহণ করাকে তিনি ঘৃণার চোখে দেখেছেন। দর্শনের বিচার ক্ষেত্রে অতি সূক্ষ্ম বিশ্লেষণ প্রয়োগ করেছেন কৃষ্ণচন্দ্র। কিন্তু বৌদ্ধিক বিচারের মধ্যে তিনি ব্যের্গসঁ-র মত ভ্রষ্ট, খণ্ডিত তথ্যমাত্র দেখেননি'। অপরদিকে অতিবুদ্ধি প্রয়োগের যে ধ্বংসকর পরিণাম দেখতে পাচ্ছি ন্যায়িক

ধ্রুববাদে (Logical Positivism), কৃষ্ণচন্দ্রের দর্শন সেই ধ্বংসাত্মক পরিণতি থেকে সম্পূর্ণ মুক্ত। আসল কথা কৃষ্ণচন্দ্র বুদ্ধির সাহায্যে সকল তত্ত্বের সূক্ষ্ম বিশ্লেষণ করেছেন সত্য, কিন্তু তাঁর দর্শনে বুদ্ধিবিভ্রাট ঘটেনি। তাঁর দার্শনিক চিন্তাধারা বের্গসঁ-প্রদর্শিত বোধি-বাদ (intuitionism) ও রাসেল-প্রদর্শিত শুদ্ধ প্রত্যক্ষবাদ (pure empiricism) —এ দুটোর মধ্যবর্ত্তী।

তত্ত্ববিদ্যার (Metaphysics) বিভিন্ন দিক বিচার করবার পূর্বে "দর্শন" বলতে সত্যিই আমরা কি বুঝব—এই প্রশ্ন নিয়ে বিস্তৃত আলোচনা করেছেন কৃষ্ণচন্দ্র। রাধাকৃষ্ণন্ ও ম্যুরহেড্-সম্পাদিত *Contemporary Indian Philosophy*—পুস্তকে নিজের দার্শনিক মতবাদের আভাস দিতে গিয়ে তিনি যে প্রবন্ধটি লিখেছেন তার নাম "The Concept of Philosophy"। কৃষ্ণচন্দ্র দর্শনের (Philosophy) তাৎপর্য্য ব্যাখ্যা করতে গিয়ে দুটি ভুল পথ সম্বন্ধে আমাদের সতর্ক করে দিয়েছেন। একদল লোক বিজ্ঞান সম্বন্ধে এত উৎসাহী যে তাঁরা দর্শনকে বিজ্ঞানের পর্য্যায়ে ফেলে দিতে চান; কাণ্ট আংশিক ভাবে এইদিক থেকে অপরাধী। অন্য একদল চিন্তানায়ক আছেন যাঁরা দর্শন ও বিজ্ঞানের সমন্বয় করবার প্রেরণা নিয়ে বিজ্ঞানকে দর্শনের কোঠায় ফেলে দিয়েছেন। এই গোষ্ঠীতে আছেন এডিংটন, জীন্স্, ও এই মতের অন্যতম ব্যাখ্যাতা সি, ই, এম, জোড্। জোড্ তাঁর *Philosophical Aspects of Modern Science*—বইটিতে দেখিয়েছেন যে বৈজ্ঞানিকেরা যতই গভীর থেকে গভীরতর বিশ্লেষণের দিকে এগিয়ে যাচ্ছেন ততই তাঁরা দার্শনিকের জগতের মধ্যে গিয়ে পড়ছেন। প্রসঙ্গক্রমে এডিংটনের Universal Logos, Symbolic World, ও জীনস্-এর Mathematical Mind প্রভৃতি তত্ত্ব নিয়ে জোড্ আলোচনা করেছেন। কৃষ্ণচন্দ্র মনে করেন এই দুটো পন্থাই ভুল পন্থা; এই দুটি পথ অনুসরণ করলে আমরা কোনদিনই 'দর্শনে'র তাৎপর্য্য বুঝতে পারব না। এখানে লক্ষ্য করবার বিষয় হচ্ছে এই যে, বিজ্ঞানের ক্ষেত্রে দর্শন-ঘেঁষা মনোভাবের সমালোচনা করেছেন এমন চিন্তাশীল লেখক অনেক আছেন। কিন্তু কৃষ্ণচন্দ্রের আলোচন-পদ্ধতি এঁদের সকলের চাইতে ভিন্ন। শ্রীমতী স্টেবিং তাঁর *Philosophy and the Physicists*—বইতে এডিংটন ও জীন্স্-এর মতবাদ আলোচনা প্রসংগে বলেছেন যে এঁদের মত আমরা ততটুকু-ই গ্রহণ করব যতটুকু তাঁরা পদার্থবিজ্ঞানী (Physicist) হিসাবে আমাদের দেবেন। ঈশ্বর বা পরলোক সম্বন্ধে তাঁদের যদি কোন মত থাকে ক্ষতি নেই, কিন্তু সে-মত এডিংটন ও জীন্স্-এর ব্যক্তিগত মত। কাজেই শুদ্ধ পদার্থবিজ্ঞানের মধ্যে তাঁদের প্রবেশ করবার অধিকার নেই। রাসেল তাঁর "On the Scientific Method in Philosophy" * নামক প্রবন্ধে বলেছেন যে দর্শনের পক্ষে বিজ্ঞানের বিশ্লেষণ-পদ্ধতি গ্রহণ করাই প্রশস্ত। কিন্তু বিজ্ঞানের অনু-

* Russell: *Mysticism and Logic and other essays* pp. 100-119.

সন্ধানের ফলগুলি দর্শনের বিষয়বস্তু হতে পারে না। জ্ঞানরাজ্যের যাবতীয় বিষয়বস্তুর সমন্বয় করে দর্শনশাস্ত্র গড়ে ওঠে না। জ্ঞানরাজ্য থেকে বিশেষ বিশেষ বস্তুকে বিশ্লিষ্ট করে নিয়েছে দর্শন। কৃষ্ণচন্দ্র যে অর্থে "দর্শন" (Philosophy) কথাটি ব্যবহার করেছেন, রাসেল অবশ্য সে অর্থ গ্রহণ করেন নি। তবু দুজনেই এই বিষয়ে একমত যে বিজ্ঞানের বিষয়বস্তু হচ্ছে তথ্য (fact) কিন্তু একটি তথ্যের সঙ্গে অপরটির সমন্বয় হচ্ছে কিনা, অথবা তথ্যের জ্ঞান-সম্ভাবনা (knowability) কতটুকু—এ সকল প্রশ্ন বিজ্ঞান-রাজ্যের বাইরে। রাসেল-এর আলোচনার মধ্যে যে কথাটি স্পষ্ট হয়ে দেখা দিয়েছে তা হচ্ছে এই যে বিভিন্ন বিজ্ঞানের অনুসন্ধানের ফলগুলির সমন্বয় ও সামঞ্জস্য ঘটালেই তা' দর্শন হয়ে ওঠে না। কৃষ্ণচন্দ্র এই মতের অন্যতম সমর্থক। রাসেল-এর যুক্তি হচ্ছে এই: ব্যাপক ও স্থির সিদ্ধান্ত বলে' আজ বিজ্ঞান যাকে গ্রহণ করছে আগামী কাল সেই সিদ্ধান্তের রূপান্তর ঘটতে পারে; কারণ বিজ্ঞানীর গবেষণার ফল কি দাঁড়াবে তা আগে বলা যায় না। দ্বিতীয়ত, বিজ্ঞানের অনুসন্ধান-ক্ষেত্রের একটি নির্দ্দিষ্ট সীমারেখা আছে। বিজ্ঞান কতকগুলি বিশেষ ধরণের তথ্য নিয়ে কাজ করছে এবং আজ যে প্রত্যয় বা উপলব্ধি ঘটেছে তারই প্রতিষ্ঠাভূমিতে সে আগামী কালের তথ্যের সংযোজন করছে। কাজেই সমগ্র বিশ্বব্রহ্মাণ্ড নিয়ে বিজ্ঞানের আলোচনা চলতে পারে না। কৃষ্ণচন্দ্র রাসেল-এর সঙ্গে এই বিষয়ে একমত হলেও তাঁর যুক্তি স্বতন্ত্র। কৃষ্ণচন্দ্রের মতে দর্শনের (Philosophy) আলোচ্য বিষয় স্বয়ংসৎ বস্তু (self-subsistent object)—এ বস্তু বিজ্ঞানের আলোচ্য বস্তু থেকে আলাদা।

কৃষ্ণচন্দ্রের মতে চরম সত্তা বিষয়ী (Subject) বা বিষয় (Object) —কোনোটিই নয়। চরম সত্তা অনির্দ্দেশ্য (Indefinite); তা হচ্ছে সম্বিৎ (Consciousness)। এই সম্বিৎ-এর স্তরভেদ দেখানোই কৃষ্ণচন্দ্রের মৌলিক, নিজস্ব দান। কৃষ্ণচন্দ্র বলেছেন অনির্দ্দেশ্য সম্বিৎ যখন নির্দ্দিষ্টরূপে প্রতিভাত হয় তখন তার প্রকাশের চারটে স্তর লক্ষ্য করা যায়: মূর্ত্ত চিন্তা (empiric thought), শুদ্ধ বিষয়গত চিন্তা (pure objective thought), আধ্যাত্মিক চিন্তা (spiritual thought), এবং অতিক্রান্ত চিন্তা (transcendental thought)। প্রথম পর্য্যায়ের আলোচনা হচ্ছে বিজ্ঞানের লক্ষ্য। শেষ তিনটি স্তর দর্শনের আলোচ্য বিষয়। কৃষ্ণচন্দ্র দ্বিতীয় স্তরের আলোচনার নাম দিয়েছেন "Philosophy of the Object" তৃতীয়টীর নাম "Philosophy of the Subject" এবং চতুর্থটির নাম "Philosophy of truth"।

বিজ্ঞান বিশ্লেষণের সাহায্যে ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুর চরম সত্তাকে পাবার চেষ্টা করে; কাজেই বিজ্ঞানের বিষয়বস্তু হচ্ছে তথ্য (fact) কিন্তু সত্য (truth) নয়। 'সত্য' যখন বিষয়রূপে আলোচনার বস্তু হবে তখনই আমাদের চিন্তন দর্শনের কোঠায় এসে পড়বে। দর্শনের জগৎ হচ্ছে শুদ্ধ চিন্তার জগৎ। দর্শনের বিষয়বস্তু অনেক সময় সাধারণের কাছে কাল্পনিক বলে মনে

হ'তে পারে; কিন্তু আসলে তা কাল্পনিক নয়। দার্শনিক চিন্তা কতকগুলি বচনের (judgment) সমষ্টিমাত্র নয়। কারণ, বাচনিক সত্তা (judgmental content) বিজ্ঞানের রাজ্যে সীমাবদ্ধ। যদিও দর্শনের বিশ্লেষণ ও সিদ্ধান্ত বচনের সাহায্যে প্রকাশ করতে হয়, তবু মনে রাখতে হবে যে সে বচনগুলি 'existential judgment' নয়। যাঁরা মনে করেন বিভিন্ন বিজ্ঞানের সিদ্ধান্তগুলি সংগ্রহ করে একটা সমন্বয় সাধন করাই দর্শনের কাজ তাঁরা আসলে ভুল করেন। প্রকৃতপক্ষে বিজ্ঞানের সঙ্গে দর্শনের তফাৎ মৌলিক—এখানে রয়েছে পদ্ধতি ও বিষয়বস্তুর তফাৎ। দর্শন বিশ্লেষণ করে স্বতঃসিদ্ধ, স্বাশ্রয়ী বস্তুর সত্তা; বিজ্ঞানের আলোচ্য বিষয় স্বতঃসিদ্ধ এবং স্বাশ্রয়ী নয়, তা হচ্ছে মূর্ত্ত (empirical) বিষয়। দর্শনের সংজ্ঞা নিরূপণ করতে গিয়ে তাই কৃষ্ণচন্দ্র বলেছেন: "Philosophy is self-evident elaboration of the self-evident and is not a body of judgments. The self-evident is spoken, but *is not spoken of.*"*

কৃষ্ণচন্দ্র দর্শন বলতে কখনই জ্ঞানরাজ্যের সামগ্রিক সমন্বয় (total synthesis) বোঝেন না। তাঁর মতে দর্শনের একটা নির্দ্দিষ্ট সীমারেখা আছে। এই সীমারেখা অতিক্রম করে জীবনের সমস্ত প্রকাশ ও পরিচয়কে দর্শনের রাজ্যে ঢুকিয়ে নিলে দর্শনের অমর্য্যাদা করা হয়। কৃষ্ণচন্দ্র বলেছেন:

"There is the problem of piecing together the results of the sciences into a world-view. The synthesis wanted is sometimes imagined to be the generalisation of the primary laws of the sciences into more comprehensive laws. To suppose, however that it can be accomplished by philosophy without the employment of the distinctive technique and method of science would be nothing short of a presumptuous folly."

আগেই বলা হয়েছে, কৃষ্ণচন্দ্রের মতে দর্শনের কাজ হচ্ছে স্বয়ং-সর্বস্ব বিষয়ের (self-subsistent object) বিশ্লেষণ ও বোধ। এই 'বিষয়' অবশ্য জ্ঞানের (knowledge) বিষয় নয়, এ হচ্ছে সাধনার (meditation) বিষয়। কৃষ্ণচন্দ্রের সাধনা হচ্ছে অবেদ্য, স্বাশ্রয়ী বিষয়ী (Subject) বা সম্বিৎ (Consciousness)-কে উপলব্ধি করবার সাধনা। এই সাধনার মূল লক্ষ্য সম্বন্ধে আমরা যাতে বিভ্রান্ত না হই, সেজন্য কৃষ্ণচন্দ্র ধর্ম, বিজ্ঞান, সৌন্দর্য্যতত্ত্ব ও দর্শনের সীমারেখা নির্দ্দিষ্ট করে টেনেছেন।

কৃষ্ণচন্দ্র তাঁর দর্শনে চরম সত্তার (ultimate reality) কি পরিচয় দিচ্ছেন? আগেই বলা হয়েছে চরম সত্তা, কৃষ্ণচন্দ্রের মতে, বিষয়-বিষয়ীভেদ বহির্ভূত এক অনির্দ্দেশ্য সম্বিৎ। এই সম্বিৎকে বাস্তব (real) বলা চলে না। কারণ বাস্তব-অবাস্তব এই ভেদ বাচনিক জ্ঞানের (judgmental knowledge) ক্ষেত্রে সীমাবদ্ধ অথচ অনির্দ্দেশ্য চরম সত্তা (the Indefinite) বাচনিক জ্ঞানকে অতিক্রম করে আছে। তা ছাড়া, বাস্তব-অবাস্তব এই

* *Contemporary Indian Philosophy.* p. 75.

জাতীয় বিরোধাত্মক কথা জ্ঞানলাভের পরে ব্যবহার করা যেতে পারে; তার আগে নয়। এই প্রসঙ্গে কাণ্ট-এর সঙ্গে কৃষ্ণচন্দ্রের মতের তুলনা করা যেতে পারে। কাণ্ট বলেছেন চরম সত্তা অজ্ঞেয়। কিন্তু কৃষ্ণচন্দ্র মনে করেন যা অজ্ঞেয় তাকে সৎ (real) বলা চলে না। চরম সত্তার পরিচয় দিতে গিয়ে কৃষ্ণচন্দ্র যে সব কথা বলেছেন তাতে স্পষ্ট বোঝা যায় যে তাঁর দার্শনিক চিন্তার উপর কাণ্ট-এর দর্শন এবং জৈন দর্শনের স্যাদ্‌বাদ ও অনেকান্তবাদ সুগভীর প্রভাব বিস্তার করেছে।

কাণ্ট-এর মতে দর্শন আমাদের যা দেয় তা হচ্ছে বাচনিক জ্ঞান; সে জ্ঞান অব্যভিচারী ও সার্বিক হতে পারে কিনা তাই কাণ্ট-এর প্রধান আলোচ্য বিষয়। কাণ্ট-এর মতে আত্মা সম্পূর্ণ অজ্ঞেয়; কারণ জ্ঞান হচ্ছে ইন্দ্রিয়োপত্তা (sense-datum) ও ভাবসূত্রের (categories) সমন্বয়। কাণ্ট জ্ঞাতা বা প্রমাতা অর্থে 'আত্মা' কথাটি ব্যবহার করেছেন। আত্মাকে জানবার যতই চেষ্টা করিনা কেন আত্মা কখনই ইন্দ্রিয়ানুভবের বিষয় হয় না। যদিও আত্মা বা প্রমাতা সকল বিষয়-জ্ঞানের ভিত্তিস্বরূপ বর্ত্তমান থাকে তবুও প্রমাতা নিজে জ্ঞানের বিষয় হতে পারে না। আমি চোখের সাহায্যে সব কিছু দেখি অথচ আমার চোখকে দেখতে পাই না; তেমনি প্রমাতা সকল জ্ঞানের ক্ষেত্রে অপরিহার্য্য ভিত্তিস্বরূপ বর্ত্তমান থেকেও অবেদ্য। প্রমাতার সাহায্যে বিষয়ের জ্ঞান সম্ভবপর হয়; কাজেই প্রমাতা বিষয়রূপে জ্ঞেয় হয় না। এই হল কাণ্ট-এর বক্তব্য। কৃষ্ণচন্দ্র এ মত সমর্থন করেন না। তিনি বলেন যে আত্মা 'বিষয়'রূপে অজ্ঞেয় হ'লেও একেবারে অজ্ঞেয় নন। অন্যরূপে আত্মাকে জানবার উপায় আছে। এই জানা অবশ্য চিন্তনের সঙ্গে সমপর্য্যায়ভুক্ত নয়। কৃষ্ণচন্দ্র তার *Subject as Freedom* (1930) বইটিতে বিষয়ের সম্পর্ক থেকে অসঙ্গ বিষয়ী কত রকমে মুক্তি লাভ করতে পারে তারই আলোচনা করেছেন। মনোবিজ্ঞানী যে প্রাথমিক অনুভূতির (primary sensation) আলোচনা করেন তার সঙ্গে জ্ঞানতত্ত্বের আলোচ্য চিন্তন (thought) এবং বিষয়ীর (subject) সামঞ্জস্য সম্ভব কিনা এই প্রশ্নের বিচার করেছেন কৃষ্ণচন্দ্র। এ বিষয়ে কাণ্ট-এর সঙ্গে কৃষ্ণচন্দ্রের দৃষ্টিভঙ্গীর পার্থক্য সুস্পষ্ট। এই প্রসঙ্গে কৃষ্ণচন্দ্র বৌদ্ধ, বৈদান্তিক ও দক্ষিণী হেগেলীয় মতবাদের সমালোচনা করেছেন।

প্রশ্ন হতে পারে: বিষয়-বিষয়ী ভেদ থেকে মুক্ত অনির্দ্দেশ্য সম্বিৎকে উপলব্ধি করা যায় কি ভাবে? এইখানেই কৃষ্ণচন্দ্র দার্শনিকের জীবনে সাধনার উপযোগিতা অপরিহার্য্য বলে স্বীকার করেছেন। একথা স্পষ্ট করে কৃষ্ণচন্দ্র দেখিয়েছেন যে, যে মৌলিক তত্ত্ব থেকে আমাদের জ্ঞানের উদ্ভব হচ্ছে তাকে নির্দ্দিষ্ট করে জ্ঞাতা বা জ্ঞেয় কিছুই বলতে পারি না। কাজেই তাকে অনির্দ্দেশ (Indefinite) বলা হয়েছে। অনির্দ্দেশ্য কেন নির্দ্দিষ্টের মধ্যে রূপ পরিগ্রহ করল এ প্রশ্নের মীমাংসা হয় না। তবে অনির্দ্দেশ্যের উপলব্ধি সম্ভবপর। কৃষ্ণচন্দ্রের দর্শনে এ বিষয়ে কোন অস্পষ্ট রহস্য নেই।

অনির্দ্দেশ্য যদিও নির্দ্দিষ্ট বিষয়-জ্ঞানের মধ্যে ধরা দিতে চায় না তবুও সকল বিষয়-জ্ঞানের মধ্যে এই অনির্দ্দেশ্য প্রচ্ছন্নভাবে অনুস্যূত হয়ে আছে। অনির্দ্দেশ্যের পটভূমিকায় আমাদের নির্দ্দিষ্ট বিষয়-জ্ঞান সম্ভবপর হচ্ছে। কিন্তু অনির্দ্দেশ্য ও নির্দ্দিষ্টের সীমারেখা কোনদিনই স্থির নয়; তা ক্ষণে ক্ষণে বদলে যাচ্ছে। নির্দ্দিষ্ট বিষয়কে যেমন মননক্রিয়ার সাহায্যে জানতে পারি, অনির্দ্দেশ্যকে পাবার চেষ্টা করলে পেছনে তাকাতে হবে। অনির্দ্দেশ্যকে উপলব্ধি করবার উপায় হচ্ছে বস্তু-বিষয় থেকে আমার চিন্তাকে ধীরে ধীরে সরিয়ে প্রমাতার উপর ন্যস্ত করা; এ সাধনার জন্য যে মননের প্রয়োজন তা নেতিবাচক (negative)।

কৃষ্ণচন্দ্রের প্রকাশিত প্রথম বই হচ্ছে *Studies in Vedantism* (1909)। এই বইতে তিনি বেদান্তের ইতিহাস আলোচনা করেন নি'; বেদান্তের তত্ত্বগুলির উপর নতুন আলোকপাত করেছেন। বেদান্তে মনোবিজ্ঞান, বেদান্তের চরম তত্ত্ব ও বেদান্তের তর্কশাস্ত্র (logic)—এই তিনটি বিষয়ের আলোচনায় তিনি নতুন তথ্যের ও নতুন ভাবের প্রতি ইঙ্গিত করেছেন। তিনি তাঁর বইটির ভূমিকায় লিখেছেন যে এই বইটি হল 'বেদান্তের ভিত্তির উপর নতুন সৃষ্টি; অবশ্য সে সৃষ্টির সার্থকতা ও যাথার্থ্য সম্বন্ধে মতভেদ থাকতে পারে' (problematic constructions on Vedantic lines)। দার্শনিকের চিন্তারাজ্যে স্বাধীনতা আছে; কাজেই এ জাতীয় নতুন সৃষ্টিতে পূর্বসূরিদের প্রতি অশ্রদ্ধা প্রদর্শনের কোন কথা নেই (exegetical interpretation inevitably shades off into philosophic construction; and this need not involve any intellectual dishonesty)। অন্যত্র বলেছেন: "A true philosophic system is not to be looked upon as a soulless jointing of hypotheses; it is a living fabric which, with all its endeavour to be objective, must have a well-marked individuality." * কৃষ্ণচন্দ্রের দর্শনে এই স্বকীয়তা বা বৈশিষ্ট্য আছে যা তাঁর চিন্তাকে অন্য পাঁচজন দার্শনিকের চিন্তা থেকে পৃথক্ করে রেখেছে। *Studies in Vedantism*—গ্রন্থে তিনি বৈদান্তিক মায়াবাদের সঙ্গে পাশ্চাত্য দার্শনিকদের, বিশেষত কাণ্ট, হেগেল ও হার্বার্ট স্পেন্সার-এর মতের যে তুলনামূলক সমালোচনা করেছেন, তাতে কৃষ্ণচন্দ্রের সৃজনী প্রতিভার পরিচয় মেলে। বৈদান্তিক দৃষ্টিভঙ্গী নিয়ে তিনি হিউম ও তাঁর শিষ্যদের চিন্তাপ্রণালীর বিচারও করেছেন। তাঁর একটি প্রবন্ধে কৃষ্ণচন্দ্র মায়াবাদের তিনটি স্তর দেখিয়েছেন এবং অনির্বচনীয় খ্যাতিবাদের সঙ্গে মায়াবাদের সামঞ্জস্য কোথায় সেদিকেও তিনি ইঙ্গিত করেছেন।†

* *Studies in Vedantism* p. ix.

† *Proceedings of the First Indian Philosophical Congress*, 1925, pp. 45-57.

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে কাণ্ট-এর দর্শন সম্বন্ধে কৃষ্ণচন্দ্র যে ধারাবাহিক বক্তৃতা করেছিলেন তা দর্শনানুরাগী ব্যক্তির কাছেই অমূল্য সম্পদ। সাংখ্য ও বেদান্ত দর্শনের পরিপ্রেক্ষিতে বিচার করলে কাণ্ট-এর দর্শনে কি কি রূপান্তর ঘটতে পারে তারই বিচার করেছেন কৃষ্ণচন্দ্র। এই বক্তৃতাগুলি পুস্তকাকারে প্রকাশিত হ'লে কেয়ার্ড, প্রিচার্ড, নরম্যান কেম্প-স্মিথ্ ও পেটন্ প্রভৃতি কাণ্ট-ভাষ্যকারদের চাইতে কৃষ্ণচন্দ্রের দান কোন অংশে কম বলে গ্রহণ করা যাবে না।

কৃষ্ণচন্দ্র যুক্তির তীক্ষ্ণ ছুরিকা দিয়ে জ্ঞানরাজ্যের সকল বস্তুকে বিশ্লেষণ করে সত্যের সন্ধান করেছেন। এই বিশ্লেষণের মধ্যে তিনি ভারতীয় দৃষ্টিভঙ্গী অক্ষুণ্ণ রেখেছেন অথচ মৌলিক চিন্তাও পরিবেশন করেছেন। দর্শনের সঙ্গে জীবনের নিবিড় যোগাযোগ আছে—এই সত্যটি অনুভব করেছেন কৃষ্ণচন্দ্র। তাই একথা বিশ্বাস করবার যথেষ্ট কারণ আছে যে ভাবীকালের সাধকদের কাছে কৃষ্ণচন্দ্রের দর্শন যথেষ্ট আনন্দ দেবে এবং সঙ্গে সঙ্গে নতুন চিন্তার খোরাক জোগাবে। বহু বছর পূর্বে চন্দননগরে অনুষ্ঠিত এক সভায় তাঁর অভিভাষণে কৃষ্ণচন্দ্র বলেছিলেন যে, কেবল রাষ্ট্র বা সামাজিক ক্ষেত্রে নয়, চিন্তার রাজ্যেও আমাদের স্বরাজ অর্জ্জন করতে হবে। রাষ্ট্রীয় স্বাধীনতা আজ আমরা পেয়েছি; কিন্তু চিন্তার দৈন্য আমাদের জাতীয় জীবনকে কলুষিত করে রেখেছে। প্রাচীন ভারতে চিন্তার যে প্রসার, প্রভাব ও মর্য্যাদা ছিল আজ তা নিষ্প্রভ হয়ে পড়েছে। তাই আজ আমাদের চিন্তাজগতে উত্তর-সাধকের কর্ত্তব্য হচ্ছে আমাদের সংস্কৃতি ও সাধনার মূল সূত্রটিকে জাতীয় জীবনের সকল ক্ষেত্রে অব্যাহত ও অক্ষুণ্ণ রাখা। এই দিক দিয়ে স্বাধীন চিন্তার পথকর্ত্তা এবং জাতীয় প্রচেষ্টার অন্যতম প্রবর্ত্তক কৃষ্ণচন্দ্র ভট্টাচার্য্য। একথা যেন আমরা বিস্মৃত না হই।

আড্ডাধারী সুকুমার

(১৯০৩—০৭)

অধ্যাপক—বিনয়কুমার সরকার

[**পরিচিতি** :—স্বর্গীয় সুকুমার চট্টোপাধ্যায় সে যুগে প্রেসিডেন্সি কলেজের একজন মেধাবী ছাত্র ছিলেন। পরবর্তিকালে তিনি ডেপুটি ম্যাজিষ্ট্রেট হন এবং কর্মদক্ষতার গুণে বাংলা সরকারের রেজিষ্ট্রেশন বিভাগের ইন্‌স্‌পেক্টর-জেনারেল পদে উন্নীত হইয়া অবসর গ্রহণ করেন। তাঁহার কন্যা শ্রীযুক্তা পুষ্পরাণী দেবী "পুণ্যকাহিনী" নামক পুস্তকে পিতার স্মৃতিতর্পণ করিয়াছেন। এই পুস্তকে তিনি শ্রদ্ধার সহিত সুকুমারবাবুর জীবনের নানা ঘটনা বর্ণনা করিয়াছেন এবং পিতৃবন্ধুগণের কয়েকটি রচনাও প্রকাশ করিয়াছেন। এই রচনাগুলির মধ্যে সুকুমারবাবুর সতীর্থ বিশিষ্ট বন্ধু অধ্যাপক বিনয় সরকার মহাশয়ের

"আড্ডাধারী সুকুমার" লেখাটি আমরা কলেজ ম্যাগাজিনের এই সংখ্যায় পুনর্মুদ্রিত করিতেছি। এই লেখাটির মধ্যে অতি অল্প পরিসরে অধ্যাপক সরকার কেবল সমসাময়িক মেধাবী ছাত্রগণের নামই উল্লেখ করেন নাই,—সঙ্গে সঙ্গে সেই যুগের নানা আন্দোলনের বিষয়েও সংক্ষেপে উল্লেখ করিয়াছেন। সাহিত্যিক ডক্টর নরেশচন্দ্র সেনগুপ্ত, অধ্যাপক ডক্টর রাধাকুমুদ মুখোপাধ্যায়, অধ্যাপক স্বর্গীয় নরেশচন্দ্র ঘোষ, প্রসিদ্ধ ব্যবহারাজীব ও সাহিত্য দার্শনিক শ্রীযুক্ত অতুলচন্দ্র গুপ্ত; বিখ্যাত প্রত্নতাত্ত্বিক স্বর্গীয় রাখালদাস বন্দ্যোপাধ্যায়; ভারতীয় সাধারণতন্ত্রের রাষ্ট্রপতি ডক্টর রাজেন্দ্র প্রসাদ প্রভৃতি মনীষিগণ অর্ধ শতাব্দী পূর্বে কলেজে এবং হস্টেলে কিভাবে ছাত্রজীবন যাপন করিতেন, বর্তমান সময়ের ছাত্রগণ তাহা পড়িয়া কৌতুক অনুভব করিবেন।]

১৯০৩ সালের জুন মাসের শেষাশেষি। ইডেন-হিন্দু হস্টেলের নয়া বাড়ীর দোতলায় সিঁড়ির সামনের বারান্দা। বনোআরি খাবারওয়ালার চাঙারিতে লুচি তরকারি, মাংস, সন্দেশ রসগোল্লা ইত্যাদি মাল সাজানো। সম্মুখে খেলার মাঠ।

জিতেন বাগচির সঙ্গে একটা ছোকরা দাঁড়াইয়া রসগোল্লা খাইতেছে। পাশের ঘর হইতে বাহির হইয়া আসিয়া জিজ্ঞাসা করিলাম—"কীরে তুই আবার কে?" বলিল:—"সুকুমার চ্যাটার্জি।" "কোথ থেকে?" "মেদিনীপুর।"

"তুই কে?" "বিনয় সরকার।" কোথ্ থেকে? "মালদা।"

ব্যস্। এই সুরু।

জিতেন অঙ্ক কষে। বাড়ী তার বহরমপুরে। অঙ্ক কষিয়েদের দলে ছিল ময়মনসিংহের নরেশ ঘোষ। সে অবশ্য হষ্টেলে থাকিত না। আর একজন, সারদা মাইতি। বাড়ী বীরভূম; ওর ঘর ছিল পুরনো বাড়ীর দোতলায়। সুকুমার ইত্যাদির সঙ্গে তার দহরম-মহরম ছিল বেশ। একালে নরেশ ছিল প্রেসিডেন্সি কলেজের অধ্যাপক। সারদা পাটনার ডেপুটী ম্যাজিষ্ট্রেট। জিতেনও অঙ্কের প্রফেসর। অল্প বয়সে মারা যায়।

আমাদের এই আড্ডার "খুড়ো" ছিল মনোরঞ্জন মৈত্র। নয়া বাড়ীর নীচের তলায়,—নাইবার কলের কাছে ছিল তার ঘর। কাজেই তেল মাখিবার সময় গুলতান জমিত তার ঘরে দস্তুরমতন। ফরিদপুরের ছোঁড়া। একটু-একটু "বাঙাল"-"বাঙাল" আওয়াজ। তবে নরেশের মত নয়। নরেশের "চ-টা" আর "জ-টা" কোন দিনই মেরামত হইল না। মনোরঞ্জন ছিল সংস্কৃত পণ্ডিত। যখন-তখন সুকুমার আসিয়া বলিত—"চ, খুড়োর ঘরে গিয়ে সংস্কৃত শ্লোক শুনে আসি।" নরেশ আর সারদাও অনেক সময় হাজির থাকিত। রীতিমত পণ্ডিতী পাঠ। লোক জুটিত ঢের। কিরাতার্জ্জুনীয়, শিশুপালবধ ইত্যাদি বইয়ের কথা মনে পড়িতেছে। কিছুদিন প্রোফেসরি করার পর মনোরঞ্জন ডেপুটি হইয়াছিল।

রংপুরের অতুল গুপ্ত হষ্টেলে থাকিত না। প্রেসিডেন্সি কলেজের বারান্দায় সে ছিল এই আড্ডারই অন্যতম ধুরন্ধর। সুকুমার ফাঁকে-ফাঁকে অতুলের তর্কাতর্কি শুনিতে

আসিত। অতুলের কথার ঢঙ ছিল টানা-টানা। এখনো প্রায় সেই রকমই আছে। হাইকোর্টের আওয়াজ শুনি নাই। ঘরোআ বৈঠকের বলা-কওয়ার টানই বলিতেছি। হস্‌টেলে তার বড় বেশী আনাগোনা ছিল না। গম্ভীর গোছের দার্শনিক। একালেও প্রায় তাই। বোধ হয় প্রমথ চৌধুরীর ("বীরবলের") সঙ্গে গা-ঘেঁষা-ঘেঁষি করিয়া কিঞ্চিৎ কিছু সামাজিক মানুষ হইয়াছে।

হষ্টেলের বাসিন্দা ছিল নলিন চক্রবর্ত্তী। পুরানো বাড়ীর দোতালায়। দর্শন-পড়ুআ। আড্ডাধারী ছিল মন্দ নয়। সুকুমারের সঙ্গে বাংলা সাহিত্যের চর্চ্চা চালাইত। দেশ তার বগুড়ায়। একালে উকিল। সুকুমার একদিন নলিনকে বলিল—"বিনয়টা বাংলা সাহিত্যে আনাড়ি, দেতো একবার রবি বাবুর কিছু শুনিয়ে।" মোহিত সেনের সম্পাদিত একটা বই হইতে নলিন পড়িতে আরম্ভ করিল—"সন্ন্যাসী উপগুপ্ত" ইত্যাদি। যতই পড়িতেছে ততই আমি মাত্ হইতেছি। মুখে আর রা বাহির হইতেছে না। যাকে বলে অবাক্। শেষ পর্য্যন্ত শুনিলাম ঃ—"আজি রজনীতে হয়েছে সময় এসেছি বাসবদত্তা।" যেই থামিল আমি ছট্‌ফট্ করিতে লাগিলাম, আনন্দে আর বিস্ময়ে। ভাবিলাম আরও বোধ হয় খানিকটা আছে। দেখিলাম আর নাই। আমি ত হতভম্ব। আমার ভ্যাবাচ্যাকা অবস্থা দেখিয়া নলিন ও সুকুমার একসঙ্গে বলিয়া উঠিল—"কীরে, বাংলা সাহিত্য কিছু নয়? না?" জবাব দিলাম ঃ—"হাঁ কবিতা বটে। "আর্ট" (শিল্প) বটে। ঐ রকম ভাবে হঠাৎ এসে থেমে গেল? উঃ কী বাহাদুরি;" তখন সুকুমারের সঙ্গে আমরা সকলে প্রেসিডেন্সি কলেজের তৃতীয় বার্ষিকে (১৯০৩-০৪)।

১৯০৪ সালের কথা। হস্‌টেলের ফটকের সামনে দাঁড়াইয়া সুকুমার, মনোরঞ্জন, নলিন আর অন্যান্য সকলকে লম্বা গলায় বলিতেছে ঃ—"সারদা মাইতি কী ব'লেছে শুনেছিস?" আমি ওখানে উপস্থিত। জিজ্ঞাসা করিলাম ঃ—"কৈ? অনেকদিন তো তার টিকি দেখা যায় না?" "শোন্। বল্‌ছে ঃ—'ভাই, বিবেকানন্দ হষ্টেলে বিবেকের আনন্দ হ'লো কিনা জানি না। কিন্তু উদরানন্দ তো হয় নি। তাই আবার অধম-তারণ বি'দ্দু হষ্টেলেই পুনর্মূষিকো ভব'।" সেই সময় মেছুআবাজার ষ্ট্রীট আর আমহার্ষ্ট ষ্ট্রীটের মোড়ে একটা 'ছাত্রাবাস কায়েম হয় বিবেকানন্দর নামে। বিবেকানন্দের মৃত্যু ১৯০২ সালে।

জলপাইগুড়ির শান্তিনিধান রায় একদিন সুকুমারের সঙ্গে হাত-পা নাড়িয়া বক্তৃতা করিতেছে। বকাবকির মুদ্দা ঃ—"বোলপুরের শান্তিনিকেতনে রবিঠাকুরের ব্রহ্মচর্য্যাশ্রম।" সুকুমার বলিল ঃ—"চল একবার গিয়ে দেখে আসি।" শান্তি হষ্টেলেই থাকিত। আজকাল চায়ের বেপারী। রবিবার ব্রাহ্মসমাজের গান শুনিয়া আসিত আর বলিত ঃ—'সমাজে গেলে আমি বেশকিছু ইম্পেটাস (উদ্দীপনা) পাই।"

দর্শন-পড়ুআ মনোমোহন বসুর সঙ্গে সুকুমার বকাবকি করিতেছে। প্রেসিডেন্সি কলেজের বারান্দায়। সেখানে হাজির ছিল রাখাল ব্যানার্জী (একালের মহেঞ্জোদড়োর

উদ্ধার কর্ত্তা) আর বিজয় বসু (একালের মেঅর)। সকলেই বলিল :—"আরে বিনয়, আমাদেরকে একদিন তোর ডন সোসাইটির তীর্থে নিয়ে চল্। শুনে আসি সতীশ মুখার্জির বক্তৃতা। দেখি কার পাল্লায় পড়েছিস।" পরের দিন হষ্টেলের কল-তলায় বিশ-পচিশ জনের হৈ-হৈ-রৈ-রৈ'র ভিতর সুকুমার সকলকে বলিতেছে :—"জানিস্ ডন সোসাইটীতে বিনয় কী পড়তে যায়? সুখও কিছু নয়, দুঃখও কিছু নয়। বাঃ, মানুষগুলা গাছ-পাথর নাকি রে? সুকুমার পণ্ডিত নীলকণ্ঠ গোস্বামীর গীতা ব্যাখ্যা শুনিয়া আসিয়াছিল। ছাপরার রাজেন্দ্র-প্রসাদ, মনোমোহন ইত্যাদি অনেকেই ছিল। "রাজেন্দর" আমাদের এক ক্লাস নীচে পড়িত। হষ্টেলে থাকিত নয়া-বাড়ীর নীচের তালায়। রাধাকুমুদের তদ্‌বিরে সে ডন সোসাইটীতে আমাদের গুরু-ভাই। আজকাল রাজেন্দর ডমিনিয়ান-ভারতের খাদ্য-সচিব। রাধাকুমুদ মুখার্জি বয়সে ও ক্লাসে আমাদের অনেক বড়।

বঙ্গীয় সাহিত্য পরিষদের সভা হইতে একদিন সুকুমার মনোরঞ্জন, নরেশ, শান্তি ইত্যাদির সঙ্গে ফিরিতেছি। সন্ধ্যার পর। শীতকাল। ১৯০৩ কিম্বা ১৯০৪। আপার সারকুলার রোডে তেল কল, সুড়কির কল, ময়দার কল ইত্যাদি কলের আবহাওয়া ধোঁআয় আর ধুলায় সকলেরই চোখ কট-কট করিতেছে। অস্থির হইয়া সুকুমার বলিল :—"এই জন্যই তো গবর্মেণ্ট প্রেসিডেন্সি কলেজটাকে কলিকাতা হইতে সরাইতে চায়। খুব ভাল প্রস্তাব নয় কি? ব্যবসা-বাণিজ্যের কেন্দ্র কলিকাতা, রাজনৈতিক আন্দোলনের কেন্দ্র কলিকাতা। এইখানে কি লেখাপড়ার কেন্দ্র রাখা উচিত? লেখাপড়ার জন্য চাই রাঁচি ইত্যাদি স্বাস্থ্য-কর নির্জন জায়গা।" ইত্যাদি। আমি বলিলাম উল্টা :—"হট্টগোলের আর ধুলাময়লার ভিতরই ব্যবস্থা করা উচিত লেখাপড়ার জন্য। পোষাকি আবহাওয়ায় মানুষ তৈয়ারী হয় না। মানুষ গড়িবার জন্য বনে জঙ্গলে, লোকজনের বাহিরে যাওয়া ঠিক নয়।'

তখনকার দিনে দেশের ভিতর চলিতেছিল বিশ্ববিদ্যালয়-কমিশনের তদন্তসংক্রান্ত তক্কাতক্কি। সতীশ মুখার্জি, গুরুদাস ব্যানার্জী, সুরেন্ ব্যানার্জি, ("বেঙ্গলী"), মতি ঘোষ (অমৃতবাজার পত্রিকা) ইত্যাদি সকলেই কমিশনের বিরুদ্ধে।

রবি বাবু "স্বদেশী সমাজ" পড়িলেন দু-দুবার। কলিকাতার ছেলে ছোকরা মহলে হুলুস্থুল। জিতেন, সুকুমার, শান্তি, নলিন ইত্যাদি সকলেই বহুমুখে তারিফ করিতেছে। সুকুমার জিজ্ঞাসা করিল :—"কীরে, বিনয়, তুই যে কিছু বলছিস না?" "ভাই, দুটোর কোনাটাতেই যাই নি।" "কেন?" ডন সোসাইটীর বারণ না কি রে? "তা কেন হবে? সতীশবাবু নিজেইতো হাজির ছিলেন, দুবারই। হারাণ চাকলাদার, রাধাকুমুদ, রবীন্দ্রনারায়ণ ঘোষ, রাজেন্দ্র ইত্যাদি ডন সোসাইটীর অনেকেই দু-দুবার শুনে এসেছে।"

১৯০৪ সালের বর্ষাকালে চৌরঙ্গীর মাঠ থেকে ফিরিয়া আসিয়া হাঁপাইতে হাঁপাইতে সুকুমার বলিতেছে :—"ধর্ম্মতলার খবরের কাগজের অফিসের দেওয়ালে কী ছাপা দেখলাম জানিস্? ওয়ার ইমিনেণ্ট। লড়াই বাধো-বাধো।" "সে আবার কী?" মনোরঞ্জনকে

সুকুমার বলিল :—"বিনয়টা আদার বেপারী, জাহাজের খবর রাখেনা।" খুব গল্প-গুজব চলিতে লাগিল। ১৯০৪ সালের কথা। রুশ ভাল্লুক ছাগলকে গিলিতে আসিতেছে।

বাংলাদেশকে দু-টুকরা করিবে ইংরেজ জাত। বাঙালীর বাচ্চা তা সইবে না। টাউন হলে বিলাতী মাল বয়কটের জন্য সভা হইল। ১৯০৫ সালের ৭ই আগষ্ট। স্বদেশী আন্দোলনের জন্য। বঙ্গ বিপ্লবের সূত্রপাত। ঠিক যেন লড়াই। পরের দিন কলেজে সুকুমার, শান্তি ইত্যাদি সকলে জিজ্ঞাসা করিল :—"তোকে তো টাউন হলে দেখ্‌লাম না। তুই আবার বিলাতীমালের ভক্ত হলি কবে? ডন সোসাইটীতে তো সতীশ বাবু স্বদেশী জিনিষের দোকানও খুলেছেন। সেখানেরা তোরা কেনা-বেচার করবার ও তো শিখছিস্?"

আমি তখন হিন্দু হষ্টেল ছাড়িয়া দিয়াছি। সতীশ বাবু, রাধাকুমুদ মুখার্জী, রবি ঘোষ, ব্রহ্মবান্ধব-উপাধ্যায় আর পণ্ডিত মোক্ষদা সামাধ্যায়ীর সঙ্গে থাকি, কর্ণওয়ালিস ষ্ট্রীটের উপকার একটা মাঠওয়ালা বাড়ীতে। মাঠটা পাস্তের মাঠ নামে পরিচিত। বাড়ীটার নীচের তালায় 'ফিল্ড অ্যাণ্ড আকাডেমী' ক্লাব। সেই ক্লাব ছিল বিপিন পাল, চিত্তরঞ্জন দাশ, বিজয় চ্যাটার্জি (ব্যারিষ্টার), রজত রায় (ব্যারিষ্টার), সুবোধ মল্লিক (জমিদার) ইত্যাদি জননায়কদের আড্ডা। দোতলায় ছিল সতীশ-ব্রহ্মবান্ধবের "মেস"। সুকুমার, মনোমোহন, শান্তি ইত্যাদি দুএকবার আমাদের এ মেসে ঢু' মারিয়া গিয়াছিল। আমার হষ্টেল ছাড়াটা সুকুমার, মনোরঞ্জন ইত্যাদির পছন্দ-সই ছিল না। বলিয়াছিল :—"হষ্টেলে থেকে গেলেই ভাল করতি।" যাহা হউক সতীশ বাবুর "বাথানে" ব্রজেন শীল, বিপিন পাল, রবি ঠাকুর, হীরেন দত্ত, গুরুদাস ব্যানার্জি, আশু চৌধুরী (ব্যারিষ্টার), মনোরঞ্জন গুহ-ঠাকুরতা ব্রজেন্দ্র-কিশোর রায় চৌধুরী (জমিদার) ইত্যাদি সেকালের ইন্দ্র-চন্দ্র-বরুণ-যমের আসা' যাওয়া ছিল। এই অধমের চৌকিতেও অনেকেই বসিয়া গিয়াছেন।

কলেজ স্কোয়ারে "স্বদেশী" সভা। বক্তৃতা করিল সুকুমার। জিজ্ঞাসা করিলাম :—"কী বল্‌লি?" সুকুমারের জবাব :—"কাল কলেজে অতুল বল্‌ছিল, 'দেশটা বড় হ'য়ে গেছে। যেখানেই যাই সকলেই কিছু না কিছু নতুন বলে। আমার পক্ষে বিশেষ কিছু বল্‌বার দরকার হয় না।' ঠিক সেই সুরেই আমিও গেয়ে এলাম।"

প্রেসিডেন্সি কলেজ হইতে "ষ্টুডেন্টস ম্যাগাজিন" বাহির হইল (১৯০৫)। সুকুমার, খুড়োকে' অতুলকে, নলিনকে, আমাকে, যাকে পায় তাকে ডাকিয়া বলিতেছে—"আরে তোদের কাছে এই মাসের ষ্টুডেন্টস্ ম্যাগাজিনটা আছে? থাকে তো দে। বড্ড জরুরি। না থাকে তো এই একটা দিচ্ছি। নিয়ে যা। ঘরে বসে এটাকে দুম্‌ড়ে-মুচড়ে কালী পেন্সিলের দাগ লাগিয়ে কালই ফেরৎ দিবি।" আমি জিজ্ঞাসা করিলাম—"কাণ্ড কী রে সুকুমার? কী হয়েছে?" "আরে ভাই, পুলিশ নাকি প্রেসিডেন্সি কলেজের উপর চটেছে। প্রিন্সিপাল এই কাগজ আর বের করতে দেবে না।" "তাহলে কাগজটাকে দুম্‌ড়ে-মুচড়ে কালী-পেন্সিলের দাগ লাগিয়ে ফেরৎ দিতে বলছিস কেন? "প্রিন্সিপ্যলকে শ'দেড়-দুই কপি

ফেরৎ দিতে হবে। দেখাবো যে, আমরা কাগজটা এখনো বেশী বিলি করিনি। যেগুলো বিলি হয়েছিল সে-সবই ফেরৎ নিয়েছে। তাহলে প্রিন্সিপ্যাল সাহেব পুলিশের কর্তাদেরকে ঠাণ্ডা রাখতে পারবে।" এই সংখ্যাতে সরকারী শাসন সম্বন্ধে নরেশ সেনগুপ্তর কড়া সমালোচনা ছিল এক প্রবন্ধে। নরেশ সেনগুপ্ত আমাদের চেয়ে বয়সে ও ক্লাসে বেশ-বড়। বোধ হয় রাধাকুমুদের সহপাঠী। একালে উকিল ও গল্পিক।

সেই বৎসরই পূজার ছুটির পর বিশ্ব-বিদ্যালয় বয়কটের ধুম। জাতীয় শিক্ষা পরিষৎ কায়েম হইতেছে। বেঙ্গল ন্যাশন্যাল কলেজের জন্য তোড়জোড় চলিতেছে। পার্সিভ্যাল সাহেব এম-এ ক্লাসে ইংরেজি পড়াইতে-পড়াইতে কালো মুখ লাল করিয়া দেশের লোকগুলাকে বেশ-কশে ঘুষা জুতা লাগাইলেন। পার্সিভ্যালের গালগুলা আমরা খুবই ভালবাসিতাম। এই গালাগালিগুলিও বেশ লাগিল। ক্লাসের পর সুকুমার বলিতেছে—"দেখলি, তোর দিকে তাকানো আর চোখ রাঙানো? প্রেসিডেন্সী বয়কট করতে চাস্। তার মানে, পার্সিভ্যাল বয়কট? পার্সিভ্যাল সাহেবের চেয়ে বড় মাষ্টার পেয়েছিস আর কাউকে? এ কি পার্সিভ্যালের সহ্য হয়? দেশের লীডারগুলা ছেলেগুলাকে প্রেসিডেন্সি হ'তে ভাগিয়ে নিয়ে পরকাল নষ্ট করাতে চায়? কাজেই পার্সিভ্যালের জুতো।"

হস্টেলের সুপারিণ্টেণ্ডেণ্ট ছিলেন সংস্কৃতের অধ্যাপক কালীপ্রসন্ন ভট্টাচার্য্য। ডন সোসাইটিতেও সতীশবাবু তাঁকে ডাকিয়া লইয়া বক্তৃতা দেওয়াইয়াছিলেন। একদিন পণ্ডিত মশায় ডাকিয়া পাঠাইলেন তাঁহার ঘরে। মনোরঞ্জন আর সুকুমার সঙ্গে গেল। ঘরে গিয়া দেখিলাধ—শীতলা গাঙ্গুলি (একালের ডেপুটী) ও অন্যান্য দু-একজনকে। একটা সরকারী চিঠি হাতে দিয়া পণ্ডিত মহাশয় বলিলেন—"এই নেও ষ্টেট-স্কলার্শিপের পরোআনা। আই হোপ ইউ উইল কাম ব্যাক্ অ্যাজ সিবিলিয়ান।" সুকুমার আর মনোরঞ্জন পণ্ডিত মহাশয়কে বলিল—"ওটা দিয়ে আর কী হবে? বিনয় ষ্টেট-স্কলার্শিপ নেবেনা ঠিক ক'রেছে। পণ্ডিত মহাশয় বলিলেন—"এ আবার কী কথা? কে এমন পরামর্শ দিল?" সুকুমার বলিল—"ও কারুর পরামর্শ শুনে না। এমন কি ল-কলেজ পর্য্যন্ত ছেড়ে দিয়েছে। আমরা ওকে কতবার বলেছি—'অন্ততঃ বি-এলটা পাশ ক'রে রাখ। ভবিষ্যতে কখন কী হয় বলা যায় না। তোর নিজেরই হয়ত খেয়াল বদলে যাবে। উকিলিটা তো স্বাধীন ব্যবসা।" সুকুমার আইন পাশ করিবার জন্য আমাকে অনেক উস্কাইয়াছে। বলিত—"পরে পস্তাবি।"

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাগুলা বয়কট করার প্রস্তাব জননায়কগণের সভায় মঞ্জুর হইল না। গুরুদাস বাবু ছোকরাদেরকে ডাকিয়া বলিলেন—"বিশ্ববিদ্যালয় বয়কট করার দরকার নাই। আমরা একটা নয়া বেসরকারী বিশ্ববিদ্যালয়, জাতীয় শিক্ষাপরিষৎ গড়িয়া তুলিতেছি।" সুকুমার "দেখলি? গুরুদাস বাবুর মাথা? সরকারী বিশ্ববিদ্যালয়ও ছাড়িবেন না। অথচ জাতীয় শিক্ষা পরিষৎও খাড়া করাইবেন। তোদের ডন সোসাইটির প্রেসিডেণ্টই তো তিনি।

সতীশবাবুর মেজাজ এখন কোন্‌দিকে রে? তোদের চালগুলা ভেস্তে যাচ্ছে দেখছি!"

হষ্টেলে সুকুমারের ঘরে মহা হট্টগোল। কোঁদলের বিষয়—ন্যাশন্যাল কলেজ। বলিতেছে—"ন্যাশন্যাল কলেজ, ন্যাশন্যাল কলেজ শুনতে-শুনতে কান ঝালাপালা হয়ে গেল তোদের ঐ কলেজে কে যাবে পড়তে? ইতিহাসও পড়াবে অরবিন্দ ঘোষ, ইংরেজিও পড়াবে অরবিন্দু ঘোষ। এক অরবিন্দর নামে কলেজ চলবে কদিন রে, গাধা? ব্রজেন শীলও মাষ্টার হচ্ছেন না, রামেন্দ্র ত্রিবেদীও মাষ্টার হচ্ছেন না। মোহিত সেনও মাষ্টার হচ্ছেন না, প্রফুল্ল রায় জগদীশ বোসও মাষ্টার হচ্ছেন না। কলেজের নাম হবে কিসে? মোক্ষদা সামাধ্যায়ীকেই বা কে চেনে? রাধাকুমুদ আর রবি ঘোষ তো ছোক্‌রা মাত্র। ঝালে-ঝালে-অম্বলে সবে ধন নীলমণি অরবিন্দ ঘোষ!"

১৯০৬ সালে হষ্টেলের পুরানো বাড়ীর নীচের তলায় থাকে বঙ্গেন্দু মুখার্জী। বাড়ী কৃষ্ণনগর। তাকে আমরা ডাকতাম বাংলার চাঁদ বলিয়া। তখন আমাদের এম-এ চলিতেছে। সুকুমার মনোরঞ্জনকে বলিল—"মজার কথা শুনেছিস? বাংলার চাঁদের কাণ্ড? সেদিন টিপিং সাহেব (প্রেসিডেন্সির অধ্যাপক) এসেছিল হষ্টেল দেখতে। যেই বঙ্গেন্দুর ঘরে ঢোকা আর যাবে কোথায়? অমনি বঙ্গেন্দু জলের কুজোটা হাতে ক'রে তুলে নিয়ে বারান্দায় গিয়ে খেলার মাঠের ভিতর ধুপ ক'রে ফেলে দিলে। টিপিং তো অবাক্! ব্যাপার কী? খৃষ্টিয়ান ঢুকবে হিন্দুর ঘরে? যে ঘরে খাবার জল থাকে?" খুড়োর ঘর ছিল তখন আড্ডাধারীতে ভরপুর। হো-হো হাসিতে গুলজার হইল।

বঙ্গেন্দু, খুড়ো আর আমি সুকুমারের ঘরে গুলতান করিতে-করিতে একসঙ্গে পড়া মুখস্থ করিতাম। কার্লাইলের "সার্টার রেসার্টাস", শেক্‌সপীয়ারের 'সিম্বেলিন' অথবা পোপের 'এসে অন্ ম্যান' ইত্যাদি মাল পেটে ঢুকিত। ১৯০৬ সাল। পাড়ার ছোঁড়ারা আমাদের চেঁচাচেঁচি আর হাতাহাতিতে অস্থির। "ত্রাহি মধুসূদন" ডাক ছাড়িতেছে। বলাবলি করিতেছে—"সুকুমারটাকে এই ঘর ছাড়াতে হবে।" সুকুমার কী করে? বাধ্য হইয়া বলিতেছে—"ছাখ্ তোর দার্শনিক ব্যাখ্যা-ট্যাখ্যা আর চলবে না। দে ওসব বাদ। দেখবি আর গণ্ডগোল হবে না। তুই যেখানে-সেখানে ফিলিজফি ঢুকাবি। এইজন্যই ত হাতাহাতি। ওসব আমারও বরদাস্ত হবে না, বঙ্গেন্দুরও বরদাস্ত হবে না। মনোরঞ্জন একটু-আধটু তোর দিকে যায় বটে। কিন্তু ফিলজফি নিয়ে ঢলাঢালি করে না। তোকে ডন সোসাইটি বড্ড বেশী পেয়ে বসেছে।"

একদিন মনোরঞ্জনকে সুকুমার বলিল—"বিনয়ের বাতিক দেখেছিস? গবর্মেণ্ট পার্সিভ্যালকে দিয়ে সন্ধ্যার সময় কমার্সের ক্লাস খুলেছে। ও গিয়ে সেই ক্লাসেও ভর্ত্তি হ'লো। ফিরে ফির্ত্তি ইকনমিক্‌স্ মুখস্থ করচে নতুন করে। যেখানে পার্সিভ্যাল সেইখানেই বিনয়। মায় ফিলজফির ক্লাসেও যায় পার্সিভ্যালের প্লেটো পড়ানো শুনতে।" সুকুমার, মনোরঞ্জন, অতুল, নলিন, সকলেই অবশ্য পার্সিভ্যাল-ভক্ত। পার্সীভ্যালের নামে আমাদের

সকলেরই জিভের জল পড়িত। তবে এই সম্বন্ধে হাসিঠাট্টার সামগ্রী ছিল এই অধম।

১৯০৭ সালের মাঝামাঝি। কেহ গেল উকিলের দিকে, কেহ মাষ্টার হইল কলেজে, কেহ হাকিমি করিতে চলিল। সুকুমারের সঙ্গে একদিন হঠাৎ রাস্তায় দেখা। তখন থাকি ৩৮।২ শিবনারায়ণ দাসের গলিতে—আবার সতীশবাবু, রাধাকুমুদ, রবি ঘোষ ইত্যাদির দলে। কর্ণওয়ালিশ ষ্ট্রীটের উপর সুকুমারকে পাকড়াও করিলাম। বলিলাম —"ভাই, ন্যাশন্যাল কলেজের একটা ছোকরা এসে আমাকে ধরেছে তাকে টাকা সাহায্য করতে হবে। টাকার জন্য ধরে আমাকে? আমি করবো টাকা সাহায্য? বড়ই আশ্চর্য্যের কথা। ত্যাখ্ তো তোর পকেটে কী আছে?" এই বলিয়াই আমি সুকুমারের পকেটে হাত ঢুকাইয়া দিলাম। যা-কিছু পাওয়া গেল লইয়া বলিলাম—"আচ্ছা এইটাই হোক মাসিক।" উচ্চবাক্য না করিয়া সুকুমার বলিল—"তাই হবে, কিন্তু কোনদিন আমার বাড়ীতে আস্‌তে পারবি না। আর ডাকে আমি কিছু পাঠাতে পারব না। রাস্তায়-ঘাটে যদি দেখা হয় কিছু পাবি।" ব্যাস। ও তখন ডেপুটি ম্যাজিষ্ট্রেট। এই অধম ন্যাশন্যাল কলেজ ঢুকিয়াছে মামুলি সেবক হিসাবে। খালি পা আর খালি গা। জামাও নাই, জুতাও নাই। বিলকুল কপর্দ্দকহীন।

ইন্‌ট্রোভার্ট

শ্রীসুধীর কুমার গঙ্গোপাধ্যায়
(চতুর্থ বর্ষ,—আর্টস্)

অপরিচ্ছন্ন মনের কম্‌প্লেক্স নিয়ে
চাতুর্য্য প্রকাশের মাধ্যম এ নয়।
আমি স্বয়ম্ভু—একথা বলার অবিনয়
নিঃশেষে বিলুপ্ত হয়ে যাক।
বৃত্তটির আয়তন বেড়ে বেড়ে
প্রাণ পা'ক দীর্ঘ কলেবর।

আমি সাধনা করেছি অনন্তকাল
নিরাসক্তি-যোগ।
আজ তার হিসেব করি—
যোগ-ভাগ-পূরন-বিয়োগ।

পরিবেশের সংগে আমার বিচ্যুতি,
আমার একান্ত অসহজ আত্মরতি
মননে আনে গভীর সূর্য্যমুখীনতা।

অনেককাল থেকেই আমি বৈরাগী—
আমার এ পরিচয় সার্থক না হলেও সত্য।
বার্ট্রান্ড্ রাসেল আমাকে অপছন্দ করেন,
মনে জমে ওঠে দুর্মর দৈন্যবোধ ;
তবু স্বভাবের অভাব ত অনস্বীকার্য্য।

কিন্তু আমারো একটি বহিঃসত্তা আছে,
দিন আনি দিন খাই—
সনাতন সাময়িক আমি।
আমারো মনে শ্রান্তি নামে
নিশীথের শিথিল বাতাসে ;
অবসন্ন চেতনায় কালো স্বপ্ন
ঘোলাটে গন্ধ বয়ে আনে।
হলুদ আর সবুজ যেখানে বন্ধুভাবে
কানাকানি করে কথা কয়,
সহরতলীতে আসে দিবসেরও কোলাহলে
পাহাড়তলীর নিরালা বুণো ঘ্রাণ,
আমার সামনে সেখানে পড়ে থাকে
সুমসৃণ পিছল সড়ক।
পাথেয় আমার অধিক নেই,
মনের পরিধিও একান্ত পরিমিত ;
একটি প্রতীকের তাই প্রয়োজন।
ভেতরে ভেতরে আমি তারি সন্ধান করি।
বিষণ্ণ বাতাসের দারুণ ঝাপটায়
অনেককাল থেকেই আমি আবৃত চোখ।

যুগ জয়ী

শ্রীমনোমোহন সাহা
(দ্বিতীয় বর্ষ—বিজ্ঞান)

কিসের কবি তুমি ?
প্রেমের বাঁধাবুলির,
গতযুগের বুকভাংগা ক্রন্দনের,
আর চাঁদের যে আলো মাটিতে পড়ে না
পড়ে শুধু মনে,—
শুধু তার কবি তুমি।
রাঙা সূর্যকে সাদা করে' দেখ তুমি।
এখনও হংসমিথুনের ভাবে বিভোর ;
এখনও ওদের মিলনের অভিসারকে
অর্ধ-জাগর স্বপ্নে দেখ—
অবাস্তব,—তবুও।
কিন্তু কেন ?
চোখে কি পড়ে না
ঐ কালো পীচের রাস্তা,
অন্ধকারে কালো পিশাচের
প্রেতময় ভয়াল চাহনি,
আর দিগন্তের ওই রক্তছেঁড়া মেঘের ফাঁকে
বিদ্যুতের ঝিলিক—
যা একান্ত বাস্তব
বড় রূঢ় সত্য ?
তুমি নিস্তেজ কেন ?
সূর্য হতে যে রাঙা আলো নিশানা দেয়
রক্তের ভবিষ্যৎকে,
তাও কি রক্তে আনে না উন্মাদনা ?
তোমার গরমরক্তে ?

আজ হতে ভুলে যাও সব ;
পিছনে কাঁদুক তোমার বাসরঘর,
পায়ে দলে যাও তুমি
প্রেমের আবেদনকে ;
প্রেয়সীর চোখের জল
সংকেত আনুক তোমার মনে কালভাঙ্গা ঝড়ের।
চলে যাও কবি,
অনন্তকালের তরে
যে কাল আসেনি
সেই ভবিষ্যের লাগি
মিথ্যা দুর্গন্ধ হতে
অবাস্তব চাঁদের আলো থেকে।
রূপার ঝিলিক হতে মুখ লুকাও তুমি,
তোমার পিচ্ছিল পথে
দুর্গমের মধ্যে অগ্রসর হও তুমি।
যুদ্ধের এ পৃথিবীতে প্রেমের প্রয়োজন নেই।
যুদ্ধ।
যতদিন এর প্রয়োজন না মেটে।
হাতে হাতে মিলাবে
কিন্তু অংগুরীয়ের জন্যে নয়,
ভীষণ অগ্নিক্ষরা অস্ত্রের আদানপ্রদান শুধু
যা ধূলিসাৎ করবে সাম্যের অভাব
ভরাবে এ পৃথিবীকে মুক্তির গানে।
সেই পৃথিবী—
যা তোমার স্বপ্নে এখনও ঘুমন্ত
তাই হবে বাস্তব—সত্য।
আগামীকালের সূর্য-সারথির রথে চড়ে'
আসবে সেই স্বয়ম্বরা,
বরণ করবে তোমাকে।—

শুধু তোমার রক্তের প্রতীক্ষা।
এগিয়ে এস।
এগিয়ে যাও।
তোমার শিরায় শিরায় রক্তের ডাক আনো,
আনো ঝঞ্ঝার বার্তা,
এগিয়ে যাবার গান ধ্বনিত হোক তোমার কণ্ঠে
জয় করো এই যুগকে
যুগের কলংককে।

গ্রন্থ সমালোচনা

মাধুকরী, মাটির মাধুরী ও যাযাবর—শ্রীসুধীর গুপ্ত *

প্রচুর অবকাশ এবং অপরিসীম ধৈর্য সম্বল করে এ-কালের কবিতার বই পড়বার প্রয়াস পেতে হয়। এই দুইয়ের অভাব সত্ত্বেও শ্রীসুধীর গুপ্তের উপহৃত তিনখানি কবিতার বই তাড়াতাড়ি করে পড়ে ফেলবার সুকৃতি সঞ্চয় করেছি। পড়বার আরম্ভ ও সমাপন, এর মাঝখানটার কালগত ব্যবধান দীর্ঘ ও দুঃসহ বলে বোধ হয়নি। একথা গোপন করতে চাইনে যে, যাঁরা নামের মহিমায় বিশ্বাসী আমরা তাঁদেরই ঘরের লোক। কাব্যের শরীর ও আত্মা নিয়ে একই রস-পরিব্যক্তি। নাম সেই কাব্যশরীরের বিগ্রহ বা 'ইষ্টার্থ-ব্যবাচ্ছিন্না পদাবলীর' অবিচ্ছেদ্য অংশবিশেষ। নাম ও নামীর অভেদ সম্পর্ক কল্পনা করে। একটি বিশেষ সম্প্রদায়ের সে-কালে তত্ত্ব-রসিক বাড়াবাড়ি করেছিলেন বলে মনে হয় না।

মাধুকরী নামটিকে ঘিরে রয়েছে একটা অ-বস্তুসক্ত নিষ্কিঞ্চন সর্ব্বত্যাগী অথচ সর্ব্বাত্মযোগী আনন্দরসচেতনা। আমাদের এ-কালের এই গুপ্ত-কবি ব্যাপ্ত চরাচর থেকে প্রাণরস-চঞ্চল আনন্দের মাধুকরী করেছেন। 'মাধুকরীতে' মধুকরের নির্ব্বাধ স্বচ্ছন্দ গতি এবং শ্রবণ-সুভগ মধুপ-গুঞ্জন, অর্থাৎ কল্পনার অবারিত তরঙ্গায়িত প্রসার এবং শব্দসঙ্গীতাশ্রিত ছন্দোহিন্দোল, দুই-ই আছে। মাধুকরী বৃত্তির সত্ত্বগুণাশ্রয়ী ভাবরসবিশুদ্ধির অভাবও এখানে নেই। যেখানে,

"অন্ধ-গলির রন্ধ্র-বিহীন ঘরে
স্বপন-লোকের সোনার মেয়ের তরে
স্বর্ণ-শিল্পী সোনার গহনা গড়ে।"

আর যেথায়,

"চির-দুরাশার নীল-পারাবার
ওই আকাশের ধারে
স্বপন-মগন যেথানে তপন
আলোকের তারে তারে।"

---

* গ্রন্থকার প্রেসিডেন্সি কলেজের প্রাক্তন ছাত্র।

এই দুইয়ের মাঝখানে সবার কাছে মাধুকরী করে 'মাধুকরী'র কবি আনন্দবুভুক্ষুর উপযোগী উপাদেয় পরমান্ন প্রস্তুত করে পরিবেষন করেছেন।

'মাটির মাধুরী'তে আমাদের মাটির মা-টি আর স্বর্গরাজ্যের অধিষ্ঠাত্রী দেবতার মধ্যে কোনও দ্বন্দ্বের সুর বেজে ওঠেনি। বৈজ্ঞানিক সত্য ও দার্শনিক মতবাদের আমেজ দিয়ে কালোয়াতি ভাজাও হয়নি। বরং এতে আমরা পেয়েছি বাংলার মাটির আর্দ্র স্পর্শ, স্নিগ্ধ গন্ধ এবং শ্যামলিম-মধুর রূপ। আগের শতকের গুপ্ত-কবিকে তাঁর দেশবরেণ্য শিষ্য খাঁটি বাঙ্গালী কবি আখ্যা দিয়েছিলেন। আমাদের এই গুপ্ত কবিও বাঙ্গালী পরিচয় নিয়ে কোনও অস্বস্তি বোধ করেননি, দেখেছি। 'নদীয়ার স্মৃতি' ও 'লক্ষ্মণ সেনের পলায়ন' নিয়ে তিনি অতীত-পন্থী ঐতিহাসিক-বিবেকাশ্রিত অপূর্ব্ব সহৃদয়তার সৃষ্টি ক'রেছেন।

তাঁর যাযাবর বইয়ে হাতী-ঘোড়া উট-ছাগলের সারি বা ভবঘুরে মনুষ্যপ্রবাহের দীর্ঘ শোভাযাত্রা নেই। এতে যেন শুনতে পেয়েছি খেয়ালী নারদের বীণাধ্বনি, শারদচন্দ্রালোক-আলোড়নকারী হরিগুণগান, আর বিস্তীর্ণ পদ্মার বালুচর-সঞ্চারী বাউলের একতারার সুরঝঙ্কার। এই সুর শুনে শত কোলাহলের মধ্যেও যাঁরা উৎকর্ণ হয়ে ওঠেন, কান পাতেন, তাঁরা বোধ হয় আমার সঙ্গে উপলব্ধি করবেন, 'যাযাবরে'র কবি সত্যই কবিপ্রাণতার অধিকারী।

সুধীরবাবুর কবিতার বই কাব্য হয়ে উঠেছে। আমাদের কাব্য-কথাটি, পশ্চিমের 'রোমান্টিক'-কথাটির মতো, সকলের অতর্কিতে অপাংক্তেয় হয়ে আসছে ব'লে মাঝে মাঝে শঙ্কা হয়। পরিভাষা-সৃষ্টির নির্ম্মম পরিহাস-প্রসূত কিম্ভুত-কিমাকার 'কাব্যিক' বিশেষণ পদটিকে আমরা এর প্রমাণ বলে ধরতে পারি। হালের যাঁরা কবিতা-লিখিয়ে, আর শপথ গ্রহণ করে যাঁরা তাঁদের হলফ-করা সমঝদার হয়েছেন, তাঁরা আমরা যাকে কাব্য বলতাম, তাকে বলতে সুরু করেছেন, মানুষের পলাতকা-বৃত্তির বহিঃপ্রকাশ, বস্তু-সমাকীর্ণ সংঘাত-মুখর জীবনের প্রশস্ত ক্ষেত্র থেকে পৃষ্ঠভঙ্গের অপরিহার্য পরিণাম। কিন্তু আমাদের মনে হয়, কাব্যরসিকদের তরফ থেকেও একটা পালটা অভিযোগও আসতে পারে এই বলে যে, বস্তু-সর্ব্বস্ব, সমস্যাতুর অন্নময় জৈব সত্তার কাছে হার মেনে আনন্দময় আত্মপুরুষকে অস্বীকার করার মধ্যেই রয়েছে সত্যকার ভীরু পলায়নীবৃত্তি, তামস-তন্দ্রাতুর অসংযম।

"যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্তি সংযমী।
যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ॥"

বিগত শতাব্দীর অমিত-ঐশ্বর্যদীপ্ত কবিপ্রাণতার অধিকারী শ্রীমধুসূদন তাঁর একটি চতুর্দশপদীতে কবিকে 'যমদমী' বলেছিলেন। যা আপাত-গ্রাহ্য, আপাত-বোধ্য, এবং আপাত-মধুর তাতে জেগে রয়েছি আমরা যারা শ্রমজীবী, দেহমনের দিক্ দিয়ে যারা মজুরি করে চলেছি। কবির জাগৃতি আনন্দরস-চেতনায়, সুন্দরের সুনিবিড় ভাবসাযুজ্যে।

সুধীর বাবু কবি। স্বয়ম্-আস্বাদ্য কাব্যগুণে তাঁর রচনাসম্ভার সুসমৃদ্ধ। তাঁর কবি-জীবনের জয়যাত্রার পথপ্রান্তে দাঁড়িয়ে আমরা তাঁকে বলি 'শিবাস্তে সন্তু পন্থানঃ'।

জনার্দন চক্রবর্তী

শতাব্দী—রমেশচন্দ্র সেন। পূরবী পাবলিশার্স

সম্প্রতি যে সব বাঙলা লেখা নাম ক'রেছে—রমেশচন্দ্র সেনের 'শতাব্দী' তাদের মধ্যে নিঃসংশয়ে একটি। উপন্যাসটির কাহিনী পারিপাট্য-বর্জিত। শতাব্দীর বিস্তীর্ণ পটভূমিকায় লেখক যে মনোরম কাহিনী লিপিবদ্ধ ক'রেছেন, তার ঘটনাস্থল মঞ্জরী গ্রাম; মূল চরিত্র নিরক্ষর নমঃশূদ্র—রাজ্যেশ্বর। তার সুখ-দুঃখ আশা-আনন্দময় জীবনের ফাঁকে ফাঁকে দেখি শতাব্দীর হাওয়া বদ্‌লাচ্ছে। ঊনবিংশ শতাব্দীর সামাজিক এবং রাজনৈতিক বিবর্ত্তন অনিবার্য্যভাবে প্রভাবিত ক'রছে ব্যক্তির জীবনকে, দৃষ্টিভঙ্গীকে। নো-চেঞ্জার রাজ্যেশ্বরকে অভিভূত ক'রে শতাব্দীর পূর্ণতম রাজনৈতিক পরিবর্ত্তন সাম্যবাদের জয়যাত্রা সুরো হোলো। লেখকের দক্ষতা এইখানে যে, শতাব্দীর ধারা অনুসরণ ক'রতে গিয়ে রাজ্যেশ্বরের পরিপূর্ণ জীবনের কাহিনীকে তিনি পিছনে ফেলে আসেন নি।

রাজ্যেশ্বরের কাহিনী "শতাব্দী" উপন্যাসের কথাবস্তু। অধ্যবসায় এবং উদ্যম সম্বল ক'রে, অগ্নিমণ্ডলের মতো, জীবনে সে প্রতিষ্ঠিত হ'লো। অপরিণতি থেকে ক্রমপরিণতির মধ্য দিয়ে সার্থকতার পথে পদক্ষেপে তার দূরদৃষ্টি এবং স্থির বুদ্ধির পরিচয় পাওয়া যায়। কিন্তু আসল কথা জীবনের সম্বন্ধে তার একটা বিশেষ দৃষ্টিভঙ্গী আছে। তার সংস্কৃতি শিক্ষাগত নয়, জীবনলব্ধ। এই সংস্কৃতির বলে সে অমলাকে সহজে গ্রহণ ক'রতে পেরেছে এবং টগরের প্রতি প্রবল আকর্ষণকে সংযত ক'রেছে। সাধারণ কতকগুলি গুণের সমাবেশে রাজ্যেশ্বর অসাধারণ।

"শতাব্দী" উপন্যাসে টগরের চরিত্রটি এক কথায় Subtle। চাঁপা এবং টগর, রাজ্যেশ্বরের জীবনে উভয়ের প্রভাবই সুপরিস্ফুট। কিন্তু চাঁপা অতিমাত্রায় সাধারণ। দুঃখকে টগর সহজভাবে গ্রহণ ক'রেছে। রাজ্যেশ্বরের প্রতি নিজের দুর্ব্বলতাকে সে চালনা ক'রেছে কল্যাণের পথে। টগর ত্যাগের মধ্যে চরিতার্থতার সন্ধান পেয়েছে।

রাজ্যেশ্বরের জীবনের শেষার্ধে অমলার স্থান বিশিষ্ট। জীবনের সংস্পর্শে প্রগল্‌ভ অমলারও রূপান্তর ঘ'টলো। তার ওপর রাজ্যেশ্বরের প্রভাব কম নয়।

ত্রিগুণাকাকা "শতাব্দী"তে সামাজিক বিপ্লবের প্রতীক। অগ্নিমণ্ডল এবং রাজ্যেশ্বরের একটা সাদৃশ্য এই যে দু'জনেই সুপ্রতিষ্ঠিত। মহেশ্বর এবং বীরেশ্বর দু'টি স্বয়ং-সম্পূর্ণ চরিত্র।

উপন্যাসটিতে ঘটনার জটিলতা বিভিন্ন চরিত্রের ঘাত প্রতিঘাত এবং অন্তর্দ্বন্দ্বের অভাব বিশেষ ক'রে চোখে পড়ে। শতাব্দীর ছবিও যেন একটু হাল্কাভাবে আঁকা। বীরেশ্বর এবং মহেশ্বরের চরিত্র মূল কাহিনীকে তেমনভাবে প্রভাবিত ক'রতে পারে নি।

কিন্তু "শতাব্দী" অভিনবত্ব এই যে, একদিকে লেখক যেমন শতাব্দীর বিবর্ত্তন দেখিয়েছেন, অপরদিকে তেম্‌নি একটা জীবনের দর্শন উপস্থাপিত ক'রেছেন পাঠকদের সম্মুখে। লেখকের লিপি-চাতুর্য্যকে প্রশংসা ক'রতে হয়। আমাদের কাছে তিনি স্বল্প-পরিচিত হ'লেও তাঁর লেখায় নবীন লেখকের কাঁচা হাতের কোন ছাপ নেই।

অশোককুমার মুস্তাফি
৬ষ্ঠ বর্ষ, আর্টস।

আমাদের কথা

ষ্টুডেণ্টস্ য়ুনিয়ন কাউন্সিল ১৯৪৮—৪৯

বাৎসরিক কার্য্যের সংক্ষিপ্ত সংবাদ

সাধারণ বিভাগ :

বর্ত্তমান বৎসরের ছাত্র পরিষদের বিদায় গ্রহণের দিন সমাগত। ছাত্র পরিষদের পক্ষ থেকে আমি শ্রদ্ধেয় অধ্যক্ষ এবং অধ্যাপক মহাশয়দের আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। বহু জটিল বিষয়ে তাঁদের সুচিন্তিত পরামর্শ, মূল্যবান উপদেশ এবং আন্তরিক সহানুভূতি আমাদের দায়িত্বভার লঘু এবং সুসম্পন্ন করার পথে যথেষ্ট সাহায্য করেছে।

প্রতিটি ছাত্রবন্ধুদের কাছেও আমার আন্তরিক শুভেচ্ছা, প্রীতি এবং ধন্যবাদ জানাচ্ছি। তাঁদের সাহায্য ও সহানুভূতি স্মরণীয়।

কলেজের কোষাধ্যক্ষ শ্রীরমেশচন্দ্র নন্দী এবং কলেজ কার্য্যালয়ের বিভিন্ন বিভাগীয় কর্ম্মকর্ত্তারাও আমাদের জন্য যথেষ্ট পরিশ্রম স্বীকার করেছেন। তাঁদের আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

প্রচলিত নিয়ম অনুসরণ করে পরিষৎ তার কাজ এগিয়ে নিয়ে এসেছে। পরিষদের অধিবেশনে সদস্যগণের মূল্যবান আলোচনা আমাদের যথেষ্ট সাহায্য করেছে। বিভিন্ন বিভাগীয় সম্পাদকেরাও তাঁদের নির্দ্ধারিত কর্ম্মসূচি সুষ্ঠুভাবে পরিবেশনা করে প্রসংশা অর্জন করেছেন।

পরিষদের সহঃ-সভাপতি শ্রীঅমল বসু বিমানবাহিনীতে যোগদান করায় পদত্যাগ করেন।

"প্রতিষ্ঠাতৃ সপ্তাহ" উদ্‌যাপন উপলক্ষ্যে সাধারণ বিভাগের পরিবেশনায় এক সান্ধ্য সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। আমাদের ছাত্র পরিষদের এইটি সর্ব্বপ্রথম অনুষ্ঠান। প্রাক্তন ছাত্র এবং বিচারপতি শ্রীপ্রশান্তবিহারী মুখোপাধ্যায় মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন।

প্রকাশনা বিভাগ কর্ত্তৃক দুইটি পত্রিকা প্রকাশের প্রচেষ্টা নানাকারণে ব্যর্থ হয়েছে। আশা করি, আমাদের পরবর্ত্তীগণের দৃষ্টি এ বিষয়ে বিশেষ ভাবে নিয়োজিত হবে।

রবীন্দ্র-পরিষদের প্রথম অনুষ্ঠান হয় "বসন্তোৎসব"। এ ছাড়া "বর্ষামঙ্গল", "বৃক্ষরোপন" এবং "শেষ বর্ষন" প্রভৃতি উৎসবের আয়োজন করা হয়েছিল।

দুঃখের সঙ্গে জানাচ্ছি যে রবীন্দ্র পরিষদের সম্পাদক শ্রীরবীন্দ্রনাথ রায় কলেজ পরিবর্ত্তন করেন। পরিষদের নির্দ্দেশে আমাকেই এই বিভাগের পরিচালনাভার গ্রহণ কোরতে হয়।

বিতর্ক বিভাগ বর্ত্তমান জগতের রাজনৈতিক, সামাজিক এবং দৈনন্দিন সমস্যাগুলিকে কেন্দ্র ক'রে অনুষ্ঠানের আয়োজন করেছেন। বিতর্ক বিভাগ বাঙলায় বিতর্ক প্রতিযোগীতা এবং অধ্যাপক ও ছাত্রদের মধ্যে বিতর্ক অনুষ্ঠানের আয়োজন ক'রে ইতিহাস সৃষ্টি করেছেন।

বিরাম পীঠিকা বিভাগ কর্ত্তৃক বাৎসরিক ষ্টিমার পার্টির আয়োজন, সত্যই ছাত্রমহলে বেশ চাঞ্চল্যের সৃষ্টি করেছিল। নানাপ্রকার ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করে বিরামপীঠিকা বিভাগ প্রশংসা অর্জ্জন করেছেন।

COLLEGE UNION COUNCIL

SESSION 1948-49



Sitting (left to right) :— Jayanta Maitra (Genl. Secy., College Union Council), Prof. S. Sarkar, Principal J. Ghose, Prof. J. Chakrabarty (Chairman, Social-Service League), Prof. S. C Sen Gupta. (Chairman Publication Section).

Standing (left to right) :— B. Ray (Junior Common-room Secy.), A. Dutta (Debate Secy.), N. Mukherji (Drama Secy.), D. Banerji (Social-Service Secy.)

SOCIAL SERVICE LEAGUE

SESSION 1948-49

Sitting (L. to R.)— Abul Kamal, Dilip Banerji (Social Service Secy.) and Dhruba Banerji.
Standing(L. to R.)— Pulin Das and Amalendu Barman.



THEY MET THE BRITISH DEBATING TEAM

SHIBENDU GHOSH (Left)—6th Year Arts (Old)—at Calcutta.
NILMANI LAHIRI (Right)—4th Year Arts—at Jalpaiguri.

সমাজ-সেবা বিভাগ তাঁদের কাজ চালিয়েছেন বেশ ভালভাবেই। এই বিভাগের পরিচালনাধীনে কলেজের বিরাম পীঠিকায় একটি অবৈতনিক সান্ধ্য বিদ্যালয় স্থাপন করা হয়েছে। দুঃস্থ পরিবার এবং বাস্তুহারাদের সাহায্য ক'রে এই বিভাগ আশীর্ব্বাদ এবং প্রশংসা অর্জ্জন করেছে। সেবাকার্য্যের জন্য সমাজ-সেবা বিভাগ বাঁকুড়া অঞ্চলে গিয়েছিলেন।

অভিনয় বিভাগ এবছর একটি মাত্র অনুষ্ঠানের আয়োজন করেছিলেন। ১৩ই সেপ্টেম্বর "শ্রীরঙ্গম" নাট্যমঞ্চে অভিনয়টি মঞ্চস্থ করার আয়োজন হয়েছিল। কিন্তু কলেজের কয়েকজন ছাত্রবন্ধুদের প্রতি পুলিশের দুর্ব্ব্যবহারের প্রতিবাদে পরিষদের আহ্বানে সেই সময় কলেজের ছাত্রবন্ধুরা ধর্ম্মঘট সুরু করেন এবং সেইজন্য অভিনয় অনুষ্ঠানের দিন পরিবর্ত্তন করা হয়। অবশেষে ছাত্রবন্ধুদের আগ্রহাতিশয্যে ২৫শে নভেম্বর "শ্রীরঙ্গম" নাট্যমঞ্চে "আলমগীর" (পণ্ডিত ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ মহাশয় লিখিত) অভিনীত হয়। শ্রীশিশিরকুমার ভাদুড়ী মহাশয়ের আশীর্ব্বাদ এবং শ্রীমহেন্দ্র গুপ্ত মহাশয়ের আন্তরিক সাহায্য ও শুভেচ্ছা অনুষ্ঠানটির সুচারু পরিবেশনায় যথেষ্ট সহায়তা করে। তাঁদের আন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

এর পর আমাদের অভিযোগের পালা। এ ক্ষেত্রে কর্তৃপক্ষ এবং ছাত্রবন্ধুদের—আমি স্মরণ করিয়ে দিচ্ছি—এই অভিযোগটির নিদর্শন পূর্ব্ব বৎসরের পত্রিকাতেও দেখতে পাবেন। পরিষৎ-এর জন্য একটি পৃথক ঘর, পরিষদের সভ্যদের অনুরোধে, আমি বহুবার দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছি—অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি—কোন ফলোদয় হয়নি। আমার অনুরোধ, পরবর্ত্তী ছাত্রবন্ধুরা যেন কলেজের ছাত্র পরিষৎকে "যাযাবর বৃত্তি" থেকে মুক্ত করে "গৃহস্থ" করার দিকে সর্ব্বপ্রথমে মনোনিবেশ করেন। সাধারণ সম্পাদক হিসাবে, আমার পরবর্ত্তী সাধারণ সম্পাদক মহাশয়দেরও আশ্বাস দিতে পারি, এর ফলে, তাঁরা "চলন্ত-অফিস ঘর" হওয়ার সৌভাগ্য থেকে পরিত্রাণ পাবেন।

দ্বিতীয়তঃ, আমাদের একটি হলঘর-এর প্রয়োজন—যেখানে বিভিন্ন উৎসব এবং অনুষ্ঠানের আয়োজন কোরে আর্থিক দিকে যেমন ব্যয় লাঘব করা আমাদের পক্ষে সম্ভব হ'বে তেমনি আনন্দভোগের মাত্রা, পরিমাণের দিক থেকে বিচার কোরলে, বর্ধিত হবে বলেও আমার বিশ্বাস।

আপনারা আমার শ্রদ্ধা, শুভেচ্ছা ও নমস্কার গ্রহণ করুন।

শ্রীজয়ন্ত প্রসাদ মৈত্র—সাধারণ সম্পাদক

প্রকাশনা বিভাগ ঃ

অবশেষে আমাদের পত্রিকা প্রকাশিত হ'ল—যদিও অস্বাভাবিক দেরীতে। পত্রিকা প্রকাশ ক'রতে গিয়ে আমাদের সবচেয়ে যে অসুবিধা ভোগ করতে হয়েছে তা হ'ল আর্থিক অনটন। প্রকৃতপক্ষে আর্থিক অসঙ্গতিই পত্রিকা প্রকাশে এই অস্বাভাবিক দেরীর কারণ। এ বিষয়ে প্রায় চিরাচরিত রীতিতে আমিও কলেজ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। তবে আরও একটা অসুবিধা যা আমাদের ভোগ করতে হয়েছে তা হচ্ছে সাধারণ ছাত্রদের সহযোগিতার অভাব। অবশ্য সেজন্য সাধারণ ছাত্রদের কোন দোষ দেওয়া যায় না—প্রকাশনা বিভাগের গঠন পদ্ধতিই এজন্য দায়ী। সত্যিকথা বলতে কি, এমন ভাবেই আমাদের পত্রিকা প্রকাশিত হয় যে সাধারণ ছাত্ররা ইচ্ছা থাকলেও সহযোগিতা করার কোন সুযোগ পান না। অবশ্য এ প্রসঙ্গে প্রকাশনা সাব-কমিটির সহ-সভাপতি শ্রীশুভব্রত ঘোষ এবং সহপাঠি শ্রীঅশোকমোহন রায় ও শ্রীমণীন্দ্র গঙ্গোপাধ্যায়ের আন্তরিক সহযোগিতার কথা উল্লেখ না করে পারা যায় না। তবে সবচেয় বড় কথা যা আমাকে বলতেই হবে তা হচ্ছে নূতন প্রকাশনা সম্পাদক শ্রীসৌরীন চক্রবর্তীর অক্লান্ত পরিশ্রমের কথা। প্রকৃতপক্ষে পত্রিকা প্রকাশের অনেক কাজই করতে হয়েছে তাঁকে—যদিও দায়িত্ব ছিল আমারই!

বংগেন্দু গংগোপাধ্যায়—সম্পাদক।

বিরাম পীঠিকা ঃ

১৭ই সেপ্টেম্বর বৃহস্পতিবার আমরা বাৎসরিক ষ্টিমার পার্টির আয়োজন করি। আমাদের ষ্টিমার সকাল দশটায় চাঁদপাল ঘাট ছেড়ে ডায়মণ্ডহারবার অভিমুখে যাত্রা করে এবং দুপুর তিনটের সময় তার গতি ফিরিয়ে সন্ধ্যে সাতটায় আবার কোলকাতায় ফিরে আসে। ষ্টিমারে মাধ্যাহ্নিক আহার, বৈকালিক চা ও আনুসংগিকের ব্যবস্থা ছিল। প্রায় সাড়ে চার-শো জন যোগ দিয়েছিলেন এই অনুষ্ঠানে। কোন বছরেই এত বেশী অধ্যাপক ও ছাত্র-ছাত্রী কলেজের ষ্টিমার পার্টিতে যোগদান করেন নি।

শারদীয় অবকাশের কিছুদিন আগে, ১৮ই আগষ্ট, কলেজের আভ্যন্তরিন ক্রীড়া প্রতিযোগিতা আরম্ভ হয়। শ্রীবিমানবিহারী রায় (২য় বর্ষ বিজ্ঞান) ও শ্রীঅনুপম দাসগুপ্ত (১ম বর্ষ বিজ্ঞান) যথাক্রমে 'ক্যারাম' ও 'দাবা' প্রতিযোগিতায় কলেজের শ্রেষ্ঠ খেলোয়ারের সম্মান লাভ করেন। শ্রীপ্রণব সেন (২য় বর্ষ কলা) ও শ্রীনোহনলাল বর্ম্মা, (৩য় বর্ষ বিজ্ঞান) 'টেবিল টেনিস' প্রতিযোগিতার ফাইনাল উত্তীর্ণ হন। এই প্রতিযোগিতায়, শ্রীমানস মুকুটমণি ও শ্রীঅতীন ভট্টাচার্য পরিচালনার ভার গ্রহণ করেন।

এই বিরাম পীঠিকায় দেশে-বিদেশের পত্রিকা পড়ার সুব্যবস্থা আছে। অত্যন্ত দুঃখের বিষয় যে এই পত্রিকাগুলো মনোনয় করবার ভার আমাদের ছাত্র সাধারণের উপর নেই।

কলেজের স্বল্প পরিসর বিশ্রাম কক্ষগুলির যথেষ্ট স্থানাভাবের কথা আমরা অনুভব করছি। কর্তৃপক্ষের বারংবার দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও কোন ফল হচ্ছে না।

আমাদের প্রতিটি অনুষ্ঠান সাফল্যমণ্ডিত হওয়ার পেছনে রয়েছে যাদের অক্লান্ত পরিশ্রম তাদের ধন্যবাদ জানাচ্ছি।

শ্রীবিমলপতি রায়—সম্পাদক

সমাজ-সেবা সঙ্ঘ ঃ

আজ আমাদের দেশে তথাকথিত সমাজ-সেবকের অভাব না থাক্‌লেও প্রকৃত কর্ম্মীর দুর্ভিক্ষকে কেউই অস্বীকার করতে পারবেন না। তাই আজকের দিনে দেশের পক্ষে প্রয়োজন সুদক্ষ ও নিষ্ঠাবান কর্ম্মীর, যারা সেবার আদর্শে অবিচল থেকে কাজ চালাতে সক্ষম। দ্বিতীয় প্রয়োজন সমাজ সেবার উদ্দেশ্যে গঠিত সমস্ত প্রতিষ্ঠানগুলি ঐক্যবদ্ধভাবে কার্য্য পরিচালনা করা। অবশ্য এদিকে অর্থেরও একটা বিশেষ প্রয়োজনীয়তা আছে।

আদর্শ ও দাবীর প্রশ্ন ছেড়ে দিয়ে চল্‌তি ব্যবস্থানুযায়ী কতদূর এগোতে পেরেছি দেখা যাক্। এবছরেও আমাদের বিভাগীয় খবর কমিটির সভাপতি ছিলেন হিতৈষী অধ্যাপক শ্রীযুক্ত জনার্দন চক্রবর্ত্তী।

প্রথমে আমাদের কার্য্য আরম্ভ হয় সান্ধ্য-বিদ্যালয়ের প্রতিষ্ঠার মধ্য দিয়ে। স্থানীয় প্রায় ৫০ জন ছাত্রছাত্রীকে নিয়ে নিয়মিতভাবে ক্লাস চালান হয়। গরীব ছাত্রছাত্রীদের প্রায় সকলকেই প্রয়োজনীয় বইপত্র কিনে দেওয়া হয়েছে। পড়ুয়াদের যথেষ্ট উৎসাহ থাকা সত্ত্বেও ছাত্র-শিক্ষকদের উৎসাহের অপ্রাচুর্য্য, মাঝে মাঝে হতাশার কারণ হয়েছে। বিদ্যালয়টিকে স্থায়ীরূপ দেওয়ার জন্য নিয়মাবলী প্রস্তুত করে অনুমোদনের জন্য কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে। এ ছাড়া United Nation's Information Service-এর সহায়তায় "The Ideal Town"-এর "Library of the Congress" নামক দুইটি শিক্ষামূলক কথাচিত্র কলেজে দেখানো হয়। আমাদের বিভাগের তরফ থেকে সাহাপুরের বাস্তুহারাদের মধ্যে বিতরণ বস্ত্র করা হয়। তাদের দুঃখদুর্দ্দশা সম্পর্কে কর্তৃপক্ষকে জানান হয়েছে। কুষ্ঠ নিবারণের জন্য আমরা অধ্যাপক ও ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অর্থসংগ্রহ করে পাঠিয়েছি। এ বছর আমাদের সর্ব্বপ্রধান উদ্যোগ সমাজ সেবার

উদ্দেশ্যে বাঁকুড়া জেলা সফর। শারদীয়া অবকাশের অব্যবহিত পূর্ব্বের অপ্রীতিকর পরিস্থিতির জন্য কর্ম্মীদের সঙ্গে আলোচনা করা সম্ভব হয়ে ওঠে নি। তাই অতি অল্পসংখ্যক কর্মী নিয়েই আমাদের কাজে লাগ্‌তে হয়। কর্ম্মীদের মধ্যে ছিলেন শ্রীদিলীপ বন্দোপাধ্যায়, শ্রীপুলিন দাস, শ্রীধ্রুব বন্দোপাধ্যায়, শ্রীঅমলেন্দু রায়বর্ম্মণ ও আবুল কামাল। কর্ম্মীদের প্রাণপাত পরিশ্রমের ফলে আমরা মাত্র ১২ দিনের মধ্যে জেলার অধিকাংশ থানা এবং অসংখ্য গ্রাম ঘুরে দরিদ্র জনসাধারণের সেবা করতে পেরেছি। আমাদের বিভাগের তরফ থেকে প্রচুর পরিমানে বার্লি, প্যালুড্রিন ও অন্যান্য ঔষধপত্র বিতরণ করা হয়। এ ছাড়া প্রতিটি গ্রামে ছোটছোট আলোচনা সভার মারফৎ আমরা জনসাধারণকে তাদের কর্ত্তব্যাকর্ত্তব্য সম্পর্কে সচেতন করে তুলতে চেষ্টা করেছি। কর্ম্মের বিচারক হ'তে কর্ম্মীর যদি বাধা না থাকে তাহলে একথা নিঃসন্দেহে বলা যেতে পারে যে আমরা আশানুরূপ সাফল্য অর্জ্জন করেছি। অবশ্য বাকুড়াজেলা সফরের সময় যে সকল সরকারী ও বেসরকারী লোকের সাহায্য পেয়েছি তাঁদের সকলকে আমাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করেছি। বিশেষতঃ আমাদের শিক্ষাপ্রতিষ্ঠানে প্রাক্তন ছাত্র বাঁকুড়ার বর্ত্তমান ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত অনাদি বন্দোপাধ্যাকে আমরা কৃতজ্ঞতা জানাই।

পরিশেষে আমাদের অকৃতকাজ যা আমাদের কল্পনার বস্তু হয়ে রইল তাঁকে বাস্তবে রূপ দেওয়ার ভার আগামী বছরের উৎসাহী ছাত্রছাত্রীদের হাতে তুলে দিয়ে বক্তব্য শেষ করেছি।

শ্রীদিলীপ বন্দোপাধ্যায়—সম্পাদক, সমাজ-সেবা সঙ্ঘ।

বিতর্ক-পরিষদ ঃ

বর্তমান বিতর্ক-সম্পাদকের হাতে কার্যভার আসার পর প্রথমেই অনুষ্ঠিত হয় প্রেসিডেন্সি কলেজের প্রাক্তন ও বর্তমান ছাত্রদের মধ্যে একটি বিতর্ক-সভা আলোচনার বিষয় ছিল : "A Call for a Socialist Revolution in India today will be premature."। এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজেরই প্রাক্তন ছাত্র অধ্যাপক শ্রীহীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়। প্রস্তাবটির স্বপক্ষে বলেন প্রাক্তন ছাত্র শ্রীকল্যাণ দত্ত, শ্রীসাধন গুপ্ত ও শ্রীঅম্লান দত্ত এবং বিপক্ষে বলেন বর্তমান ছাত্র শ্রীঅনিন্দ্য দত্ত, শ্রীশঙ্কর বসু ও শ্রীশিবেন্দু ঘোষ। বিতর্কান্তে সভাপতি মহাশয়ের বক্তৃতাটি খুবই গুরুত্বপূর্ণ ও হৃদয়গ্রাহী হয়েছিল।

এর অব্যবহিত পরে জলপাইগুড়ি কলেজের উদ্যোগে সেখানে যে আন্তঃকলেজ বিতর্ক আহুত হয় তাতে আমাদের কলেজের প্রতিনিধিত্ব করেন শ্রীনীলমণি লাহিড়ী।

এর পরে প্রেসিডেন্সি কলেজের ছাত্রদের মধ্যে একটি পরীক্ষামূলক বিতর্ক অনুষ্ঠিত হয়। বিতর্কের সিদ্ধান্ত ছিল : "English shouldbe retaisnedas the lingua franca of India"। সভাপতিত্ব করেন অধ্যাপক সুনীতকুমার ইন্দ্র। যোগদানকারীদের মধ্যে শ্রীতরুণ সরকার [স্বপক্ষ-বক্তা] ও শ্রীসন্ধ্যা ঘোষের [বিপক্ষ-বক্তা] বক্তৃতা সবচেয়ে উপভোগ্য হ'য়েছিল।

তুমুল উত্তেজনার মধ্যে দ্বিতীয় পরীক্ষা-বিতর্কটি অনুষ্ঠিত হয়। বিতর্ক-বিষয় ছিল : "With the achievement of independence the Indian National Congress has outlived its usefulness and should therefore be dissolved"।

এর পরে বাংলা ভাষার মাধ্যমে একটি বিতর্ক সভা অনুষ্ঠিত হয়। এ কলেজের ইতিহাসে বাংলা-ভাষার এ সমাদর সম্ভবত এই প্রথম। প্রস্তাব ছিল : "বর্তমান পরিস্থিতিতে শিল্পের প্রচারধর্মী হওয়াই বাঞ্ছনীয়"। সভাপতিত্ব করেন অধ্যাপক ডাঃ সরোজকুমার দাস। বিচার-কার্য পরিচালনা করেন ডাঃ দাস, অধ্যাপক দেবীপদ ভট্টাচার্য ও অধ্যাপক হরপ্রসাদ মিত্র। এই বিতর্কের ফলাফলে দু'টি কাপ পুরস্কার দেওয়া হয়। প্রথম পারিতোষিক অর্জন করেন শ্রীঅসিত ভট্টাচার্য এবং দ্বিতীয় পুরস্কার পান শ্রীসুখময় চক্রবর্তী [স্বপক্ষ-বক্তা]। প্রথম বর্ষের ছাত্র

শ্রীসুখময়ের এ কৃতিত্ব বিশেষ প্রশংসনীয়। বিতর্কের শেষে অধ্যাপক দেবীপদ ভট্টাচার্যের সুচিন্তিত বক্তৃতাটি বিশেষ উপযোগী হয়।

এর পরে অধ্যাপক ও ছাত্রদের মধ্যে একটি বিতর্কের আয়োজন করা হয়। বিতর্কের বিষয় ছিল: "Intelligent Youth of our age cannot afford to be good as students"। সভাপতিত্ব করেন অধ্যাপক সুশোভনচন্দ্র সরকার। বিতর্কে অংশগ্রহণ করেন অধ্যাপকদের পক্ষে ডাঃ দাস, অধ্যাপক অমিয় মজুমদার ও অধ্যাপক মাহ্‌মুদ এবং ছাত্রদের পক্ষে শ্রীতরুণ সরকার, শ্রীসনৎ ভট্টাচার্য ও শ্রীশিবেন্দু ঘোষ। বিতর্কের পর অধ্যক্ষ জ্যোতির্ময় ঘোষ একটি মনোজ্ঞ বক্তৃতা করেন। তিনি ছাত্রদের এ ধরণের বিতর্ক থেকে বিরত থাকতে উপদেশ দেন। যা হ'ক সভা ভঙ্গের আগে প্রস্তাবটি বিপুল ভোটাধিক্যে গৃহীত হয়।

এ বছর য়ুনিভার্সিটি ইন্‌ষ্টিট্যুট-এ আহূত আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় শ্রীশিবেন্দু ঘোষ ও শ্রীসন্ধ্যা ঘোষ প্রেসিডেন্সি কলেজের প্রতিনিধিত্ব করেন। প্রতিযোগিতাটিতে প্রেসিডেন্সি কলেজেই প্রথম স্থান অধিকার করে।

এলাহাবাদ য়ুনিভার্সিটির উদ্যোগে অনুষ্ঠিত একটি আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতাতেও প্রেসিডেন্সি কলেজ যোগদান করে। প্রতিনিধিত্ব করেন শ্রীতরুণ সরকার ও শ্রীঅনিন্দ্য দত্ত। নিমন্ত্রণকারীরা নাকি আমাদের প্রতিনিধিদের প্রতি বিশেষ অসৌজন্যের পরিচয় দেন।

গত ২৯শে নভেম্বর একটি প্রদর্শনী-বিতর্কের পর এ বছরের বিতর্ক পরিষদের কাজ শেষ হয়। প্রস্তাব ছিল: "Communism cannot solve the problem of freedom." শ্রেষ্ঠ বক্তা তিনজনকে কৃতিত্বসূচক পরিচয়-পত্রে ভূষিত করা হয়। শ্রীসনৎ ভট্টাচার্য [স্বপক্ষ-বক্তা], শ্রীতরুণ সরকার ও শ্রীঅনিন্দ্য দত্ত [বিপক্ষ-বক্তা] সম্মানের অধিকারী হন। বিচার-কার্য পরিচালনা করেন অধ্যাপক ভূপেশ মুখার্জি, অধ্যাপক অমিয় মজুমদার ও অধ্যাপক রমেশ ঘোষ। সভাপতিত্ব করেন অধ্যাপক উপেন্দ্রনাথ ঘোষাল।

অনিন্দ্য দত্ত—সম্পাদক, বিতর্ক-পরিষদ।

রবীন্দ্র পরিষৎ ঃ

ঐতিহ্যধারাকে সশ্রদ্ধভাবে অব্যাহত রেখে এ' বৎসরের রবীন্দ্র-পরিষৎ তা'র কার্য্যসূচি পরিবেশনা করেছে। কালের পরিবর্ত্তনের সাথে রুচির পরিবর্ত্তন ও প্রকাশভঙ্গীমার নবরূপ গ্রহণ স্বাভাবিক। আমাদের বৎসরের রবীন্দ্র-পরিষৎ প্রশংসা অর্জ্জন করেছে এই পরিবর্ত্তনের সুরধারাকে অনুবর্ত্তন কোরে।

এ বৎসরের রবীন্দ্র-পরিষৎ-এর পরিচালনায় সর্ব্বপ্রথম অনুষ্ঠান হয়েছে ২৬শে চৈত্র "বসন্ত-উৎসব"। সঙ্গীতে অংশ গ্রহণ করেন—সুগত দাস, অসিত গুহ, আর্য্য মিত্র, বিশ্বপ্রিয় মুখোপাধ্যায়, দ্যুতীশ দাশগুপ্ত, শঙ্কর বসু, তরুণ সরকার, প্রভাস সেনগুপ্ত, তপতী দাস, ভারতী দাসগুপ্ত, সন্ধ্যা ঘোষ, ভারতী রায়, চিত্রা সেন গীতাঞ্জলী চট্টোপাধ্যায়, সুমিত্রা তালুকদার, রেখা চালিহা। সংলাপে অংশ গ্রহণ করেন—নিমাই চট্টোপাধ্যায়, রথীন্দ্রনাথ রায়। পরিবেশনা করেন—শ্রীরথীন্দ্রনাথ রায়, সম্পাদক, রবীন্দ্র-পরিষৎ।

পরিষৎ-এর দ্বিতীয় অনুষ্ঠান "বৃক্ষ রোপণ" অনুষ্ঠিত হয় ২২শে শ্রাবণ (৭ই আগষ্ট, ১৯৪৯)। ছাত্রছাত্রীদের মিলিত প্রচেষ্টায়—২২শে শ্রাবণ সকাল বেলা কলেজ প্রান্তর যে পবিত্ররূপ গ্রহণ করে, তা' কেবলমাত্র অভিনব নয়—স্মরণীয়। অধ্যক্ষ শ্রীজ্যোতির্ম্ময় ঘোষ মহাশয়কে অনুবর্ত্তন কোরে শ্রদ্ধেয় অধ্যাপকবৃন্দ এবং ছাত্রছাত্রীগণের কলেজ প্রান্তর পরিক্রমণ-চিত্র সত্যই এক মাঙ্গলিক অনুষ্ঠানের প্রারম্ভ সূচনা করে। যাত্রাপথে ছাত্রছাত্রীদের কণ্ঠনিঃসৃত সঙ্গীতধারা এক মনোরম পরিবেশ সৃষ্টির সাহায্য করে। অতঃপর, মূল অনুষ্ঠান "বৃক্ষ-রোপণ"। কলেজ প্রান্তরে এক নারিকেল বৃক্ষ-শিশু রোপণ করেন শ্রদ্ধেয় শ্রীজ্যোতির্ম্ময় ঘোষ মহাশয়

এবং শ্রদ্ধেয় অধ্যাপক শ্রীজনার্দন চক্রবর্ত্তী মহাশয় মনোজ্ঞ ভাষায় "বৃক্ষ-রোপন" প্রসঙ্গে কিছু বলেন। সঙ্গীতে অংশ গ্রহণ করেন—তপতী দাম, সুগত দাস এবং আরও অনেকে।

পরিষৎ-এর তৃতীয় অনুষ্ঠান "বর্ষা-মঙ্গল" অনুষ্ঠিত হয় ৩২শে শ্রাবণ (১৭ই আগষ্ট, ১৯৪৯)। আর্টস-লাইব্রেরী হলে শ্রীক্ষিতিমোহন সেনশাস্ত্রী মহাশয়ের পৌরোহিত্যে এই অনুষ্ঠান সম্পন্ন হয়। শ্রদ্ধেয় সেনশাস্ত্রী মহাশয়ের ভাবগভীর আলোচনার সাথে কলেজের ছাত্র-ছাত্রীদের বর্ষা-সঙ্গীত পরিবেশনা হৃদয়গ্রাহী হ'য়েছিল। এতে অংশ গ্রহণ করেন—প্রবীর গুহঠাকুরতা, সুগত দাস ও তপতী দাম।

রবীন্দ্র-পরিষৎ-এর চতুর্থ এবং এ বৎসরের শেষ অনুষ্ঠান হয় কবিগুরুর "শেষ-বর্ষণ" ঋতু নাট্য। অনুষ্ঠিত হয় ১৯শে ভাদ্র, ১৩৫৬—য়ুনিভার্সিটি ইনষ্টিট্যুট হলে। সঙ্গীতে অংশ গ্রহণ করেন—তপতী দাম, শীলা মহলানবীশ, চিত্রা সেন, গীতাঞ্জলী চট্টোপাধ্যায়, সন্ধ্যা ঘোষ, প্রতিমা সেন, প্রবীর গুহঠাকুরতা, সুগত দাস, অরুণ বন্দ্যোপাধ্যায়, শ্রীতীন্দ্রমোহন নাহা, অসিত গুহ, দ্যুতীশ দাসগুপ্ত, প্রভাস সেনগুপ্ত, বরুণ সেন, পার্থসারথি মিত্র, বিশ্বপ্রিয় মুখোপাধ্যায়। সঙ্গীত পরিচালনা করেন—শ্রীঅশোক বন্দ্যোপাধ্যায়। সংলাপে অংশ গ্রহণ করেন—নিমাই চট্টোপাধ্যায়, সুব্রত সিংহ, শান্তি মুখোপাধ্যায়। সংলাপ পরিচালনা করেন—ডক্টর শ্রীসরোজ দাস। যন্ত্রসঙ্গীতে অংশ গ্রহন করেন—প্রফুল্ল দাস, গীতীশ রায়, সিদ্ধার্থ রায়, এড্‌ওয়ার্ড গুরুগে, নিরঞ্জন ব্যানার্জ্জী,, রামগোপাল দাস, চিত্তপ্রিয় রায়চৌধুরী, শক্তিপদ চক্রবর্ত্তী,মনোরঞ্জন দাস, কৃষ্ণচন্দ্র বসু। অনুষ্ঠানটি আনন্দবাজার পত্রিকার সাধুবাদ অর্জ্জন করেছিল।

সর্ব্বশেষে শুভব্রত ঘোষ, ফাল্গুনী গাঙ্গুলী, অমল চক্রবর্ত্তী, শঙ্কর বসু, সঞ্জয় দত্ত, অসিত সেন, জগদিন্দ্র ঘটক অসীম চৌধুরী, নির্ম্মলা মুখোপাধ্যায় (সম্পাদক, নাট্য পরিষৎ), দিলীপ ব্যানার্জ্জী [সম্পাদক, সমাজ-সেবা বিভাগ], এবং আরও অনেকের কাছে আমার আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। অনুষ্ঠানগুলির মনোরম পরিবেশকে অব্যাহত রাখার দায়িত্ব ভার এঁরাই গ্রহণ করেছিলেন।

শ্রীজয়ন্তপ্রসাদ মৈত্র—সাধারণ সম্পাদক

ভূবিদ্যা পরিষৎ ঃ

একথা সকলেই বিশ্বাস করবেন যে কেবল রাজনীতির দ্বারা দেশে শান্তি, সুখ প্রভৃতি স্থাপিত হতে পারে না। পাশ্চাত্য দেশে রাজনীতির সঙ্গে সঙ্গে চলে বৈজ্ঞানিক বিপ্লব। কিন্তু দুঃখের বিষয় আমাদের দেশে বৈজ্ঞানিক বিপ্লব তো দূরের কথা, বিজ্ঞানের ছাত্রদের নিজস্ব কোন প্রতিষ্ঠান নেই। এই সব কথা ভেবে প্রায় ৪৪শ বছর আগে প্রেসিডেন্সি কলেজের কয়েকটি ছাত্র বিজ্ঞানের ছাত্রদের জন্য একটি প্রতিষ্ঠানের বীজ বপন করেন।

সেই বীজ আজ মহান মহী রূপে প্রতিষ্ঠিত। ইহাই ভূ-বিদ্যা পরিষৎ বা জিওলজিক্যাল ইন্‌ষ্টীট্যুট নামে পরিচিত। বলাবাহুল্য যে ইহা ভারতের একমাত্র ছাত্র-প্রতিষ্ঠান যেখানে বিজ্ঞানের চর্চ্চা করা হয়। বিশ্বে ইহা জিওলজিক্যাল ইন্‌ষ্টিট্যুট, প্রেসিডেন্সী কলেজ, কলিকাতা, নামে পরিচিত। এ প্রতিষ্ঠানের অভিভাবক আমাদের কলেজের ছাত্র ইউনিয়ন নয়।

আমষ্টার্ডামে অনুষ্ঠিত আন্তর্জ্জাতিক খনি ও ভূবিদ্যা ছাত্র ফেডারেশনে সভায় আমন্ত্রিত হওয়া সত্ত্বেও নানা কারণে আমরা প্রতিনিধি প্রেরণ করতে পারিনি। ইউ. এস এ, কানাডা, ইউ. কে., সুইডেন প্রভৃতি পাশ্চাত্য দেশের ভূবিদ্যার ছাত্রদের সঙ্গে আমাদের ভাববিনিময় হয়ে থাকে 'ভূ-বিদ্যা' নামক পত্রিকার মারফৎ, যার একাদশ খণ্ড প্রকাশিত হয়েছে গত নভেম্বরের শেষে।

পরিষৎ-এর এই বৎসর মোট ছয়টি অধিবেশন হয়, এদের মধ্যে তিনটি 'সাধারণ' ও তিনটি 'বিশেষ'। 'সাধারণ' অধিবেশনে অংশ গ্রহণ করেছিলেন জিওলজিক্যাল সার্ভে অব্ ইণ্ডিয়ার ডিরেক্টার ডাঃ ডব্লিউ, ডি ওয়েষ্ট,

ষ্ট্যাণ্ডার্ড ভ্যাকুয়াম্ অয়েল কোম্পানীর মিঃ পি, কে, চ্যাটার্জ্জি ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূগোলের প্রধান অধ্যাপক ডাঃ এস, পি, চ্যাটার্জ্জি। বিশেষ অধিবেশনের একটিতে, পরিষৎ-এর সহসভাপতি ডাঃ এ, জি, ঝিন্‌গ্রাম-এর জিওলজিক্যাল সার্ভে অব্ ইণ্ডিয়ার 'দক্ষিণ-বিভাগের' 'প্রধানে'র পদ গ্রহণের জন্য মাদ্রাজ গমনের পূর্বে শুভেচ্ছা জ্ঞাপন করা হয়, দ্বিতীয়টিতে, বিখ্যাত পুরা উদ্ভিদ্‌তত্ত্ববিদ ডাঃ বীরবল সাহনি'র মৃত্যুতে শোক প্রকাশ করা হয় এবং তৃতীয় অধিবেশনে পরিষৎ-এর ভূতপূর্ব্ব সভাপতি অধ্যাপক নির্মলনাথ চট্টোপাধ্যায় তাঁর 'ইউরোপ ভ্রমণের' বিবরণ প্রকাশ করেন

বিভিন্ন শ্রেণীর পাঠচক্রের অধিবেশন ভালভাবেই চল্‌ছে। পরিষৎ-এর উদ্যোগে তিনটি অভিযানের আয়োজন করা হয়েছিল; বেঙ্গল পটারিস্, বেঙ্গল এনামেল কোং ও বেলুরের ন্যাশনাল আয়রণ ও ষ্টীল কোম্পানীতে।

'চিত্রের মাধ্যমে শিক্ষা' নামক কমিটি কলেজের অবসর সময়ে (শুক্রবার) ভূবিদ্যা বিভাগের বক্তৃতাগারে বহু শিক্ষামূলক সবাক চিত্র প্রদর্শনের আয়োজন করেছিলেন।

পরিষৎ-এর বার্ষিক অধিবেশন হয় গত ২৬শে নভেম্বর। প্রধান অতিথিরূপে আমন্ত্রিত হ'ন বর্ম্মা অয়েল কোম্পানীর মিঃ জে, কোটস্। এই অধিবেশনে পরিষৎ-এর নতুন কর্মীবৃন্দ নির্ব্বাচিত হয়েছেন। আশা করি তাঁরা ভূবিদ্যা পরিষৎকে এগিয়ে নিয়ে যাবেন আরও গৌরবের পথে; কামনা করি পরিষৎ-এর উদ্দেশ্য উত্তরোত্তর সফল হয়ে উঠবে।

সমীরকুমার দাস—সম্পাদক

নাট্য-পরিষদ ঃ

শরৎ-এর সুরুতেই আমরা সুরু করেছিলাম আমাদের শারদীয়া নাটকের আয়োজন, বিশেষ কারণে আমরা এবার আধুনিক নাটকের পরিবর্ত্তে ঐতিহাসিক নাটক "আলমগীর" মঞ্চস্থ করতে স্থির করেছিলাম। যাতে নাটকটি সর্ব্বাঙ্গসুন্দর হয় সেজন্য আমাদের অনুরোধে বাঙলার অন্যতম নাট্য-পরিচালক শ্রীমহেন্দ্র গুপ্ত বহুদিন এসে আমাদের নানাভাবে সাহায্য করেছেন।

অন্যান্য বারের মত এবার য়ুনিভার্সিটি ইন্‌ষ্টিট্যুটে অভিনয়ের আয়োজন না করে আমরা "শ্রীরঙ্গম" নাট্যমঞ্চে অভিনয়ের আয়োজন করেছিলাম। কিন্তু সব আয়োজন যখন শেষ হয়েছে, তখন এক অপ্রীতিকর ঘটনার জন্য (যার সাথে এ নাটকের কোনো সম্পর্ক নেই) নাটকে বন্ধ করে দিতে হয়, হয়তো এখানেই ঘটতো এর পরিসমাপ্তি। কিন্তু কলেজ খোলার পর অধিকাংশ ছাত্রদের আগ্রহাতিশয্যে আবার নাটক মঞ্চস্থ করার আয়োজন করা হয়। ২৫শে সেপ্টেম্বর প্রেসিডেন্সি কলেজের তরুণ ও নবীন ছাত্র বন্ধুরা দেখিয়ে দিলো যে তারা ভাঙা হাটেও পসার জমাতে পারে। সেদিন শ্রীজয়ন্তপ্রসাদ মৈত্রের অভিনয়ে দর্শকের তাক্ লেগে গেছল। তাছাড়াও শ্রীজগদিন্দু ঘটক সবাইকে তার অভিনয় চাতুর্য্যে প্রাণভরে হাসিয়েছেন। আরো অনেকেই অভিনয়ে পারদর্শিতা দেখিয়েছেন। তাদের ও সমস্ত ব্যবস্থাপকদের আমি আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

আরেকটা কথা বলেই এ পর্যায় শেষ করবো। প্রেসিডেন্সি কলেজে কোনো জলসা বা নাটকের উপযোগী বড় হল নেই। একটি অভিনয়োপযোগী হল তৈরী হ'লে এতে অল্প টাকায় ভালো নাটক মঞ্চস্থ করা সম্ভব হবে।

আমাদের কাজ শেষ হয়েছে। নূতন উৎসাহ ও উদ্দীপনা নিয়ে যারা আসছেন তাঁদের স্বাগত সম্ভাষণ জানিয়ে বলছি—"শিবাস্তে সন্তু পন্থাঃ।"

নির্ম্মাল্য মুখোপাধ্যায়—নাট্য-সম্পাদক।

বাংলা পাঠ-গোষ্ঠী ঃ

বিগত বৎসরের কলেজ পত্রিকার মারফৎ পাঠ-গোষ্ঠীর সম্পাদিকা কামনা করেছিলেন ভবিষ্যৎ ছাত্রদের ঐকান্তিক চেষ্টায় যেন তাঁদের স্বপ্ন সফল হয়। এ বৎসরের পত্রিকার মাধ্যমে আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে কলেজে বাংলা পাঠ-গোষ্ঠী প্রতিষ্ঠিত করে আমরা তাঁদের স্বপ্ন সার্থক করতে পেরেছি।

সাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে আমাদের পাঠ-গোষ্ঠীর উদ্বোধন হয়েছে গত ৩২শে আষাঢ় [ইং ১৬ই জুলাই '৪৯] তারিখে। এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শ্রীযুক্ত অপূর্বকুমার চন্দ মহাশয়। বর্তমান ও প্রাক্তন ছাত্র-ছাত্রী এবং অধ্যাপকবৃন্দের উপস্থিতিতে গাম্ভর্য্যপূর্ণ পরিবেশের মধ্য দিয়ে সুশৃঙ্খলভাবে অনুষ্ঠান শেষ হয়।

পাঠ-গোষ্ঠীর প্রথম অধিবেশন হয় ২৭শে শ্রাবণ [ইং ১২ই আগষ্ট, '৪৯] তারিখে। সভাপতিত্ব করেন বাংলা বিভাগের অধ্যাপক-প্রধান শ্রীযুক্ত জনার্দন চক্রবর্তী মহাশয়। প্রধান অতিথি রূপে উপস্থিত ছিলেন ইংরেজী বিভাগের বিদায়ী-অধ্যাপক প্রধান শ্রীযুক্ত সোমনাথ মৈত্র মহাশয়। চতুর্থ বার্ষিক শ্রেণীর বাংলা বিভাগের ছাত্র শ্রীসুধীর কুমার গঙ্গোপাধ্যায় "পুরাতন ভারত ও আধুনিকজগৎ" শীর্ষক প্রবন্ধটি পাঠ করেন। ছাত্রদের যুক্তিপূর্ণ আলোচনা এবং সভাপতি মহাশয়ের বিদগ্ধ অভিভাষণ অধিবেশনটিকে সজীব এবং হৃদয়গ্রাহী করে তুলেছিল।

আমাদের পাঠ-গোষ্ঠীর প্রত্যেকটি অনুষ্ঠানে কলেজের সাধারণ ছাত্র-ছাত্রী বন্ধুদের নিকট থেকে যেভাবে উৎসাহ এবং সহায়তা লাভ করেছি সেজন্য তাঁরা প্রত্যেকে আমাদের প্রশংসাভাজন এবং ধন্যবাদার্হ।

সাধারণ গ্রন্থাগার থেকে আমরা প্রায় এক শত বই পেয়েছি পাঠ-গোষ্ঠীতে ব্যবহারের জন্য। এ ছাড়া পাঠ-গোষ্ঠীর জন্য—মূলত অধ্যাপকপ্রধান শ্রীযুক্ত জনার্দন চক্রবর্তী মহাশয়ের চেষ্টায়—সম্প্রতি পাঁচশত টাকার বই কেনা হয়েছে।

অল্প সময়ের মধ্যে আমরা যতটুকু অগ্রসর হতে পেরেছি সেটুকু হয়ত খুব সন্তোষজনক নয়। এর কৈফিয়ৎ হিসেবে গত বৎসরের সম্পাদিকার সঙ্গে সুর মিলিয়ে এই আশাই করব যে আমাদের অকৃত কাজ, অকথিত বাণী, অগীত গান আমাদের উত্তরাধিকারীদের হাতে সফলতা ও সার্থকতা অর্জন করুক।

পুলিনবিহারী দশ—সম্পাদক

অর্থনীতি পাঠগোষ্ঠী ঃ

এবছর এপর্যন্ত অর্থনীতি পাঠগোষ্ঠীর একবার মাত্র বৈঠক বসেছে। বৈঠকে শ্রীঅশোকমোহণ রায় একটি সুলিখিত প্রবন্ধ পাঠ করেন। প্রবন্ধপাঠকের পর কিছুক্ষণ সোৎসাহে আলোচনা চলে। সভাপতি ডক্টর যোগীশচন্দ্র সিংহের একটি নাতিদীর্ঘ বক্তৃতার পর বৈঠকের কাজ শেষ হয়।

গত বছরের সম্পাদকের কাছে কাজের ভার নেবার সময় শুনতে পাই অর্থনীতি পাঠগোষ্ঠীর একটি নিজস্ব লাইব্রেরী আছে। আলমারী খুলে তিনি যা দেখালেন তাকে লাইব্রেরী বলা চলে না। গুটিকতক বইয়ের এই 'সমাহার'টিকে সারা বছরে বাড়ানো যায় নি। বরং কিছু কমেছে। এবিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করি।

অনিন্দ্য দত্ত—সম্পাদক, অর্থনীতি পাঠগোষ্ঠী।

রাজনীতি পাঠগোষ্ঠী :

পূর্ব্ববর্তী সম্পাদক রাজনীতি পাঠগোষ্ঠীর অস্তিত্বের যৌক্তিকতা সম্পর্কে সন্দেহ প্রকাশ করে যে গভীর সমস্যার ইঙ্গিত আমাদের দিয়েছিলেন, তার সম্পূর্ণ সমাধান এখনও হয়নি। তবুও আশার কথা এই যে, পাঠগোষ্ঠীর সদস্যদের মধ্যে বই পড়া এবং আলোচনা করা সম্বন্ধে উৎসাহের সন্ধান পাওয়া যাচ্ছে। অবশ্য ছাত্র সংখ্যার তুলনায় বইএর সংখ্যা নিতান্ত নগণ্য। সেরা নতুন-বইগুলি আমাদের আলমারীতে এখনও জায়গা খুঁজে পায়নি।

অধ্যাপক নিয়োগের ব্যবস্থার দরুণ আমাদের রাজনীতি বিষয়টির পড়াশুনায় অত্যন্ত ব্যাঘাত ঘটেছে এই কারনেই "অবহেলিত রাজনীতির"র আলোচনায় ছাত্রদের যথেষ্ট আগ্রহ থাকা সত্ত্বেও এপর্য্যন্ত একটির বেশী আলোচনা সভার আয়োজন করা সম্ভবপর হয়নি। পাঠগোষ্ঠীর সভাপতি শ্রদ্ধেয় অধ্যাপক উপেন্দ্রনাথ ঘোষাল মহাশয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায়, নির্ধারিত বিষয়টির ["Nationalism as a Political ideology is a menace to civilisation"]ওপর আলোচনা ও প্রত্যালোচনা বিশেষ উৎসাহজনক হয়েছিল।

আবুল কামাল—সম্পাদক, রাজনীতি পাঠগোষ্ঠী।

ইতিহাস সেমিনার ঃ

অন্যান্য বছরের অনুপাতে এবারের আমাদের অধিবেশনের সংখ্যা কিছু বেশি হয়। আমাদের বিশেষ ও সাধারণ অধিবেশনগুলির একটি তালিকা নীচে দেওয়া হল।

সাধারণ অধিবেশনের বক্তা ও বিষয় ঃ [১] শ্রীশিপ্রা সরকার ঃ ইতিহাসে বিভিন্ন দৃষ্টিভঙ্গী ঃ ২৬ মার্চ; [২] শ্রীজহীরুদ্দীন আহমদ ঃ ভারতীয়-সভ্যতার উপর গ্রীক প্রভাব ২২ জুলাই; [৩] শ্রীকমলেশ্বর ভট্টাচার্য্য ঃ মৌর্য-সাম্রাজ্যের পতনে অশোকের দায়িত্ব ১২ আগষ্ট; [৪] শ্রীঅমিতাভ মুখোপাধ্যায় ঃ আকবরের 'সম্রাট সিদ্ধান্তের' দাবী ২৬ আগষ্ট।

বিশেষ অধিবেশন ঃ [১] ডক্টর চারুচন্দ্র দাসগুপ্ত ঃ ভারতীয় ভাস্কর্যে বুদ্ধমূর্ত্তি [চিত্র সহযোগে] ১ এপ্রিল; [২] অধ্যাপক আবদুল ওয়াহাব মাহমুদ ঃ ইতিহাসে ক্যাথলিক চার্চ্চের ভূমিকা, ২ সেপ্টেম্বর।

প্রায় সব কটি অধিবেশনেই শ্রোতা-সমাগম ৫০ এর কাছাকাছি হয়েছিল এবং অন্যান্য বিভাগের ছাত্রছাত্রীরাও নিয়মিত উপস্থিত থেকে আলোচনা-প্রত্যালোচনায় যোগদান করেন। সেমিনার-লাইব্রেরীর জন্য এবার সরকারী তহবিল থেকে তিন-শ' টাকা পাওয়া গেছে, তা থেকে সেমিনারের নিজস্ব পঁচিশখানি বই কেনা হয়েছে। অপ্রত্যাশিত নানা বিঘ্নের জন্য আমাদের পূর্ব্বকল্পিত কর্ম্মসূচী কিছু কিছু অসম্পূর্ণ থেকে গেছে। আশা করছি ভবিষ্যতে সেগুলি সম্পন্ন করতে পারব। পরিশেষে যাঁরা আমাদের অধিবেশনগুলিতে উপস্থিত থেকে আলোচনা-প্রত্যালোচনায় অংশ গ্রহণ করে ইতিহাস-সেমিনারকে জনপ্রিয় করে তুলেছেন তাঁদের আমরা আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। শিপ্রা সরকার—সম্পাদক, ইতিহাস সেমিনার।

দর্শন সেমিনার ঃ

পূর্ব্ববর্ত্তী প্রত্যেক দর্শন সেমিনায়ের সেক্রেটারীই এই পত্রিকা মারফৎ জানিয়ে এসেছেন তাদেরই দুর্গতি ও অভাবের কথা। আজ সেই চিরাচরিত প্রথা অনুযায়ী আপনাদের আর আমাদের সেমিনারের দুঃখের খবর শুনতে হবে না। আজ আনন্দের কথা কতগুলো শোনাই। পয়লা নম্বর যেটা জানানো দরকার যে, আমাদের সেমিনারের চারটি প্রবেশ পথ, না দুটো প্রবেশ পথ [আর দুটো বাইরে যাবার পথ?] যাই হোক, সেই চারটি দরজাতেই লাল টুকটুকে পর্দা টাঙ্গানো হয়েছে। দু নম্বর, আমাদের সেমিনারের ছবিগুলো আজ ঝক্‌ঝক্ করছে এমন কি ফ্রেমগুলো পর্যন্তে পালিশ করা হয়েছে। তিন নম্বর সব মিলিয়ে মাত্র ছ'টা মাত্র বৈঠক হয়েছিল এবার। প্রথমে বলেছিলেন, শ্রীবসন্ত চট্টোপাধ্যায় মহাশয়। কিন্তু খুব বেশী ছেলে হয় নি, কারণ সেদিনকার বক্তৃতার বিষয় বস্তু ছিল "উপনিষদে ব্রহ্মবাদ।" এরপর বলেছিলেন উপানন্দ ভট্টাচার্য্য, শঙ্কর বসু, দুর্গাচরণ ভট্টাচার্য্য, শ্রীনিবাস গৌস্বামী—স্থানাভাবে তাঁদের কথাগুলি ফেনিয়ে বলা গেলনা।

ডাঃ সরোজকুমার দাস মহাশয়ের অক্লান্ত পরিশ্রম ও আমাদের এবং সেমিনারের প্রতি তাঁর অকাতর ভালবাসার জন্যেই দর্শন সেমিনার আজ বেড়ে উঠছে চারদিক দিয়ে।

অধ্যাপক গোপীনাথ ভট্টাচার্য্য মহাশয়ও আমাদের সেমিনারের কাজ সম্বন্ধে অনেক সময় উপদেশ দিয়েছেন। আমাদের শ্রদ্ধাস্পদ অধ্যাপক অমিয় মজুমদার মহাশয়ের কাছ থেকেও আমরা অদ্ভুত রকমের সাড়া পেয়েছি। জানিনা ভবিষ্যতের ছেলেদের ভাগ্যে এঁরা থাকবেন কি না। শঙ্করকুমার বসু—সেক্রেটারী, দর্শন সেমিনার।

খেলাধূলা বিভাগ ঃ

১৯৪৯-৫০ সালের জন্য নির্বাচিত কর্মকর্তাগণ

সভাপতি—অধ্যক্ষ জ্যোতির্ময় ঘোষ; সহঃ সভাপতি—অধ্যাপক যতীশচন্দ্র সেনগুপ্ত; শ্রীযুক্ত এন, এন চ্যাটার্জি।

সাধারণ সম্পাদক ঃ শ্রীদিলীপ দত্ত [চতুর্থ বর্ষ কলা], ক্রিকেট ঃ শ্রীতরুণ বোস [তৃতীয় বর্ষ কলা], টেনিস ঃ শ্রীঅমল সেন [তৃতীয় বর্ষ কলা], হকি ঃ শ্রীঅশোকমোহন রায় [চতুর্থ বর্ষ কলা], ফুটবল ঃ শ্রীধ্রুব ব্যানার্জি [চতুর্থ বর্ষ কলা], নৌ-চালনা ঃ সূর্য চ্যাটার্জি [দ্বিতীয় বর্ষ], আভ্যন্তরীন ক্রীড়া; শ্রীতুহিনা ঘোষ [তৃতীয় বর্ষ বিজ্ঞান]।

১৯৪৮-৪৯ সালের কার্য বিবরণী

ফুটবল ঃ ভারপ্রাপ্ত অধ্যাপক—অধ্যাপক জে, সি, সেনগুপ্ত, সম্পাদক—শ্রীপূর্ণব্রত রায়চৌধুরী [চতুর্থ বর্ষ বিজ্ঞান]

PRESIDENCY COLLEGE HOCKEY TEAM— 1949

Inter-Collegiate Hockey League Champions

&

Winners :— Dr. S. Das Gupta Cup. (Inter-Collegiate Knock-out)

From Left to Right.

Front Row :— Somen Dutt, Naren Basak (Hockey Secy.), Prof. N. G. Chakravarty (Sectional President), Principal J. Ghose, Sri N. N. Chatterji (Physical Instructor), Punyabrata Roy Choudhury (Captain), Ashis K. Chakravarty.

Middle Row :— Amal K. Chakravarty, Bhabatosh Mukherji, Mulk Raj Sikka, Asoke Ray, Gopal Singh, Mahendra Singh, Benoy Singh.

Back Row :— Srikanta & Narsingh (Bearers).

PRESIDENCY COLLEGE HOCKEY TEAM— 1949

Inter-Collegiate Hockey League Champions

&

Winners :— Dr. S. Das Gupta Cup. (Inter-Collegiate [illegible]



From Left to Right

Front Row .— Somen Dutt, Naren Basak (Hockey Secy), Prof N G. Chakravarty (Sectional President) Principal J Ghose Sri N N Chatterji (Physical Instructor), Punyabrata Roy Choudhury (Captain) Ashis K Chakravarty

Middle Row .— Amal K Chakravarty, Bhabatosh Mukherji Mulk Raj Sikka, Asoke Ray Gopal Singh, Mahendra Singh Benoy Singh

Back Row .— Srikanta & Narsingh (Bearers)



অধ্যাপক নৃপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়

আবির্ভাব :
১৮৮৫ সালের ১৫ই জুন।

তিরোভাব :
১৯৪৯ সালের ১৮ই আগষ্ট।



ছাত্রাবস্থায় শ্রীযুক্ত রাজেন্দ্রপ্রসাদ

[ছবিখানি আমাদের কলেজের ভূতপূর্ব ছাত্র এবং ইতিহাসের প্রাক্তন অধ্যাপক শ্রীযুক্ত বিনয়কুমার সেনের সৌজন্যে প্রাপ্ত। ছবিখানি ১৯০৬-৭ সালে গৃহীত। মধ্যস্থলে তৎকালীন ইংরেজি সাহিত্যের সুবিখ্যাত অধ্যাপক পার্সিভ্যাল সাহেব উপবিষ্ট। তাঁর ঠিক পিছনেই শ্রীযুক্ত রাজেন্দ্রপ্রসাদ দণ্ডায়মান। শ্রীযুক্ত বিনয়কুমার সেনকে ঐ সারির প্রথমেই (বাঁ দিক থেকে) দেখা যাচ্ছে। অন্যান্য সমপাঠীদের মধ্যে অনেকেই পরবর্তী জীবনে নানাদিকে বিখ্যাত হয়েছেন। উদাহরণস্বরূপ প্রথম সারিতে দ্বিতীয় স্থান উপবিষ্ট হাইকোর্টের জজ শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ মজুমদারের নাম উল্লেখ করা যেতে পারে।]

COLLEGE UNION COUNCIL

SESSION 1948-49



Sitting (*left to right*) :— Jayanta Maitra (Genl. Secy., College Union Council), Prof. S. Sarkar, Principal J. Ghose, Prof. J. Chakrabarty (Chairman, Social-Service League), Prof. S. C Sen Gupta. (Chairman Publication Section).

Standing (left to right) :— B. Ray (Junior Common-room Secy.), A. Dutta (Debate Secy.), N. Mukherji (Drama Secy.), D. Banerji (Social-Service Secy.)

SOCIAL SERVICE LEAGUE

SESSION 1948-49



Sitting (L. to R.)— Abul Kamal, Dilip Banerji (Social Service Secy.), and Dhruba Banerji.
Standing(L. to R.)— Pulin Das and Amalendu Barman.



THEY MET THE BRITISH DEBATING TEAM

SHIBENDU GHOSH (Left)—6th Year Arts (Old)—at Calcutta.
NILMANI LAHIRI (Right)—4th Year Arts—at Jalpaiguri.

PRESIDENCY COLLEGE ATHLETIC COMMITTEE

SESSION 1948-49



Left to Right.

Front Row :— Prof. S. Roy, Prof. S. K. Indra, Prof. N. G. Chakravarty, Prof. J. C. Sengupta, Principal J. Ghose, Prof. N. K. Sen, Prof. B. C. Das, Sri N. N. Chaterji (Physical Instructor), Sm. Bharati Roy (Secy. Small Area Games).

Middle Row :— K. K. Sehgal, B. Bhadury, A. Rahim, P. Gupta, A. Guha (Cricket Secy.), A. Roy (Tennis Secy.), P. Roy Choudhury (Genl. Secy. & Foot ball Secy.), N. Basak (Hockey Secy.), D. Banerji, K. De S. Basu.

Back Row :— Srikanta (Bearer), R. N. Pandit, B. Mukherji, B. Ray, A. Mazumdar, J. Maitra T. Maitra, Narsingh (Bearer).

SIR JEHANGIR COYAJEE

(1875 - 1943)

PROFESSOR : BENOY KUMAR SARKAR

Born : at Malda
26th December, 1887

Died : in Washington
24th November, 1949

FAREWELL GATHERING

at the retirement of PROF. SOMNATH MAITRA as Head of the Department of English, September 3, 1949.



Row I (Sitting) L. to R : Prof. G. N. Bhattacharya, Dr. S. C. Sen Gupta, Prof. T. N. Sen, S. C. Sarkar, S. N. Maitra, T. P. Mukherji, S. K. *Indra*, K. P. *Das Gupta*, P. *Bagchi*, D. *Sen*.

Row II (Standing) L. to R : Sm. C. Saha, A De, L. Bose, Sj. S. Bhattacharya, K. Poddar, R. Ray, S. Bhattacharya.

Row III (Standing) L. to R : Sj. S. Gupta, A Das Gupta, D Lahiri Choudhury, D. Mustaphi, J. Bhattacharya, S. Sen, K. Bose, S. Mukherji, T. Sircar.



"সমাধিমন্দির এক ঠাঁই রহে চিরস্থির"

আলোক শিল্পী—
শ্রীনির্মাল্য মুখোপাধ্যায়
(চতুর্থ বর্ষ, বিজ্ঞান)

".....উত্তর-জোড়া তুষার-চূড়ায় খেয়ালী বিকেল
আগুন ছড়ায়।"
(বুদ্ধদেব বসু)

PRESIDENCY COLLEGE ATHLETIC COMMITTEE

SESSION 1948-49



Left to Right

Front Row :— Prof S Roy, Prof S K Indra, Prof N. G Chakravarty, Prof. J C Sengupta Principal J Ghose, Prof N. K Sen, Prof B C Das, Sri N. N Chaterji (Physical Instructor), Sm Bharati Roy (Secy Small Area Games)

Middle Row — K K Sehgal, B Bhadury, A Rahim, P Gupta, A Guha (Cricket Secy), A Roy (Tennis Secy), P Roy Choudhury (Genl Secy & Foot ball Secy) N Basak (Hockey Secy) D Banerji K De S Basu

Back Row — Srikanta (Bearer) R N Pandit B Mukherji B Ray A Mazumdar J Maitra T Maha Narsingh (Bearer)

এবারে আমরা প্রত্যেকটি প্রীতি ফুটবল খেলায় জয়লাভ করেছি। কলিকাতা বিশ্ববিদ্যালয় লীগে আমরা আমাদের গ্রুপে দ্বিতীয় স্থান অধিকার করি। হেরম্ব মৈত্র শীল্ডে এবং ইলিয়ট শীল্ডে আমাদের কলেজ চতুর্থ রাউণ্ডে পরাজিত হয়। অধ্যক্ষ বি, এম, সেন চ্যালেঞ্জ কাপ [আন্তঃশ্রেণী প্রতিযোগিতা] এ দ্বিতীয় বার্ষিক শ্রেণী চতুর্থ বার্ষিক শ্রেণীকে পরাজিত করে বিজয়ী হয়। চতুর্থ বার্ষিক শ্রেণীর ছাত্রেরা কয়েকটি সৌহার্দ্য-মূলক ক্রীড়ার ব্যবস্থা করে—তার মধ্যে, অর্থনীতি ও ইংরাজীর সম্মিলিত দলের [অধিনায়ক, শুভব্রত ঘোষ] সঙ্গে, ইতিহাস ও বাংলার সম্মিলিত দলের [অধিনায়ক, আর্য্য মিত্র] দুইটি খেলা বিশেষ চিত্তাকর্ষক হয়।

ক্রিকেট : ৭টি প্রীতিমূলক খেলার মাত্র একটিতে পরাজিত হই। আন্তঃ কলেজীয় ক্রিকেট প্রতিযোগিতায় সেমি ফাইনালে আশুতোষ কলেজ দল আমাদের পরাজিত করে।

কলেজ প্রতিষ্ঠা সপ্তাহে প্রাক্তন এবং বর্তমান ছাত্রদের একটি প্রদর্শনী ক্রিকেট খেলা বিশেষ আকর্ষনীয় হয়েছিল।

আমরা আনন্দের সংগে জানাচ্ছি যে আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতায় আমাদের কলেজের ছাত্র শ্রীগোবিন্দ রায় এবং শ্রীরেবতী মুখার্জি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পক্ষ সমর্থন করেন।

বাচ খেলা : এবার ১৩ জন ছাত্র বাব খেলার বিভাগে সদস্য ছিলেন। শ্রীঅজিত সেন "জুনিয়ার স্কালস"এ ফাইনালে উন্নীত হন।

টেনিস : এবছর আমরা আমাদের পূর্ববর্তী জায়গায় টেনিসলন ফিরিয়ে নিয়ে যেতে সক্ষম হয়েছি। ৭টি প্রীতিমূলক খেলার মধ্যে মাত্র একটিতে আমরা পরাজিত হয়েছি। কলিকাতা বিশ্ববিদ্যালয় আন্তঃকলেজীয় টেনিস প্রতিযোগিতার ফাইনালে সেণ্ট জেভিয়াস কলেজ দল আমাদের পরাজিত করে। কলেজ প্রতিষ্ঠা সপ্তাহে একটি প্রদর্শনী টেনিস খেলার আয়োজন করা হয়। অংশ গ্রহণ করেন অধ্যাপক এ, ডব্লিউ মামুদ, অধ্যাপক বি, সি, মুখার্জি, শ্রীনলিনী মজুমদার, শ্রীঅমিত মুখার্জি। কলেজ সিঙ্গলস্ প্রতিযোগিতায় অধ্যাপক এ, ডবলিউ মামুদ প্রবল প্রতিদ্বন্দ্বিতার পর শ্রীনলিনী মজুমদারের কাছে পরাজিত হন।

ভলিবল ; বহু সংখ্যক ছাত্র নিয়মিতভাবে অনুশীলনে যোগদান করেন। আন্তঃকলেজ প্রতিযোগিতায় আমাদের কলেজ বিশেষ কৃতিত্ব প্রদর্শন করেন, যদিও বিজয়ী হবার সৌভাগ্য আমাদের হয়নি।

ব্যাডমিণ্টন : মেয়েদের জন্য এই প্রথম এ বছর ব্যাডমিণ্টন খেলার আয়োজন করা হয়। শ্রীমতি রেখা চলিহা সিঙ্গেলসে বিজয়ী হন এবং শ্রীমতি সন্ধ্যা ঘোষের সহযোগিতায় ডবল্‌সেও জয়লাভ করেন। সেইদিন একটি প্রদর্শনী খেলায় অধ্যক্ষ জে, ঘোষ ও অধ্যাপক বি, দাস, ডবলস বিজয়ী শ্রীমতি রেখা বলিহা ও শ্রীমতি সন্ধ্যা ঘোষের নিকট পরাজয় বরন করেন।

হকি : হকি খেলায় আমাদের কলেজ এ বছর বিশেষ কৃতিত্বের পরিচয় দেয়। আমরা কলিকাতা বিশ্ববিদ্যালয় লীগ এবং নক্ আউ দুইটিতে বিজয়ী হয়েছি। নক্ আউট প্রতিযোগিতাটিতে এই প্রথম আমাদের কলেজ বিজয়ী হল। এ বছর একটি খেলাতেও পরাজিত হইনি এবং একটি খেলাও ড্র হয়নি। মোট তেরটি খেলায় আমাদের বিপক্ষে গোল হয়েছিল মাত্র তিনটি।

ক্রীড়া প্রতিযোগিতা : ১৭ই জানুয়ারী আমাদের বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। শ্রীযুক্ত বি, এম, সেন সভাপতির আসন গ্রহণ করেন এবং পুরস্কার বিতরণ করেন শ্রীযুক্তা বি, এম, সেন। ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপের জন্য এ বছর বেশ জোর প্রতিযোগীতা হয়। শেষ পর্যন্ত ষষ্ঠ বার্ষিক শ্রেণীর ছাত্র শ্রীবিনয় সিং এই গৌরব অর্জন করেন। তিনি গোলা ছোঁড়া এবং জেভিলিন ছোঁড়ায় কলেজের দুটি নতুন রেকর্ড সৃষ্টি করেন। আন্তঃকলেজীয় ক্রীড়া প্রতিযোগিতায় আমাদের কলেজের শ্রীবিনয় সিং তিনটি বিষয়ে প্রথম স্থান অধিকার করে, সেণ্ট জেভিয়র্স কলেজের এ, এস ডিসিলভার সংগে ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপ লাভ করেছেন। আমরা তাঁকে আমাদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতার সময় শ্রীনরেন বসাক এবং শ্রীবিনয় সিংকে যথাক্রমে ক্রিকেট এবং হকি "ব্লু" দেওয়া হয়।

ব্যায়ামাগার : গড়পড়তায় প্রায় তিরিশ জন ছাত্র ব্যায়ামগারে নিয়মিতভাবে ব্যায়াম করেন।

খেলাধূলার সরঞ্জামাদির দাম অত্যন্ত বেড়ে যাওয়ায় যে অর্থ আমরা পাই তাতে আমাদের প্রয়োজন মেটে না। আমার অনুরোধ যে বার্ষিক দান এক হাজার টাকাকে দুই হাজার টাকা এবং ছাত্রদের চাঁদার হার বাড়িয়ে পাঁচ টাকা করা হোক। প্রস্তাবটি এ্যাথলেটিক কমিটির সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছিল। ক্রীড়াবিভাগে অধিক স্বচ্ছলতা এলে এই বিভাগটির যে উন্নতি হবে এ বিষয়ে আমি নিঃসন্দেহ।

খেলাধূলা বিভাগের পরিচালনার ব্যাপারে সব সময়েই সর্বপ্রকার সাহায্য করেছেন আমাদের ব্যায়াম শিক্ষক শ্রীযুক্ত এন, এন চাটার্জ্জি। তাঁকে আমার আন্তরিক ধন্যবাদ জানাই। সেই সংগে ধন্যবাদ জানাই বিভাগীয় সম্পাদকদের যাঁরা পরিশ্রম করেছেন তাঁদের বিভাগ পরিচালনায়।

পুণ্যব্রত রায় চৌধুরী—সাধারণ সম্পাদক।

সম্পাদকীয়

নয়া শাসনতন্ত্র

প্রত্যেক স্বাধীন রাষ্ট্রেরই একটা পূর্ণাংগ শাসনতন্ত্রের প্রয়োজনীয়তা আছে, রাষ্ট্র-বিজ্ঞানের এইটেই হ'ল গোড়ার কথা। কারণ সম্পূর্ণ সত্য না হ'লেও এ কথা ঠিক যে কোন দেশের রাষ্ট্ররূপের প্রতিফলন হয় তার শাসনতন্ত্রে। গত দু'শ বছর ধরেই সভ্যজগতের শাসনতন্ত্রগুলি একটা বিরাট পরীক্ষার মধ্য দিয়ে সম্পূর্ণতার দিকে এগিয়ে চলেছে। বেশীর ভাগ ক্ষেত্রেই এদের বিবর্তন যুগাবর্তের উৎকণ্ঠিত লক্ষণগুলির আবেদনে সাড়া দিয়েছে। এই বিবর্তনের ইতিহাসে যে ধারণাটার বার বার সমর্থন পাওয়া গেছে সেটি এই: রাষ্ট্রনৈতিক সংগঠন এবং সামাজিক কল্যাণ এ দুয়ের মধ্যে যদি কোন প্রত্যক্ষ কিংবা পরোক্ষ সম্বন্ধের অস্তিত্ব স্বীকার করে নেওয়া যায় তবে হয়ত 'গণতান্ত্রিক' শাসন-ব্যবস্থার আরও কিছু দেবার আছে, হয়তো এর সম্পূর্ণ সম্ভাবনা এখনও নিঃশেষিত হয়ে যায় নি। বিশ শতকের প্রথম অর্ধে গণতন্ত্র-বিরোধী অনেক শাসনতন্ত্রই আশ্চর্য প্রচার এবং প্রসার লাভ করেছে—কিন্তু এদের কোনটিই এখনো প্রাথমিক পরীক্ষার স্তর পার হয়নি। বর্তমানে কিন্তু গণতন্ত্র কথাটির প্রয়োগের মধ্যে একটা নূতন অর্থের ইঙ্গিত পাওয়া যাচ্ছে—যে অর্থে কি আঠারো কি উনিশ এমন কি বিশ শতকের প্রথমদিকেও এর প্রয়োগ চিন্তা করা যায় নি। আজকের দিনের গণতন্ত্র মধ্যযুগ-শোভন ব্যক্তিস্বাতন্ত্র্যে সম্পূর্ণ আস্থাহীন হয়ে শাসনতন্ত্রের অর্থনৈতিক রূপটিকেই আসল বলে মেনে নিয়েছে। তাই আজকের দিনের গণতান্ত্রিক শাসন-ব্যবস্থায় যেমন একটা বলিষ্ঠ সমাজ-চেতনা রূপ পেয়েছে তেমনি সামাজিক এবং রাষ্ট্রনৈতিক জীবনে প্রতিষ্ঠা পেয়েছে যে আদর্শ, যে নীতি, তার মূলমন্ত্র ব্যক্তিস্বাধীনতার নামে স্বার্থবুদ্ধি আর বিভেদ-জ্ঞান নয়, তার মূলমন্ত্র সামাজিক শুভবুদ্ধি এবং সার্বজনীন কল্যাণ।

রাষ্ট্রচিন্তার এই ধারাকে অনুবর্তন করে ভারতের নয়া শাসনতন্ত্রের প্রণয়ন যেন এক নূতন জীবনের পথ নির্দেশ করছে। সাম্য, স্বাধীনতা, মৈত্রী আর সামাজিক ও আর্থিক ন্যায়নিষ্ঠার বাণী ভারতীয় শাসনতন্ত্রের ভূমিকায় সম্মানের স্থান লাভ করেছে। এ ক্ষেত্রে যুদ্ধোত্তর জার্মানীর শাসননীতির সামাজিক ও অর্থনৈতিক আদর্শবাদ আমাদের শাসনতন্ত্রের প্রণেতাদের বিশেষভাবে প্রভাবিত করেছে বলে মনে হয়। শাসনতন্ত্রের তৃতীয় অধ্যায়ে জনসাধারণের যে মৌলিক অধিকারগুলির উল্লেখ আছে তাতে মানুষের সামাজিক, সাংস্কৃতিক এবং ধর্মজীবনে সাম্য এবং স্বাধীনতার আদর্শ স্পষ্টভাবে স্বীকৃত হয়েছে। অবশ্য 'সংকট কালে' রাষ্ট্রের প্রয়োজন অনুযায়ী এইসব অধিকারগুলিকে কিছুটা খর্ব করার ক্ষমতা শাসনব্যবস্থাকে দেওয়া হয়েছে—যার ফলে এই অধিকারগুলির গুরুত্ব কিছুটা হাল্কা হয়েছে স্বীকার করতেই হবে। তবে এই অধ্যায়েরই শেষভাগে এমন বিধানও করা হয়েছে যাতে এই সব অধিকারের যে কোনটি ক্ষুন্ন হলে প্রতি ব্যক্তিই আদালতের আশ্রয় গ্রহণ করতে থারবে। তা ছাড়াও

"অধিকার"-শ্রেণীর অন্তভুক্ত নয় এমন কতকগুলি নীতির নির্দেশ আছে, রাষ্ট্রপরিচালনায় যাদের মর্যাদা রক্ষা শাসন-ব্যবস্থায় নৈতিক কর্তব্যের মধ্যে গণ্য হবে। তবে যে আদর্শবাদ, যে নৈতিক বিচারবুদ্ধি শাসনতন্ত্রের এই অধ্যায়গুলিকে একটা বিশেষ মহিমায় প্রোজ্জ্বল করে তুলেছে, রূঢ় বাস্তবের সংঘর্ষে এই আদর্শবাদ, এই নৈতিক বিচারবুদ্ধির কতোটুকু অবশিষ্ট থাকবে তা চিন্তার বিষয়।

শাসনতন্ত্রের প্রণয়নে যে স্তরের মনীষা নিযুক্ত হয় তাতে আশা করা গিয়েছিল যে রাষ্ট্রব্যবস্থার পরিকল্পনায় কোন অবাঞ্ছিত নীতির আশ্রয় গ্রহণ করা হবে না। সভ্যজগতের শাসনতন্ত্রগুলির নির্যাস নিয়ে তিল তিল করে তিলোত্তমা গড়বার সুযোগ, সুবিধা এবং প্রয়াস যাঁরা পেয়েছিলেন, নববাষ্ট্রের পুরাতন ক্ষতগুলিকে পুনর্গঠিত শাসনতন্ত্রের ওষধি দিয়ে নিরাময় করে তোলার ভার যাদের ওপর ন্যস্ত ছিল, সংকোচ এবং দ্বিধার তাড়নায় তাঁদের যুক্তি অনেক জায়গায় হয়ে উঠেছে অস্পষ্ট, অসংবদ্ধ এবং অসম্পূর্ণ। তবু তার মধ্যে পাওয়া যায় একটা সমন্বয় সাধনের এমনি এক অসীম প্রয়াস যার সার্থকতা সম্বন্ধে প্রশ্ন উঠতে পারে কিন্তু যার সততা সম্বন্ধে কোন সন্দেহের অবকাশ নেই।

ভারতের নূতন শাসনতন্ত্রের যে শাসনব্যবস্থা পরিকল্পিত হয়েছে তাকে যুক্তরাষ্ট্রীয় বা 'ফেডারেল' বলা হলেও অনেকক্ষেত্রে কেন্দ্রকে এতো বেশী ক্ষমতা দেওয়া হয়েছে যাতে যুক্ত-রাষ্ট্রীয় শাসনব্যবস্থার সর্বপ্রধান অংগ প্রাদেশিক স্বায়ত্বশাসনের আদর্শ সমগ্রভাবে এই শাসনতন্ত্রের দ্বারা কিছুটা ক্ষুণ্ণ হয়েছে বলে মনে হয়। স্বাধীন ভারতে যুক্তরাষ্ট্রের সর্বময় কর্তা প্রেসিডেন্টের নামে প্রাদেশিক শাসনব্যবস্থা তো চলবেই, আর তা ছাড়াও আইনপ্রণয়ন ক্ষেত্রে কেন্দ্রীয় পার্লামেন্টকে প্রাদেশিক আইনসভা নিয়ন্ত্রণ করবার ব্যাপক ক্ষমতা দেওয়া হয়েছে। শাসনতন্ত্রের সপ্তম তপশিলে অন্তর্ভুক্ত যুক্তরাষ্ট্রীয় বা কেন্দ্রীয় তালিকায় যে ৯৭টি বিষয়ে কেন্দ্রের পূর্ণ কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়েছে তার মধ্যে অনেকগুলির জন্যেই প্রাদেশিক কর্তৃপক্ষ অবাঞ্ছিত-ভাবে কেন্দ্রের মুখাপেক্ষী হ'তে বাধ্য। এই তপশিলেই কেন্দ্র ও প্রদেশের সহগামী বা যুক্ত তালিকায় যে ৪৭টি বিষয়ের উল্লেখ আছে এদের সম্পর্কে কেন্দ্র যদি কোন ব্যবস্থা অবলম্বন করে, কেন্দ্রের বিধান চালু থাকবার সময় প্রদেশগুলি এ ব্যাপারে এমন কোন আইন প্রনয়ন করতে পারবেনা যাতে কেন্দ্রের অবলম্বিত ব্যবস্থায় কোনভাবে ব্যতিক্রম ঘটে। একই তপশিলে রাষ্ট্রীয় বা প্রাদেশিক তালিকায় যে ৬৬টি বিষয়ের উল্লেখ আছে সে বিষয়গুলি সম্পর্কে জাতীয় স্বার্থরক্ষার অজুহাতে শাসনতন্ত্রের ২৪৯ (১) অনুচ্ছেদে পার্লামেন্টকে হস্তক্ষেপের অধিকার দেওয়া হয়েছে। শাসনতন্ত্রের আঠারো খণ্ডে সংকটকালীন বিধান হিসাবে প্রেসিডেন্ট স্বতন্ত্র প্রাদেশিক ব্যবস্থা বিলুপ্ত করে এই শাসনভার স্বহস্তে গ্রহণের পর্যন্ত অধিকার পেয়েছেন—আবার এই খণ্ডেই জরুরী অবস্থার অজুহাতে পার্লামেন্টকে কেন্দ্রীয় তালিকার বাইরে যে কোন বিষয়ে আইন প্রণয়নের ক্ষমতা দেওয়া হয়েছে। অবশ্য ভারতের বিভিন্ন প্রদেশের মধ্যে সমতা সাধনের দ্বারা ভারতের সামগ্রিক উন্নতির কথা বিবেচনা করলে প্রাদেশিক ব্যাপারে এইভাবে কেন্দ্রীয় হস্তক্ষেপের সুযোগ দেওয়ার যৌক্তিকতা একেবারে অস্বীকার

করা যায় না। কারণ অনেকের মতে নীতির হিসাবে একটু সংকোচ থাকলেও প্রয়োজনের দিক দিয়ে ভারতের মতো সদ্য-স্বাধীন রাষ্ট্রের যুক্তরাষ্ট্রীয় শাসন ব্যবস্থাতেও কেন্দ্রের ক্ষমতাপ্রসারের সুযোগ থাকা দরকার।

নূতন শাসনতন্ত্র অনুযায়ী ভারতের শাসন ব্যবস্থা হবে নামত রাষ্ট্রপতিমূলক কিন্তু কার্যত মন্ত্রিসভামূলক। বর্তমান রাজনীতির মাপকাঠিতে আমেরিকার যুক্তরাষ্ট্র প্রথমটির নমুনা, ইংল্যাণ্ড দ্বিতীয়টির। ভারতের প্রেসিডেন্ট হবেন একজন অত্যন্ত জনপ্রিয় রাষ্ট্রনৈতিক নেতা কারণ তাঁকে সমস্ত প্রাদেশিক এবং কেন্দ্রীয় আইনসভায় নির্বাচিত সদস্যের ভোটে নির্বাচিত হতে হবে। তবু এমন পরিস্থিতি একেবারেই অসম্ভব নয় যখন প্রেসিডেন্ট তাঁর সমস্ত সমর্থন হারিয়ে পদচ্যুত হবার ভয়েই স্বৈরাচারী সেজে বসবেন। প্রেসিডেন্ট যদি তাঁর মন্ত্রীসভার সংগে হাত মিলিয়ে কাজ করেন, ভালই—তা যদি না করেন তবে শাসনতন্ত্র অনুযায়ী প্রেসিডেন্টের ইচ্ছেমতোই দেশ শাসিত হবার কথা, কারণ মন্ত্রীসভার কাজ শুধু প্রেসিডেন্টকে পরামর্শ এবং উপদেশ দেওয়া। ভারতে স্বৈরাচারী কোন প্রেসিডেন্টের আবির্ভাব ঘটলে পার্লামেন্ট বা মন্ত্রীসভার সংগে তাঁর সংঘর্ষ বাধা বিচিত্র নয়—আর সেই সংঘর্ষের সময় বর্তমান শাসনতন্ত্র অনুযায়ী তাঁকে নিয়ন্ত্রণ করা হবে সত্যি কঠিন। এ সময় প্রেসিডেন্ট যদি শাসনতন্ত্রের সুযোগ নিয়ে আত্মক্ষমতার ক্রমবিস্তারে মনোযোগী হন, তা'হলে ফ্রান্সে ফরাসী বিপ্লবের পরে একনায়ক নেপোলিয়নের উদ্ভব কিংবা দ্বিতীয় সাধারণতন্ত্রের (Second Republic) অবসান ঘটিয়ে সম্রাট তৃতীয় নেপোলিয়ানের আবির্ভাবের মতো অবস্থা ভারতে যে দেখা দেবেনা এ সম্বন্ধে নিশ্চয় করে কিছু বলা কঠিন।

তবে নূতন শাসনতন্ত্র অনুযায়ী এটা আশা করা অসংগত নয় যে এমন কোন পরিস্থিতির সম্ভাবনা সম্বন্ধে ভারতের আইনপরিষদ যথেষ্টভাবে সচেতন থাকবেন। পরিষদ যদি দৃঢ়তার সংগে জনমত পরিচালনা করতে সমর্থ হন তবে শাসনতন্ত্রের ৬১ এবং ১১১ অনুচ্ছেদে প্রেসিডেন্টের স্বৈরাচারী আচরণ নিয়ন্ত্রণ করা সহজসাধ্য হয়ে উঠবে।

ভারতের শাসনতন্ত্রে বিলাতি এবং মার্কিন প্রথার আদর্শ সংমিশ্রন হয়েছে বলে যাঁরা বিশ্বাস করেন তাদের মধ্যেও অনেকে স্বীকার করেন যে এ সংমিশ্রনে কোনটিরই কার্যকারিতা সম্পূর্ণভাবে অব্যাহত থাকবেনা। কারণ এ সংমিশ্রন নেহাৎই নীতির সংমিশ্রন—ব্যবহারিক ক্ষেত্রে এর উপযোগিতা নির্ভর করবে ভারতীয় রাজনীতির গতি, প্রকৃতি এবং প্রতিক্রিয়াশীল জনমতের ওপরে। তবে আশা করা যায় যে নয়া শাসনতন্ত্রের কাঠামোর ওপর ভিত্তি করেই ভারতীয় যুক্তরাষ্ট্র আপন অগ্রগতির সংগে সংগে আরও উপযোগী আইনপ্রনয়নে সমর্থ হবে; এরই মধ্যে জনসাধারণের মনে একটা রাজনৈতিক চেতনা ও সর্বাঙ্গীণ বিকাশ লাভের প্রয়োজন-বোধ জেগে উঠেছে—যে জনজাগরণের মূল্য জাতীয় স্বার্থের হিসাবে অপরিমেয়।

THE PRESIDENCY COLLEGE MAGAZINE

The Editor's Greetings

IN presenting to our readers this issue of the *Presidency College Magazine*, the editor claims no more than usual credit for the 'fulfilment' of what he considers to be a great task. The word within inverted commas seems not to be the word proper, because the *fulfilment* of which he speaks has been, in reality, hardly anything more than a bare and literal performance of duty. Our readers are never tired of insisting that nothing today is more important about the *Magazine* than the tradition that has been built up for it through years of conscious effort, and that nothing is more incumbent upon its editor than the maintenance of this tradition.

It is indeed a pride and a privilege for an invididual to have been the guardian of this tradition for a year; but it is a pride and a privilege that make for responsibility. At every stage of the progress of his work, it became apparent to the present editor that it costs the keenest of intellectual pains to preserve, let alone enrich, the tradition that is *Presidency College Magazine* ; so that even if his 'achievements'—again an improper word—look rather small beside those of his predecessors, sympathy will surely impart a mildness to criticisms which would otherwise be severe. To many the editor, thus, owes a deep apology—an apology that might better be accepted in print.

Exercising the privilege that goes with his office, the editor also extends his cordial welcome to those who have entered the portals of this ancient institution. Education here has always been a true adventure of the spirit and not that stale stereotype which elsewhere it is. It moulds our outlook in a fashion that prepare us for an easy perception of values that are for all time ; so that the editor, in bidding good-bye to the readers—the present issue brings his period of office to a close—leaves behind him this token of his love and regard for an institution to which no service is too great.

The Liberal Ideal

PROF. AMLAN DATTA—*Ex-Student*

ALMOST all over the civilised world liberalism is in disgrace today. It has been trampled on by the Fascists, held in bitter contempt by the Communists, confidently criticised by the Socialists and only apologetically defended by the Liberals themselves. And it is not for nothing that liberalism has met this fate. Liberal institutions have failed ; they have failed to satisfy the only test that counts, the test of their adequacy to meet the problems of our time.

Liberal insitutions have failed to fulfil the promise that they once held out so confidently. Yet the failure of liberal institutions does not mean the failure of all that liberalism stood for. Liberalism stood for a certain spirit, certain ideals which it thought could be realised through the institutions it came to defend. We may be firmly convinced of the inadequacy of these institutions and yet recognise the value of the ideal liberalism preached. The suggestion that what liberalism preached as an ideal may have a more permanent value than what it taught about social institutions need not appear surprising. It is not unoften that statements of differing degrees of generality find place within the fold of a single system of thought; and even when some of these statements are rendered obsolete with the passage of time, other statements of a more durable nature may retain their right to recognition. It is only in a limited sense that a doctrine is apt to be all of a piece ; and in practice we may even reject a doctrine—as we may reject liberalism—while we take over the more permanent part of its contribution.

In claiming that the liberal ideal has not lost its value even though liberal institutions stand discredited, it is not suggested that the ideal has completely escaped the influence of the institutions. As a matter of fact, even the theoretic conception of the ideal has been, in the case of many liberal thinkers, rendered confused and incomplete through the influence of mistaken ideas on economic and political institutions. To take at this stage only one example, liberal economic doctrine toyed with the idea of "the economic man", and it can reasonably be suggested that this idea obstructed the working out by the liberals of such a complete conception of human nature as an adequate statement of their ideal requires. Yet with all its incompleteness, the liberal ideal has a heart that deserves respect. And liberals with a clear recognition of this essence of their creed have not been entirely absent

* * * * *

The essence of the liberal ideal lies in its insistence on the value of the individual. Spiritually, individualism and liberalism are inseparable associates. The individual, it has been asserted, is the ultimate centre of all experiences ; happiness is a state of consciousness that in any final analysis can only belong to the individual ; and therefore the happiness of society as a whole can only mean the aggregate happiness of the individuals who compose it. If happiness is a good, it is individual happiness which ought to be promoted. It has further been asserted that while every individual is a member of a community, he is in a quite fundamental sense unique ; that even when his experiences resemble those of others, the way and the order in which he receives them are stamped with his own individuality, and it is a violence to his nature to force him to integrate his experiences in conformity with a generally prescribed pattern. The individual in short should have maximum freedom to arrive at such unique integration of his personality as his distinctive nature demands. Freedom of the individual being the supreme end neither custom nor tradition nor any institution, nor even the state, may claim the allegiance of the individual irrespective of its function in promoting freedom. Restriction on the freedom of any individual is never desirable as such, but should only be introduced when it is calculated to extend to a greater degree the freedom of others.

In what has been stated above the crucial propositions are, firstly, that the happiness of the individual is supremely valuable and secondly that the individual should have maximum opportunity to develop his own distinctive personality. These two propositions are not unrelated. It has been claimed that happiness of the individual depends on the freedom that he enjoys to develop his individuality, on his power and opportunity to integrate his impulses and experiences in a spirit of sympathetic acceptance of their peculiar character. When external compulsion results in the repression of some vital human impulse, there is often a tendency for the repressed impulse to take revenge by reappearing in a form which is both less conducive to the inner contentment of the individual and more antisocial than the originally repressed desire. To take an example, the impulse of love, when checked, may issue in the form of corroding cynicism or even of wanton cruelty. In the interest of individual happiness it is necessary that society should be reluctant to repress individuality and should be enthusiastic in its promotion. It has further been claimed that active promotion of individuality is calculated to assist not only individual happiness, but also social progress. It is possible to confront this claim with the objection that what is valuable for social progress (and for individual happiness alike) is not all types of freedom but only certain chosen types. It may, for instance, be urged that freedom to create beauty is valuable while freedom to produce ugliness is repugnant, freedom to experiment with truth is desirable, while freedom to propagate falsehood is harmful, that in short

the value of freedom depends on the ends that it serves.* A full consideration of such objections may lead one to introduce greater balance in one's emphasis on freedom, but need not induce one to withdraw that emphasis. It is good indeed to recognise that a certain basic discipline is often necessary in order that freedom may be fruitful, but the value of such discipline lies ultimately in its power to extend freedom and to enable us to undertake adventures in realms that were previously closed to us. Where imposed discipline is glorified without reference to its relation to freedom, both happiness and progress stand in danger of being sacrificed. Hence the importance of emphasizing that freedom and not discipline is of primary value.

